পরিভাষা প্রদীপঃ।

চরকসংহিতা-সুশ্রুতসংহিতা-ভাবপ্রকাশ-শার্ঙ্গধর-রসেন্দ্রসার-সংগ্রহ-
সম্পাদকানুবাদকায়ুর্ব্বেদসংগ্রহ-পাচনসংগ্রহ-দ্রব্যগুণ-নাড়ী-
বিজ্ঞানায়ুর্ব্বেদ-প্রদীপপ্রভৃতিগ্রন্থকারেণ

কবিরাজ-শ্রীদেবেন্দ্রনাথ সেন গুপ্তেন

তথা

কবিরাজ-শ্রীউপেন্দ্রনাথ সেন গুপ্তেন

অনূদিতঃ সংশোধিতঃ প্রকাশিতশ্চ।

দ্বিতীয়সংস্করণম্।

কলিকাতারাজধান্যাং

কলুটোলাষ্ট্রীট ৭০ সপ্ততিসংখ্যকভবনস্থ—ধন্বন্তরিষ্টিম্‌মেশিনযন্ত্রে

শ্রীদীননাথ দেবেন মুদ্রিতঃ।

ভূমিকা।

আয়ুর্ব্বেদীয় পরিভাষা-প্রদীপ মুদ্রিত ও প্রকাশিত হইল। সুচিকিৎসক বলিয়া যথার্থরূপে প্রতিষ্ঠিত হইতে হইলে শাস্ত্রজ্ঞান, ভূয়োদর্শন, রোগনির্ণয় ও যথাশাস্ত্র ব্যবস্থাবিধান যেরূপ প্রয়োজনীয়—যথাযথ নিখুঁতভাবে ঔষধ প্রস্তুত শিক্ষাকরণও সেইরূপ বা ততোধিক প্রয়োজনীয়। পরিভাষায় সম্যক্ ব্যুৎপন্ন না হইলে দ্রব্যসকলের পরিমাণাদি, ঔষধমোদকাদির প্রস্তুত বিধি, তৈলঘৃতগুড়াদির পাকপ্রণালী বিষয়ে জ্ঞান জন্মে না। পরিভাষা ব্যতিরেকে যখন ঔষধাদির প্রস্তুত বিধি সহজে অবগত হইবার অন্য কোন উপায় নাই, তখন চিকিৎসক বলিয়া অভিহিত হইতে হইলে পরিভাষাগ্রন্থ পাঠ করা যে একান্ত কর্ত্তব্য তাহা নিষ্প্রয়োজন।

যদিও প্রাচীনগ্রন্থসমূহে পরিভাষোক্ত বিষয়গুলি বিক্ষিপ্তভাবে উল্লিখিত হইয়াছে, এবং বৃদ্ধবৈদ্যানুমোদিত কতিপয় পরিভাষাও দেখিতে পাওয়া যায়, কিন্তু সেই সকল বিরোধযুক্ত বচনসমূহ দ্বারা পারিভাষিক ফলিতার্থ বোধ করা এক প্রকার অসাধ্য। সেই জন্য একখানি সুমীমাংসিত পরিভাষাগ্রন্থের অভাব অনুভব করিয়া আমরা মহামতি গোবিন্দ সেন কৃত পরিভাষা-প্রদীপ নামক সংগ্রহগ্রন্থ মুদ্রিত করিলাম। এই পরিভাষা-প্রদীপ চারি খণ্ডে বিভক্ত ও অনতিবিস্তৃত গ্রন্থ; এই গ্রন্থোক্ত বিষয় সকলের শ্রেণীভাগ, ক্রমবিন্যাস ও বিরুদ্ধ বচন সকলের মীমাংসা অতি সুন্দর। কিন্তু গ্রন্থের যে কয়েক খানি পাণ্ডুলিপি সংগৃহীত হইয়াছিল, তাহা দেখিয়া মুদ্রাঙ্কণের আশা একপ্রকার বিলুপ্তই হইয়া ছিল। কারণ পাণ্ডুলিপি সকলের পাঠ অনেক স্থলে বিভিন্ন, মূল অবিশুদ্ধ, এবং টীকাও অপাঠ্য। স্থানে স্থানে মূল ও টীকার পাঠ এমন বিকৃত যে তাহা দেখিয়া অর্থপ্রতীতিই হয় না। উক্ত কারণেই এতাবৎকাল অনেক মহাত্মা এ বিষয়ে পূর্ব্বে হস্তক্ষেপ করিয়াছিলেন কিন্তু কেহই এই পরিভাষা পুস্তক প্রকাশিত করিতে সফলকাম হয়েন নাই। এই সকল কারণে স্বল্পায়তন হইলেও পুস্তক খানিতে আমাদিগকে কিরূপ পরিশ্রম করিতে হইয়াছে তাহা কৃতবিদ্যগণ অনায়াসেই হৃদয়ঙ্গম করিতে পারিবেন।

এক্ষণে সাহস করিয়া বলা যাইতে পারে যে, পরিভাষাপ্রদীপ সাধারণের উপযোগী হইয়া এতদিনে প্রকাশিত হইল। ইহাতে মূল টীকা ও তদনুগত সরল বঙ্গানুবাদ প্রদত্ত হইয়াছে। চিকিৎসক, শিক্ষার্থী ও আয়ুর্ব্বেদানুশীলনকারী ব্যক্তি মাত্রেরই নিকট এই গ্রন্থখানি যে একান্ত প্রয়োজনীয় তাহা নিঃসংশয়ে বলা যাইতে পারে। ইহাতে বিভিন্ন প্রকারের মান, অভাবে দ্রব্যগ্রহণ, আর্দ্র ও শুষ্কভেদে দ্রব্য গ্রহণ বিধি, কাথ ও স্নেহাদিসাধন বিধি, পক্ব স্নেহাদির স্থিতিকাল, বমন বিরেচনাদি পঞ্চকর্ম্ম, ধূম, কবল, গণ্ডূষ, রক্তমোক্ষণ প্রভৃতি বিষয় ও পারিভাষিক শব্দ সকল সুন্দর ভাবে বিবৃত হইয়াছে। অস্মৎপ্রকাশিত অন্যান্য গ্রন্থের ন্যায় ইহাও যে চিকিৎসক সমাজে সম্যক্ আদৃত হইবে এরূপ আশা এক্ষণে করা যাইতে পারে।

অতি কৃতজ্ঞহৃদয়ে এস্থলে বক্তব্য—আমাদের এই আয়ুর্ব্বেদ বিদ্যালয়ের সুযোগ্য আয়ুর্ব্বেদাধ্যাপক পূজ্যপাদ শ্রীযুক্ত প্রসন্নকুমার বন্দ্যোপাধ্যায় বিদ্যারত্ন মহাশয় ও বন্ধুপ্রবর ভক্তিভাজন শ্রীযুক্ত চন্দ্রশেখর কাব্যচুঞ্চু কাব্যতীর্থ কবিরত্ন কবিরাজ মহাশয় এবং লব্ধপ্রতিষ্ঠ কবিরাজ শ্রীযুক্ত কুঞ্জবিহারী কাব্যতীর্থ ধন্বন্তরি মহাশয় এই পুস্তকের সঙ্কলন সংস্করণ ও অনুবাদ বিষয়ে যে অসাধারণ যত্ন ও পরিশ্রম করিয়াছেন, তজ্জন্য আমরা তাঁহাদের নিকট চিরকৃতজ্ঞ রহিলাম। সুচিকিৎসক শ্রীযুক্ত কার্ত্তিকচন্দ্র কবিভূষণ, আয়ুর্ব্বেদ বিদ্যালয়ের কৃতবিদ্য ছাত্র শ্রীমান্ শ্যামনীরদ সেন গুপ্ত বৈদ্যরত্ন ও শ্রীমান্ যতীন্দ্রভূষণ গুপ্ত চৌধুরী বৈদ্যরত্ন এবিষয়ে যথেষ্ট পরিশ্রম করিয়াছেন।

শ্রীদেবেন্দ্রনাথ সেন কবিরাজ
ও
শ্রীউপেন্দ্রনাথ সেন কবিরাজ

সূচীপত্র।

চতু[illegible] গুচ্ছ

পরিভাষা প্রদীপঃ

প্রথমঃ খণ্ডঃ।

নমোঽস্তু নীরদস্বচ্ছ-বপুষে পীতবাসসে।
যস্যাস্যেন্দুসুধাং বংশী পপৌ শব্দস্বরূপিণী ॥
কৃষ্ণবল্লভসেনস্য তনুজেন বিতন্যতে।
শ্রীমদ্গোবিন্দসেনেন পরিভাষাপ্রদীপকঃ ॥
পূর্ব্বৈর্ম্মুনিভিরাদিষ্টা স্বে স্বে তন্ত্রে ক্বচিৎ ক্বচিৎ।
পরিভাষা ময়া সা সা সমাহৃত্য বিলিখ্যতে ॥
ধ্বান্তে পথি চরিষ্ণূণাং যথা দীপঃ প্রদর্শকঃ।
নানাশাস্ত্রজ্ঞভিষজাং সংগ্রহোঽয়ং তথা ভবেৎ ॥

প্রথম খণ্ড।

শব্দস্বরূপিণী বাগ্‌দেবী বংশীচ্ছলে যাঁহার মুখেন্দুসুধা পান করিয়াছিলেন—সেই নীরদনির্ম্মলবপুঃ পীতাম্বরধারী শ্রীকৃষ্ণকে নমস্কার করি। কৃষ্ণবল্লভসেনের তনয় শ্রীমান্ গোবিন্দ সেন কর্ত্তৃক এই পরিভাষা-প্রদীপ নামক গ্রন্থ সংগৃহীত হইতেছে। প্রাচীন মুনিগণ নিজ নিজ গ্রন্থে যে সকল পরিভাষা বিক্ষিপ্তভাবে উল্লেখ করিয়াছেন, আমি সেই গুলি সংগ্রহ করিয়া যথাযথ ভাবে লিপিবদ্ধ করিতেছি। অন্ধকারে গমনশীল পথিকের প্রদীপ যেমন পথপ্রদর্শক, নানাশাস্ত্রবিৎ চিকিৎসকগণের এই

খণ্ডৈশ্চতুর্ভিরাদিষ্টঃ সংগ্রহো নাতিবিস্তরঃ।
বৈদ্যাঃ কুর্ব্বন্তুত্র যত্নং ব্যবহারার্থমুদ্যতাঃ ॥
অব্যক্তানুক্তলেশোক্ত-সন্দিগ্ধার্থপ্রকাশিকাঃ।
পরিভাষাঃ প্রকথ্যন্তে দীপীভূতাঃ সুনিশ্চিতাঃ ॥ ১ ॥

অথ প্রথমতো মানসূত্রং লিখ্যতে।

পরিমাণং বিনা ক্বাপি নাগদাজ্জায়তে ফলম্।
তস্মাৎ সর্ব্বে যতন্তেঽত্র পরিমাণবিধৌ সদা ॥ ২ ॥

শার্ঙ্গধরস্ত্বাহ

ন মানেন বিনা যুক্তির্দ্রব্যাণাং জায়তে ক্বচিৎ।
অতঃ প্রয়োগকার্য্যার্থং মানমত্রোচ্যতে ময়া ॥ ৩ ॥

অন্যচ্চ

মানাপেক্ষিতমাচার্য্যা ভেষজানাং প্রকল্পনম্।
মেনিরে যৎ ততো মানমুচ্যতে পারিভাষিকম্ ॥ ৪ ॥

তত্তু (মানং) মতভেদান্নানাবিধং ভবতি ॥ ৪ ॥

সংগ্রহও সেইরূপ প্রকাশক হইবে। ইহা চারিখণ্ডে বিভক্ত ও অনতিবিস্তৃত; অতএব প্রয়োগেচ্ছু চিকিৎসকগণের ইহা আদরণীয় হইবে; অন্ধকার স্থানে দীপ যেমন সকল বস্তুর প্রকাশক হয়, তদ্রূপ আয়ুর্ব্বেদশাস্ত্রে যে সকল বিধি অব্যক্ত অনুক্ত বা ঈষদ্ব্যক্ত অথবা সন্দেহযুক্ত, পরিভাষা তাহাদের প্রকাশক হইয়া থাকে ॥ ১ ॥

অনন্তর প্রথমে মানসূত্র লিখিত হইতেছে—

পরিমাণ ব্যতিরেকে ঔষধে কুত্রাপি ফল হয় না; তজ্জন্য চিকিৎসকগণ পরিমাণনিয়মে সর্ব্বদা দৃষ্টি রাখিবেন। শার্ঙ্গধরও বলেন—মানপরিজ্ঞান ভিন্ন কখনই ভেষজদ্রব্যের যোগক্রিয়া সম্পন্ন হইতে পারে না; অতএব প্রয়োগকার্য্যার্থ পারিভাষিক পরিমাণ লিখিত হইতেছে। আর আচার্য্যগণ ঔষধের কল্পনাকে মানাপেক্ষিণী বলিয়া মনে করেন, সেই হেতুও পারিভাষিক মান কথিত হইতেছে ॥ ২—৪ ॥

অথ কালিঙ্গপরিভাষা।

জালান্তরগতৈঃ সূর্য্যকরৈর্বংশী*বিলোক্যতে।
ষড় বংশীভির্মরীচিঃ স্যাৎ তাভিঃ ষড় ভিশ্চ রাজিকা॥
তিসৃভীরাজিকাভিশ্চ সর্ষপঃ প্রোচ্যতে বুধৈঃ।
যবোঽষ্টসর্ষপৈঃ প্রোক্তো গুঞ্জা স্যাৎ তচ্চতুষ্টয়ম্॥
ষড় ভিশ্চ রক্তিকাভিঃ স্যান্মাষকো হেমধামকৌ॥
মাষৈশ্চতুর্ভিঃ শাণঃ স্যাদ্ধরণঃ তন্নিগদ্যতে॥
টঙ্কঃ স এব কথিতস্তদ্দ্বয়ং কোল উচ্যতে।
ক্ষুদ্রো মোরটকশ্চাপি দ্রংক্ষণঃ স নিগদ্যতে॥
কোলদ্বয়ঞ্চ কর্ষঃ স্যাৎ স প্রোক্তঃ পাণিমানিকঃ।
অক্ষঃ পিচুঃ পাণিতলং কিঞ্চিৎ পাণিশ্চ তিন্দুকম্॥
বিড়ালপদকঞ্চৈব তথা ষোড়শিকা মতা।
করমধ্যো হংসপদং সুবর্ণং কবড়গ্রহঃ॥

এতদ্বিষয়ে ভিন্ন ভিন্ন মত আছে, তন্মধ্যে প্রথমে কালিঙ্গমান কথিত হইতেছে।

গবাক্ষাদিগত সূর্য্যকিরণের মধ্যে যে ক্ষুদ্র ক্ষুদ্র পদার্থবিশেষ দেখা যায়, তাহাকে বংশী বা ধ্বংসী কহে। এইরূপ ৬ বংশীতে এক মরীচি, ৬ মরীচিতে ১ রাজিকা, ৩ রাজিকাতে ১ সর্ষপ, ৮ সর্ষপে ১ যব, ৪ যবে ১ গুঞ্জা এবং ৬ গুঞ্জাতে ১ মাষা হইয়া থাকে ; মাষার অপর নাম হেম ও ধামক। ৪ মাষায় এক শাণ; শাণকে ধরণ ও টঙ্ক কহে। ২ শাণে ১ কোল (তোলা); কোলের অপর নাম ক্ষুদ্র, মোরটক ও দ্রংক্ষণ। ২ কোলে ১ কর্ষ ; কর্ষের নামান্তর—পাণিমাণিক, অক্ষ, পিচু, পাণিতল, কিঞ্চিৎ, পাণি, তিন্দুক, বিড়ালপদক, ষোড়শিকা, করমধ্য, হংসপদ, সুবর্ণ, কবড়গ্রহ

* [illegible]

উড়ুম্বরঞ্চ পর্য্যায়ৈঃ কর্ষ এব নিগদ্যতে।
স্যাৎ কর্ষাভ্যামর্দ্ধপলং শুক্তিরষ্টমিকা তথা ॥
শুক্তিভ্যাঞ্চ পলং জ্ঞেয়ং মুষ্টিমাম্রঞ্চতুর্থিকাঃ।
প্রকুঞ্চঃ ষোড়শী বিল্বং পলমেবাত্র কীর্ত্ত্যতে ॥
পলাভ্যাং প্রসৃতির্জ্ঞেয়া প্রসৃতঞ্চ নিগদ্যতে।
প্রসৃতিভ্যামঞ্জলিঃ স্যাৎ কুড়বোঽর্দ্ধশরাবকঃ ॥
অষ্টমানঞ্চ স জ্ঞেয়ঃ কুড়বাভ্যাঞ্চ মাণিকা।
শরাবোঽষ্টপলং তদ্বজ্‌জ্ঞেয়মত্র বিচক্ষণৈঃ ॥
শরাবাভ্যাং ভবেৎ প্রস্থশ্চতুঃপ্রস্থৈস্তথাঢ়কম
ভাজনং কংসপাত্রেচ চতুঃষষ্টিপলঞ্চ তৎ ॥
চতুর্ভিরাঢ়কৈর্দ্রোণঃ কলসো নল্বণোঽর্ম্মণঃ।
উন্মানঞ্চ ঘটো রাশির্দ্রোণপর্য্যায়সংজ্ঞিতঃ ॥
দ্রোণাভ্যাং সূর্পকুম্ভে চ চতুঃষষ্টিশরাবকঃ।
সূর্পাভ্যাঞ্চ ভবেদ্দ্রোণী বৃহদ্দ্রোণী চ সা স্মৃতা * ॥

ও উড়ুম্বর। ২ কর্ষে অর্দ্ধপল ; অর্দ্ধপলকে শুক্তি ও অষ্টমিকা কহে। ২ শুক্তিতে ১ পল ; পলের পর্য্যায়—মুষ্টি, আম্র, চতুর্থিকা, প্রকুঞ্চ, ষোড়শী ও বিল্ব। ২ পলে ১ প্রসৃতি বা প্রসৃত। ২ প্রসৃতিতে ১ অঞ্জলি, অঞ্জলির পর্য্যায়—কুড়ব, অর্দ্ধশরাব ও অষ্টমান। ২ কুড়বে ১ মাণিকা, অর্থাৎ ১ শরাব বা অষ্টপল। ২ শরাবে ১ প্রস্থ, ৪ প্রস্থে ১ আঢ়ক ; ইহার অন্য নাম—ভাজন, কংস ও পাত্র অর্থাৎ ৬৪ পল। ৪ আঢ়কে ১ দ্রোণ ; দ্রোণের পর্য্যায় যথা—কলস, নল্বণ, অর্ম্মণ, উন্মান, ঘট ও রাশি। ২ দ্রোণে ১ সূর্প বা কুম্ভ অর্থাৎ চতুঃষষ্টি শরাব। ২ সূর্পে ১ দ্রোণী বা (বাহ)

* সূর্পাভ্যাঞ্চ ভবেদ্দ্রোণীবাহো গোণী চ সা স্মৃতেতি ভাবপ্রকাশে পাঠঃ।

দ্রোণীচতুষ্টয়ং খারী কথিতা সূক্ষ্মবুদ্ধিভিঃ।
চতুঃসহস্রপলিকা ষণ্ণবত্যধিকা চ সা ॥
পলানাং দ্বিসহস্রঞ্চ ভার একঃ প্রকীর্ত্তিতঃ।
তুলা পলশতং জ্ঞেয়া সর্ব্বত্রৈব বিনিশ্চয়ঃ ॥ ৫ ॥
মাষটঙ্কাক্ষবিল্বানি কুড়বঃ প্রস্থ আঢ়কঃ।
রাশির্দ্রোণী খারী চেতি যথোত্তরচতুর্গুণাঃ ॥ ৬ ॥
গুঞ্জাদিমানমারভ্য যাবৎ স্যাৎ কুড়বস্থিতিঃ।
দ্রবার্দ্রশুষ্কদ্রব্যাণাং তাবন্মানং সমং মতম্ ॥
প্রস্থাদিমানমারভ্য দ্বিগুণঞ্চ দ্রবার্দ্রয়োঃ।
মানং তথা তুলায়াশ্চ দ্বিগুণং ন ক্বচিৎ স্মৃতম্ ॥ ৭ ॥
মৃদ্বৃক্ষবেণুলৌহাদের্ভাণ্ডং যচ্চতুরঙ্গুলম্।
বিস্তীর্ণঞ্চ তথোর্দ্ধঞ্চ তন্মানং কুড়বং বদেৎ ॥ ৮ ॥

বৃহদ্দ্রোণী। ৪ দ্রোণীতে ১ খারী অর্থাৎ ৪০৯৬ পল। ২০০০ পলে ১ ভার। ১০০ পলে ১ তুলা। মাষ, টঙ্ক, অক্ষ, বিল্ব, কুড়ব, প্রস্থ, আঢ়ক, রাশি, দ্রোণী ও খারী, ইহারা যথাক্রমে চারি চারি গুণ অধিক অর্থাৎ ৪ মাষায় ১ টঙ্ক. ৪ টঙ্কে ১ অক্ষ ইত্যাদি ॥ ৫।৬ ॥

গুঞ্জা হইতে কুড়ব পর্য্যন্ত দ্রব কি আর্দ্র (কাঁচা) কি শুষ্ক সকল দ্রব্যেরই পরিমাণ সমান সমান। কিন্তু প্রস্থ পরিমাণ হইতে দ্রব ও আর্দ্রবস্তু দ্বিগুণ পরিমাণে গৃহীত হইয়া থাকে, অর্থাৎ কোন দ্রব বা কাঁচা বস্তু ১ প্রস্থ লইতে বলিলে ১ প্রস্থ (/২ সের) না লইয়া ২ প্রস্থ (/৪ সের) লইতে হইবে ; কিন্তু তুলামানের দ্বিগুণ কখন গৃহীত হয় না ॥ ৭ ॥

মৃত্তিকা, কাষ্ঠ, বংশ ও লৌহাদি নির্ম্মিত চতুরঙ্গুল বিস্তীর্ণ ও চতুরঙ্গুল গভীর পাত্রের যে পরিমাণ অর্থাৎ তাহাতে যে পরিমিত পদার্থ অবস্থিতি করিতে পারে, সেই পরিমাণ এক কুড়ব ॥ ৮ ॥

যদৌষধস্তু প্রথমং যস্য যোগস্য কথ্যতে।
তন্নাম্নৈব স যোগো হি কথ্যতে তত্র নিশ্চয়ঃ ॥ ৯ ॥

ইতি কালিঙ্গপরিভাষা।

অথ মাগধমানম্।

ত্রসরেণুস্তু বিজ্ঞেয়ঃ ত্রিংশতা পরমাণুভিঃ।
ত্রসরেণোস্তু পর্য্যায় নাম্না বংশী নিগদ্যতে ॥
ষড়্‌বংশীভির্মরীচিঃ স্যাৎ ষণ্মরীচ্যাস্তু সর্ষপঃ।
ষট্‌সর্ষপৈর্যবস্ত্বেকো গুঞ্জৈকা চ যবৈস্ত্রিভিঃ ॥
গুঞ্জাভির্দশভিঃ প্রোক্তো মাষকো ব্রহ্মণা পুরা।
হেমশ্চ ধামকশ্চৈব পর্য্যায়স্তস্য কীর্ত্তিতঃ ॥
চতুর্ভির্মাষকৈঃ শাণঃ স নিষ্কষ্টঙ্ক এব চ। *
শাণৌ দ্বৌ দ্রংক্ষণং বিদ্যাৎ কোলং বটকমেব চ

যে যোগে যে ঔষধ প্রথমে উক্ত হয়, সেই যোগ সেই ঔষধের নামে কথিত হইয়া থাকে। যেমন লবঙ্গাদি বটীতে "লবঙ্গশুণ্ঠীমরিচানি" ইত্যাদি, প্রথমে লবঙ্গ উক্ত হইয়াছে। ৯।

।কালিঙ্গপরিভাষা সমাপ্তা।।

অতঃপর মাগধমান কথিত হইতেছে—

ত্রিশ পরমাণুতে ১ ত্রসরেণু, ত্রসরেণুর অপর নাম বংশী। ৬ বংশীতে ১ মরীচি ৬ মরীচিতে ১ সর্ষপ। ৬ সর্ষপে ১ যব। ৩ যবে ১ গুঞ্জা। ১০ গুঞ্জায় ১ মাষা মাষার পর্য্যায়—হেম ও ধামক। ৪ মাষায় ১ শাণ; শাণের অন্য নাম নিষ্ক ও টঙ্ক কেহ কেহ ধরণ শব্দও শাণের নামান্তর বলেন। ২ শাণে ১ দ্রংক্ষণ; দ্রংক্ষণে

---

* ধরণশব্দোঽত্র বোধ্যঃ অস্যত্র শাণপর্য্যায়ে লিখিতত্বাৎ।

কর্ষার্দ্ধং দ্বিগুণং কর্ষং সুবর্ণঞ্চাক্ষমেব চ।
কিঞ্চিদ্বিড়ালপদকং পিচুঃ পাণিতলং তথা॥
উড়ুম্বরং তিন্দুকঞ্চ কবড়গ্রহমেব চ।
দ্বে সুবর্ণে পলার্দ্ধং স্যাৎ শুক্তিরষ্টমিকা তথা॥
দ্বে পলার্দ্ধে পলং মুষ্টিঃ প্রকুঞ্চশ্চ চতুর্থিকা।
বিল্বং ষোড়শিকাম্রঞ্চ দ্বে পলে প্রসৃতং বিদুঃ॥
কুড়বঃ প্রসৃতাভ্যাং স্যাদঞ্জলিঃ স নিগদ্যতে।
অষ্টমানং শরাবার্দ্ধং তস্য পর্য্যায়মেব চ॥
কুড়বাভ্যাং মাণিকা স্যাৎ শরাবোঽষ্টপলং তথা।
মাণিকাভ্যাং ভবেৎ প্রস্থো জ্ঞেয়ঃ ষোড়শভিঃ পলৈঃ॥
চতুঃপ্রস্থৈরাঢ়কঃ স্যাৎ পাত্রং কংসশ্চ ভাজনম্।
অয়ং ভিষগ্‌ভিরাখ্যাতশ্চতুঃষষ্টিপলৈরিহ॥
চতুর্ভিরাঢ়কৈর্দ্রোণঃ কথিতঃ পূর্ব্বসূরিভিঃ।
ঘটঃ কলস উন্মানো লম্বণোঽর্ম্মণ এবচ॥
দ্রোণপর্য্যায়নামানি কীর্ত্তিতানি ভিষগ্বরৈঃ।
অয়ঞ্চ পলসংখ্যাতঃ ষট্‌পঞ্চাশচ্ছতদ্বয়ম্॥

পর্য্যায়—কোল, বটক ও কর্ষার্দ্ধ। ২ দ্রংক্ষণে ১ কর্ষ; কর্ষের অপর নাম—সুবর্ণ, অক্ষ, কিঞ্চিৎ, বিড়ালপদক, পিচু, পাণিতল, উড়ুম্বর তিন্দুক ও কবড়গ্রহ। ২ কর্ষে পলার্দ্ধ; পলার্দ্ধকে শুক্তি ও অষ্টমিকা কহে। ২ পলার্দ্ধে ১ পল; পলের পর্য্যায়—মুষ্টি, প্রকুঞ্চ, চতুর্থিকা, বিল্ব, ষোড়শিকা ও আম্র। ২ পলে ১ প্রসৃত; ২ প্রসৃতে ১ কুড়ব; কুড়বের নামান্তর—অঞ্জলি, অষ্টমান ও শরাবার্দ্ধ। ২ কুড়বে ১ মাণিকা; অর্থাৎ শরাব বা অষ্টপল। ২ মাণিকায় ১ প্রস্থ বা ১৬ পল। ৪ প্রস্থে ১ আঢ়ক; আঢ়কের পর্য্যায়—পাত্র, কংস ও ভাজন অর্থাৎ ৬৪ পল ৪ আঢ়কে ১ দ্রোণ; দ্রোণের অন্য নাম—ঘট, কলস, উন্মান, লম্বণ ... অ

দ্রোণাভ্যাং সূর্পকুম্ভৌ চ চতুঃষষ্টিশরাবকঃ।
সূর্পাভ্যাঞ্চ ভবেদ্দ্রোণী বৃহদ্দ্রোণী চ সা স্মৃতা *।
দ্রোণীচতুষ্টয়ং খারী কথিতা সূক্ষ্মবুদ্ধিভিঃ।
চতুঃসহস্রপলিকা ষণ্ণবত্যধিকা চ সা॥
তুলা পলশতং প্রোক্তং ভারঃ স্যাদ্বিংশতিস্তুলাঃ।
পলানাং দ্বিসহস্রাণি ভারঃ পরিমিতো বুধৈঃ॥ ১০॥
মাষকঃ শাণতিন্দুকে পলং কুড়বপ্রস্থকৌ।
রাশির্দ্রোণী খারী চেতি যথোত্তরচতুর্গুণাঃ॥ ১১॥
শুষ্কদ্রব্যেষ্বিদং মানং দ্বিগুণঞ্চ দ্রবার্দ্রয়োঃ।
জ্ঞাতব্যং কুড়বাদূর্দ্ধং প্রস্থাদিশ্রুতিমানতঃ॥ ১২॥

অত্র কুড়বাদূর্দ্ধমিত্যুক্তৌ শরাবস্য দ্বৈগুণ্যং স্যাদিত্যত আহ প্রস্থাদিশ্রুতিমানত ইতি প্রস্থাদিমানমারভ্য ইত্যর্থঃ। কুড়বে কিং দ্বৈগুণ্যং নেত্যাহ কুড়বাদূর্দ্ধমিতি। অয়মভিসন্ধিঃ কুড়বাল্ল্যবলোপে পঞ্চমী কুড়বং ব্যাপ্যেত্যর্থ কেচিদত্র ব্যাচক্ষতে, তন্মতে কুড়বস্যাপি দ্বৈগুণং। কুড়বাদিতি দিগযোগ-লক্ষণাং পঞ্চমীং যে বদন্তি, তন্মতে কুড়বে দ্বৈগুণ্যং নাস্তীতি তথা,—গুঞ্জাদিমানমারভ্য যাবৎ স্যাৎ কুড়বস্থিতিঃ। দ্রবার্দ্রশুষ্কদ্রব্যেষু তুল্যং মানং প্রকীর্ত্তিতম্॥ ইতি বচনাৎ; অস্যার্থঃ, রক্তিকাদিমারভ্য কুড়বাদর্ব্বাক্ তুল্যং মানম্। কুড়ব-

১ দ্রোণে ২৫৬ পল। ২ দ্রোণে ১ সূর্প কুম্ভ বা চতুঃষষ্টি শরাব। ২ সূর্পে ১ দ্রোণী, বা বৃহদ্দ্রোণী; ৪ দ্রোণীতে ১ খারী, অর্থাৎ ৪০৯৬ পল। ১০০ পলে ১ তুলা। ২০ তুলায় বা ২০০০ পলে ১ ভার॥ ১০॥

মাষক, শাণ, তিন্দুক, পল, কুড়ব, প্রস্থ, রাশি, দ্রোণী, খারী ও ইহারা যথাক্রমে চারি চারিগুণ অধিক॥ ১১॥

উপরি কথিত মান শুষ্ক দ্রব্যের বিষয়ে জানিবে। কুড়বের পর হইতে শরাবাদি মানোক্ত দ্রব ও আর্দ্র বস্তু দ্বিগুণ পরিমাণে গ্রহণীয়। অর্থাৎ গুঞ্জা হইতে কুড়ব পর্য্যন্ত দ্রব, আর্দ্র, শুষ্ক সকলেরই পরিমাণ সমান সমান, শরাব হইতে দ্রব ও আর্দ্রদ্রব্যের

---

* বাহো দ্রোণী চ সা স্মৃতা। দ্রোণীচতুষ্টয়ং খারীতি পাঠান্তরম্।

শুষ্কদ্রব্যে তু যা মাত্রা চার্দ্রস্য দ্বিগুণা হি সা।

শুষ্কস্য গুরুতীক্ষ্ণত্বাৎ তস্মাদর্দ্ধং প্রকীর্ত্তিতম্ ॥ ১৩ ॥

মারভ্য দ্বৈগুণ্যমেতেন কুড়বস্যাপি দ্বৈগুণ্যং নিশ্চলকরেণৈব ব্যাখ্যাতম্। অত-এবোক্তং-সর্পিঃখণ্ডজলক্ষৌদ্র-তৈলক্ষীরাসবাদিষু। অষ্টৌ পলানি কুড়বো নারিকেলে চ শস্যতে। অনিত্যা পরিভাষেয়ং যথাদর্শনমুচ্যতে। দন্তীঘৃতে কুঙ্কুমাদ্যে তৈলেঽসাবুপযুজ্যতে। ন নারিকেলে খণ্ডে চ ন তৈলে পলমিষ্যতে ॥ তথাচ কুড়বেঽপি ক্বচিৎ দ্বিত্বং যথা দন্তীঘৃতে স্মৃতমিতি। অনেনাপি নিঃসন্দেহো ন প্রতিপাদ্যত ইতি, যতো দন্তীঘৃতমাত্রে দ্বৈগুণ্যমস্তি, ন সর্ব্বত্র কণ্ঠোক্ত্যা ক্বচিদিতি পাঠাৎ। অত্রোচ্যতে কুড়বে মাণিকায়াং তুলায়াং পলমানে চ দ্বৈগুণ্যা নাস্তীতি। যথা কুড়বে মাণিকায়াঞ্চ তুলামানে তথৈব চ। পলোল্লেখাগতে মানে ন দ্বৈগুণ্যমিহেষ্যত ইতি। অতএব কুড়বস্য ন দ্বৈগুণ্যং, কিন্তু নিশ্চলকরব্যাখ্যা দন্তীঘৃত এব, নান্যত্রেতি সংক্ষেপঃ ॥ ১২ ॥

পরিমাণ দ্বিগুণ, কেহ কেহ মূলোক্ত "কুড়বাৎ" পদের পঞ্চমী যবর্থে স্বীকার করিয়া কুড়বেরও দ্বৈগুণ্য আছে, এই অর্থ করেন। যাঁহারা দিগ যোগে পঞ্চমী কহেন, তাঁহাদের মতে দ্বৈগুণ্য নাই।

রক্তিকা হইতে প্রসৃত পর্য্যন্ত সমান পরিমাণ এবং কুড়ব হইতে দ্বৈগুণ্য, ইহা নিশ্চল করের মত,—ঘৃত, খণ্ড, জল, মধু, তৈল, দুগ্ধ, আসবাদি ও নারিকেল গ্রহণে কুড়বস্থলে আট পল লইতে হইবে। সুতরাং পরিভাষা অনিত্য, শাস্ত্রদর্শনানুসারে কার্য্য করাই কর্ত্তব্য। দন্তীঘৃতে এবং কুঙ্কুমাদ্য তৈলে এই পরিভাষা ব্যবহার্য্য। নারিকেল, খণ্ড এবং তৈলে পল ব্যবহার্য্য নহে। শাস্ত্রান্তরোক্তি যথা কুড়ব পরিমাণেরও কখনও দ্বিগুণ গ্রহণ করা যায়, যেমন দন্তীঘৃতে গৃহীত হইয়া থাকে। ইহা দ্বারাও কুড়বের দ্বৈগুণ্য নিশ্চয় স্থির হয় না। যেহেতু দন্তীঘৃতেই দ্বৈগুণ্য গ্রহণ করিতে বলা হইয়াছে কিন্তু "ক্বচিৎ" এই পদ দ্বারা অন্যত্র বিশেষ করিয়া কিছু বলা হয় নাই। শাস্ত্রান্তরোক্তি যথা—কুড়ব, মাণিকা, তুলা ও পলের উল্লেখ থাকিলে দ্বিগুণ গ্রহণ করিবে না। নিশ্চলকর যে কুড়বে দ্বৈগুণ্য গ্রহণ করিতে বলিয়াছেন, তাহা দন্তীঘৃত বিষয়েই জানিবে। সুতরাং সিদ্ধান্ত যে, কুড়বের সাধারণতঃ দ্বৈগুণ্য নাই ॥ ১২ ॥

আর্দ্রদ্রব্য, শুষ্কদ্রব্যের দ্বিগুণ লইতে হয়। শুষ্ক দ্রব্য গুরু ও তীক্ষ্ণ বলিয়া দ্রব্যের অর্দ্ধেক লওয়া কর্ত্তব্য ॥ ১৩ ॥

অস্যাপবাদমাহ—

বাসানিম্বপটোলকেতকিবলাকুষ্মাণ্ডকেন্দীবরী-
বর্ষাভূকুটজাশ্বগন্ধসহিতাস্তাঃ পূতিগন্ধামৃতাঃ।
মাংসং নাগবলা সহাচরপুরৌ হিঙ্গ্বার্দ্রকে নিত্যশঃ
গ্রাহ্যাস্তৎক্ষণমেব ন দ্বিগুণিতা যে চেক্ষুজাতা গণাঃ॥ ১৪॥

অন্যচ্চ। গুড়ূচী কুটজো বাসা কুষ্মাণ্ডশ্চ শতাবরী॥
অশ্বগন্ধাসহচরৌ শতপুষ্পা প্রসারণী।
প্রয়োক্তব্যাঃ সদৈবার্দ্রা দ্বিগুণং নচ কারয়েৎ॥ ১৫॥

ঘনা ইতি বা পাঠঃ। অত্র ইন্দীবরী শতাবরী, পূতিগন্ধা প্রসারণী, সহাচরঃ ঝিণ্টী, ইক্ষুজাতা গুড়াদয়ঃ। গণাঃ ভদ্রদার্ব্বাদিসালসারাদিদশমূলীপ্রভৃতয়ঃ। ঘনা ইতি পাঠে ঘনাঃ কঠিনাঃ॥ ১৪॥

শার্ঙ্গধরমতমেতৎ॥ ১৫॥

ইহার অপবাদ—বাসক, নিম, পটোল, কেতকী, বেড়েলা, কুষ্মাণ্ড, শতমূলী, পুনর্নবা, কুড়চি, অশ্বগন্ধা, গন্ধভাদুলে, গুলঞ্চ, মাংস, গোরক্ষচাকুলে, ঝাঁটি, গুগ্গুলু, হিঙ্গু, আদা, ইক্ষুজাত গুড়াদি এবং ভদ্রদার্ব্বাদি সালসারাদি প্রভৃতি গণোক্ত (অন্যান্য গ্রন্থকার মূলে "যে চেক্ষুজাতা ঘনাঃ" এই পাঠ কল্পনা করিয়া ইক্ষুজাত গুড়াদি কঠিন বস্তু অর্থ করেন, কেহ কেহ ইক্ষুজাত দ্রব্য ও মৃতা অর্থ করেন) দ্রব্য সকল আর্দ্রাবস্থাতেই গ্রহণ করিতে হয়, অথচ ইহাদের দ্বৈগুণ্য লইতে হয় না। ১৪॥

শার্ঙ্গধরের মত—গুলঞ্চ, কুড়চি, বাসক, কুষ্মাণ্ড, শতমূলী, অশ্বগন্ধা, গুলফা, গন্ধভাদুলে, এই সকল দ্রব্য আর্দ্রাবস্থায় গ্রহণ করিবে, দ্বিগুণ॥ ১৫॥

অন্যচ্চ। বাসাকুটজকুষ্মাণ্ড-শতপুষ্পাসহামৃতাঃ।
প্রসারণ্যশ্বগন্ধা চ নাগাখ্যাতিবলাবলাঃ।
নিত্যমার্দ্রা প্রয়োক্তব্যা ন তাসাং দ্বিগুণো ভবেৎ ॥ ১৬ ॥

অথ দ্রব্যাণামুপযুক্তানুপযুক্তত্বমাহ—

শুষ্কং নবীনং দ্রব্যঞ্চ যোজ্যং সকলকর্ম্মসু।
আর্দ্রঞ্চ দ্বিগুণং বিদ্যাদেষ সর্ব্বত্র নিশ্চয়ঃ ॥ ১৭ ॥
অন্যচ্চ। দ্রব্যাণ্যভিনবান্যেব প্রশস্তানি ক্রিয়াবিধৌ।
ঋতে ঘৃতগুড়ক্ষৌদ্র-ধান্যকৃষ্ণাবিড়ঙ্গতঃ ॥ ১৮ ॥

প্রসঙ্গাৎ স্নেহাদের্গুণাগুণমাহ—

স্নেহঃ সিদ্ধো গুড়াদিশ্চ গুণহীনোঽব্দতো ভবেৎ।
স্নেহাদ্যাঃ পূর্ণবীর্য্যাঃ স্যুস্না চতুর্ম্মাসতঃ পরম্ ॥

হস্তিকর্ণপলাশবাট্যালকগোক্ষুরচণ্ডুলাশ্চেতৎ ॥ ১৬ ॥

অন্যমত। বাসক, কুড়চি, কুষ্মাণ্ড, শলফা, ঝিণ্টী, গুলঞ্চ, গন্ধভাদুলে, অশ্বগন্ধা, হস্তিকর্ণপলাশ, গোক্ষচাকুলে, বেড়েলা, এই সকল আর্দ্রাবস্থাতে সমানভাগে (দ্বিগুণ নহে) গ্রহণ করিবে ॥ ১৬।

দ্রব্যের উপযুক্তানুপযুক্তত্ব বলা যাইতেছে,—

ঔষধার্থ নূতন দ্রব্য শুষ্ক করিয়া গ্রহণ করিবে, আর্দ্র হইলে দ্বিগুণ লইতে হইবে। গুড়, ঘৃত, মধু, ধান্য, পিপুল ও বিড়ঙ্গ ভিন্ন অন্যান্য সমস্ত দ্রব্যই, সকল কার্য্যে নূতনই প্রশস্ত ॥ ১৭। ১৮ ॥

পক্কস্নেহাদির গুণস্থিতিকাল—পক্ক স্নেহ পদার্থ ও পক্ক গুড়াদি বৎসরের পর গুণহীন হয়। স্নেহাদি পদার্থ (ঘৃত, তৈল, বসা, মজ্জা), টাটি

অব্দাদূর্দ্ধং ঘৃতং পক্বং হীনবীর্য্যন্তু তদ্ভবেৎ।
তৈলে বিপর্য্যয়ং বিদ্যাৎ পক্বেঽপক্বে বিশেষতঃ ॥ ১৯ ॥

অন্যচ্চ। গুণহীনং ভবেদ্‌বর্ষাদূর্দ্ধং তদ্রূপমৌষধম্।
মাসদ্বয়াৎ তথা চূর্ণং হীনবীর্য্যত্বমাপ্নুয়াৎ ॥
হীনত্বং গুড়িকালেহৌ লভেতে বৎসরাৎ পরম্।
হীনাঃ স্যুর্ঘৃততৈলাদ্যাশ্চতুর্ম্মাসাধিকাস্তথা ॥
ওষধ্যো লঘুপাকাঃ স্যুর্ন বীর্য্যা বৎসরাৎ পরম্।
পুরাণাঃ স্যুগুণৈর্যুক্তা আসবা ধাতবো রসাঃ ॥ ২০ ॥

শার্ঙ্গধরেণৈবোক্তম্—

ব্যাধেরযুক্তং যদ্দ্রব্যং গণোক্তমপি তৎ ত্যজেৎ।
অনুক্তমপি যুক্তং যদ্ যোজয়েৎ তত্র তদ্বুধঃ ॥ ২১ ॥

তৈলমত্র তিলভবং ন সর্ষপাদিস্নেহসামান্যপরম্ ॥ ১৯ ॥

হীনাঃ স্যুর্ঘৃততৈলাদ্যা ইতি তৈলমত্র সার্ষপতৈলম্। তন্নিষ্পাদিতদশমূলতৈলাদি চ জ্ঞেয়ং, নান্যৎ। অব্দাদূর্দ্ধং ঘৃতং পক্বং হীনবীর্য্যত্বমাপ্নুয়াৎ। তৈলে বিপর্য্যয়ং বিদ্যাৎ পক্বেঽপক্বে বিশেষতঃ ॥ ইতি বচনাৎ ॥ ২০ ॥

পুনঃ পর পূর্ণবীর্য্য হয়। পক্বঘৃত এক বৎসরের পর হীনবীর্য্য হয়, কিন্তু পক্ব বিশেষতঃ অপক্ব তৈলে ইহার বিপর্য্যয় দৃষ্ট হয়, অর্থাৎ এক বৎসরের পর (১৬ মাস) ইহা গুণকর হইয়া থাকে। তৈলশব্দে এখানে তিলতৈল বুঝিতে হইবে ॥ ১৯ ।

অন্যমত। স্নেহাদি সদৃশ সমস্ত ঔষধই এক বৎসরের পর নির্বীর্য্য হইয়া যায়। চূর্ণ ঔষধ সকল দুই মাস এবং গুড়িকা, লেহ ও লঘুপাক ওষধি সকল এক বৎসর পর্য্যন্ত পূর্ণবীর্য্য থাকে। ঘৃত, সার্ষপ তৈল ও তন্নিষ্পাদিত দশমূলাদি তৈল ১৬ মাসের পর আর পূর্ণবীর্য্য থাকে না। আসব, ধাতু দ্রব্য ও পারদ পুরাতন হইলেই গুণযুক্ত হয় ॥ ২০ ॥

শার্ঙ্গধর বলেন—কোন গণের মধ্যে যে সকল দ্রব্যের উল্লেখ থাকে, তাহার ॥ যদি কোন দ্রব্য ব্যাধির পক্ষে অযুক্ত হয়, তাহা হইলে বুদ্ধিমান্ চিকিৎসক

অথ প্রশস্তদেশজদ্রব্যমাহ—

আগ্নেয়া বিন্ধ্যশৈলাদ্যাঃ সৌম্যো হিমগিরির্ম্মতঃ।
ততস্তান্যৌষধানি স্যুঃ প্রশস্তানি ক্রিয়াবিধৌ ॥
অন্যেষপি প্ররোহন্তি বনেষূপবনেষু চ।
গৃহ্নীয়াত্তান্যপি ভিষগ্ বনে শৈলে বিশেষতঃ ॥ ২২ ॥

অন্যেঽপ্যাহুঃ—

ধন্বসাধারণে বাপি গৃহ্নীয়াদুত্তরাশ্রিতম্।
পূর্ব্বাশ্রিতং বা মতিমানৌষধং তদ্বিচক্ষণঃ ॥ ২৩ ॥

অন্যচ্চ। ধন্বসাধারণে দেশে মৃদাবুত্তরতঃ শুচৌ।
অবৈকৃতমনাক্রান্তং সবীর্য্যং গ্রাহ্যমৌষধম্ ॥ ২৪ ॥

"ধন্বঃ দেশবিশেষঃ" মরুভূমিজাঙ্গলয়োঃ সংসৃষ্টলক্ষণো দেশ ইতি ॥ ২৩ ॥

তাহা ত্যাগ করিবেন এবং গণোক্ত না হইলেও যদি কোন দ্রব্য ব্যাধির পক্ষে উপযুক্ত হয়, তাহা গ্রহণ করিবেন ॥ ২১ ॥

প্রশস্তদেশজ দ্রব্যের বিষয় বলা হইতেছে—

বিন্ধ্যাদি পর্ব্বত অগ্নিবহুল এবং হিমালয় সোমগুণ বহুল ; সুতরাং তজ্জাত ঔষধ সকলও যথাক্রমে অগ্নিগুণ ও সোমগুণযুক্ত হইয়া থাকে। চিকিৎসাকালে এই সকল বিবেচনা করিবে। এতদ্ভিন্ন অন্যান্য বন ও উপবনেও ওষধি সকল জন্মে। চিকিৎসক সেই সকল স্থান হইতে বিশেষতঃ পার্ব্বতীয় বন হইতে ওষধি সংগ্রহ করিবেন। অন্যে—মরুভূমি ও জাঙ্গল এই উভয় লক্ষণান্বিত দেশে জাত পূর্ব্বদিক্ বা উত্তরদিক্স্থিত ওষধি সকল গ্রহণ করিতে বলেন। অপর মত—মরুভূমি-জাঙ্গল লক্ষণান্বিত দেশে পবিত্র ভূমিতে এবং উত্তরদিকে জাত, অবিকৃত, কীটাদি অনাক্রান্ত, বীর্য্যবিশিষ্ট ঔষধ গ্রহণীয় ॥ ২২—২৪ ॥

অতিস্থূলজটা যাশ্চ তাসাং গ্রাহ্যাস্ত্বচো ধ্রুবম্।
গৃহ্লীয়াৎ সূক্ষ্মমূলানি সকলান্যপি বুদ্ধিমান্ ॥ ৩১ ॥
নির্দ্দেশঃ শ্রূয়তে তন্ত্রে দ্রব্যাণাং যত্র যাদৃশঃ।
তাদৃশঃ সংবিধাতব্যঃ শাস্ত্রাভাবে প্রসিদ্ধিতঃ ॥ ৩২ ॥
ব্যাধিপ্রশমনে পূর্ব্বং জ্ঞাপিতানি পৃথগ্‌জনে।
বিস্ফারিতান্যৌষধানি পশ্চাদ্রাজনি যোজয়েৎ ॥ ৩৩ ॥
তদ্‌যথা—গোপালতাপসব্যাধ-মালাকারবনেচরান্।
পৃষ্ট্বা নামানি জানীয়াদ্ ভেষজানাঞ্চ শাস্ত্রতঃ ॥ ৩৪ ॥

যত্র যত্র দ্রব্যেষু অঙ্গানামবয়বানাং যাদৃশো নির্দ্দেশঃ শ্রূয়তে, তাদৃশ এব গ্রাহ্য। যথা অমৃতাদি পাচনে 'অমৃতবৃষপটোলং নিম্বপত্রমিতি' অত্র পত্রমেব গ্রাহ্যম্, ন বল্কলং পত্রস্য কণ্ঠোক্তত্বাৎ। অঙ্গসামান্যোক্তৌ মূলস্য বল্কলেনৈব ব্যবহার ইতি গুরবঃ, অঙ্গেষ্বপ্যনুক্তে বিহিতম্ মূলমিতি বচনাৎ ॥ ৩২ ॥

পৃথগ্‌জনে ইতি জনান্তরে। বিস্ফারিতানি বিশেষেণ স্ফারিতানি ॥ ৩৩ ॥

মতান্তর।—স্থূলমূলের ত্বক্ এবং ক্ষুদ্রমূলের সকল অংশ গ্রহণীয় ॥ ৩১ ॥

শাস্ত্রে অনুক্তস্থলেই দ্রব্যাদি গ্রহণের ঐরূপ নিয়ম জানিবে, কিন্তু শাস্ত্রে যে যে দ্রব্যের যে যে অঙ্গ গ্রহণ করিবার বিশেষ নির্দ্দেশ থাকিবে, সেই সেই অঙ্গই অবশ্য লইতে হইবে। যেমন অমৃতাদি পাচনে নিম্বপত্র লইবার উল্লেখ আছে, তথায় নিমের ছাল না লইয়া নিমের পত্রই গ্রহণীয় ॥ ৩২ ॥

নূতন প্রস্তুত ঔষধ প্রথমে সাধারণ লোককে ব্যবহার করাইয়া তাহার ফলাফল অবগত হইবে, পশ্চাৎ রোগপ্রশমনার্থ রাজাকে তাহা প্রয়োগ করিবে। শাস্ত্রে যে সকল দ্রব্যের উল্লেখ আছে, তাহাদের নাম রাখাল, তপস্বী, ব্যাধ, মালাকার ও বনেচর-দিগকে জিজ্ঞাসা করিয়া পরিচয় করিয়া লইবে ॥ ৩৩ । ৩৪ ॥

বিষয়ভেদে দ্রব্যগ্রহণম্।

শরদ্যখিলকর্ম্মার্থং গ্রাহ্যং সরসমৌষধম্।
বিরেকবমনার্থঞ্চ বসন্তান্তে সমাহরেৎ ॥ ৩৫ ॥

অথ ঋতুভেদে দ্রব্যাঙ্গগ্রহণমাহ

মূলানি শিশিরে গ্রীষ্মে পত্রং বর্ষাবসন্তয়োঃ।
ত্বক্কন্দৌ শরদি ক্ষীরং যথর্ত্তু কুসুমং ফলম্।
হেমন্তে সারমৌষধ্যা গৃহ্নীয়াৎ কুশলো ভিষক্ ॥ ৩৬ ॥

অথ সামান্যোক্তৌ দ্রব্যগ্রহণমাহ

পাত্রোক্তৌ চাপি মৃৎপাত্রমুৎপলে নীলমুৎপলম্।
শকৃদ্রসে গোময়রসশ্চন্দনে রক্তচন্দনম্ ॥
সিদ্ধার্থঃ সর্ষপে গ্রাহ্যো লবণে সৈন্ধবং মতম্।
মূত্রে গোমূত্রমাদেয়ং বিশেষো যত্র নেরিতঃ ॥

অস্যার্থঃ—যথেতি যস্মিন্ ঋতৌ যদ্‌যৎ পুষ্পং ফলঞ্চ ভবতি, তস্মিন্নেব তত্তদ্‌ গ্রাহ্যমিত্যর্থঃ ॥ ৩৬ ॥

বিষয়ভেদে দ্রব্যগ্রহণবিধি—শরৎকালে সমস্ত কার্য্যের নিমিত্ত সরস ঔষধ সকল উদ্ধৃত করিবে। বমন ও বিরেচনার্থ ঔষধ সকল বসন্তের অবসানে আহরণীয় ॥ ৩৫ ॥

ঋতুভেদে দ্রব্যাঙ্গগ্রহণবিধি—শীত ও গ্রীষ্মকালে মূল, বর্ষা ও বসন্ত ঋতুতে পত্র, শরৎকালে ত্বক্, কন্দ ও ক্ষীর (আঠা), হেমন্তে সার এবং যে যে ঋতুতে যে যে ফল ও পুষ্প জন্মে, সেই সেই ঋতুতে সেই সেই ফল ও পুষ্প গ্রহণ করিবে ॥ ৩৬ ॥

সামান্য উক্তিতে দ্রব্যগ্রহণবিধি—যে স্থলে বিশেষ উল্লেখ থাকিবে, তথায় পাত্র শব্দে মৃৎপাত্র, উৎপলশব্দে নীলোৎপল

পয়ঃসর্পিঃপ্রয়োগেষু গব্যমেব প্রশস্যতে।
স্ত্রিয়শ্চতুষ্পদে গ্রাহ্যাঃ পুমাংসো বিহগেষু চ॥
জাঙ্গলানাং বয়ঃস্থানাং চর্ম্মরোমনখাদিকম্।
হিত্বা গ্রাহ্যং পূতমাংসং সাস্থিকং খণ্ডশঃ কৃতম্॥
পক্তব্যমাজমাংসঞ্চ বিধিনা ঘৃততৈলয়োঃ।
হিত্বা স্ত্রীং পুরুষঞ্চাপি ক্লীবং তত্রাপি দাপয়েৎ॥
বলিনঞ্চ বয়ঃস্থঞ্চ সুবীর্য্যঞ্চ সুদেহিনম্।
ন বৃদ্ধঞ্চ ন বালঞ্চ অবীর্য্যং স্রাবশোণিতম্ * ॥ ৩৭ ॥
শৃগালবর্হিণোঃ পাকে পুমাংসং তত্র দাপয়েৎ।
ময়ূরী জম্বুকী ছাগী বীর্য্যহীনা স্বভাবতঃ।
কাশীরাজমতেনৈব ছাগমেব নপুংসকম্॥

এতদ্ধেতুগর্ভবিশেষণম্। অসন্ধিস্তু ছান্দসঃ। অথবা ন বীর্য্যমবীর্য্যম্ অল্পার্থে নঞ্। তেনাল্পশুক্রম্। অতএব কাশীরাজাভিপ্রায়েণ নপুংসকস্য বিধিনা সূচিতমেব, শরীরারম্ভকত্বাদল্পবীর্য্যত্বং বীর্য্যমস্ত্যেবেত্যর্থঃ। অতঃ স্রাবশোণিতায়াশ্ছাগ্যা-স্তদনুপযোগিত্বম্, অর্থাদস্রাবশোণিতায়া গ্রাহ্যা ইত্যর্থঃ। স্ত্রীপ্রকৃত্যা বন্ধ্যাছাগ্যা অস্রাব-শোণিতত্বমস্ত্যেব, তস্মাদ্বন্ধ্যা ছাগ্যপি যোজ্যা ইতি নপুংসকাভাবাদনুশাসনাৎ ॥ ৩৭ ॥

গোময়রস, চন্দনে রক্তচন্দন, সর্ষপে শ্বেতসর্ষপ, লবণে সৈন্ধবলবণ এবং মূত্র বলিলে গোমূত্র বুঝিতে হইবে। দুগ্ধ ও ঘৃত প্রয়োগে গব্যই প্রশস্ত। চতুষ্পদ জন্তুর মধ্যে স্ত্রীজাতি, পক্ষির মধ্যে পুংজাতি গ্রাহ্য। ঘৃত তৈল পাকে বয়ঃপ্রাপ্ত জাঙ্গল পশুদিগের চর্ম্ম রোম ও নখাদি ত্যাগ করিয়া খণ্ড খণ্ডীকৃত মাংস সকল অস্থির সহিত গ্রহণ করিবে। সকল চতুষ্পদ পশুরই স্ত্রীজাতি গ্রাহ্য; কিন্তু ছাগলের নপুংসক গ্রহণীয়। এই ছাগল বলবান্, পূর্ণবয়স্ক, বীর্য্যবান্ এবং সুদেহ (পূর্ণাঙ্গ) হওয়া উচিত। বৃদ্ধ, শিশু, বীর্য্যহীন বা ঋতুশোণিতস্রাববিশিষ্ট (ইহা দ্বারা নপুংসকাভাবে বন্ধ্যা ছাগীও গ্রহণ করিতে পারা যায়, বলা হইল) ছাগ গ্রহণ করিবে না। শৃগাল ও ময়ূরের

---

* অস্রাববীর্য্যশোণিতমিতি পাঠান্তরম্।

অভাবাদপ্রতীক্ষাদ্বা বৃদ্ধবৈদ্যোপদেশতঃ।
বন্ধ্যা ছাগী বিপক্তব্যা নতু শাস্ত্রমতং চরেৎ॥
স্ত্রীণাং মূত্রং গবাং তীক্ষ্ণং নতু পুংসাং বিধীয়তে।
পিত্তাত্মিকাঃ স্ত্রিয়ো যস্মাৎ সৌম্যাস্তু পুরুষা মতাঃ॥
ক্ষীরমূত্রপুরীষাণি জীর্ণাহারে তু সংহরেৎ॥ ৩৮॥

অথানুক্তৌ দ্রব্যগ্রহণম্।

কালেঽনুক্তে প্রভাতং স্যাদঙ্গেঽনুক্তে জটা ভবেৎ।
ভাগেঽনুক্তে তু সাম্যং স্যাৎ পাত্রেঽনুক্তে তু মৃন্ময়ম্॥
দ্রবেঽনুক্তে জলং বিদ্যাৎ সর্ব্বত্রৈষ বিনিশ্চয়ঃ॥ ৩৯॥

অভাবাদিতি নপুংসকস্য অলাভাৎ। অথবা নপুংসকস্য বীর্য্যাভাবাৎ, বীর্য্যমস্তি ন বেতি কাকদন্তবৎ। অপ্রতীক্ষাদ্বা। শাস্ত্রমিতি শাসনম্ আজ্ঞা কাশীরাজমতেনৈবেত্যাদি-রূপেণ। কেচিৎ তু কৃত্রিমনপুংসকমপি দদতি। তদসৎ। স তু প্রকৃত্যা চ পুরুষ এব। নন্বু বন্ধ্যায়া নপুংসকস্য চ ছাগস্য অপত্যজনকত্বং নাস্তি, তৎ কথমপত্যকামিনঃ প্রবর্ত্তন্তে ছাগলাদিঘৃতাদিষু? কদাচিৎ ক্রিয়াসিদ্ধেরভাবঃ স্যাদতশ্চিন্ত্যম্॥ ৩৮॥

মাংস পাক করিতে হইলে পুংজাতির মাংস লওয়া কর্ত্তব্য, কারণ ময়ূরী, শৃগালী ও ছাগী ইহারা স্বভাবতঃ বীর্য্যহীনা। নপুংসক ছাগল না পাইলে এবং অপেক্ষা করিবারও সময় না থাকিলে, বৃদ্ধ বৈদ্যেরা বন্ধ্যা ছাগী গ্রহণ করিতে উপদেশ দিয়া থাকেন। গোমূত্র লইতে হইলে গাভীরই লইবে, কারণ স্ত্রীজাতি পিত্তাত্মিকা, পুংজাতি সৌম্য, অতএব গাভীর মূত্রই প্রশস্ত। যাহাদের দুগ্ধ, মূত্র ও পুরীষ লইতে হইবে, তাহাদের আহার জীর্ণ হইবার পরে ঐ সকল দ্রব্য লইবে, অজীর্ণসত্ত্বে লওয়া কর্ত্তব্য নহে॥ ৩৭। ৩৮

অনুক্তস্থলে দ্রব্যগ্রহণবিধি—কালের বিশেষ উল্লেখ না থাকিলে প্রভাত, উদ্ভিদের কোন্ অঙ্গ লইতে হইবে বলা না থাকিলে মূল, দ্রব্য সমূহের ভাগ অনুক্ত হইলে সকলের সমান সমান ভাগ, পাত্র বিশেষের অনুক্তিতে মৃন্ময় পাত্র এবং দ্রব পদার্থের উল্লেখ না থাকিলে জল বুঝিতে হইবে। সর্ব্বত্রই এই নিয়ম জানিবে॥৩৯॥

অথাভাবে দ্রব্যগ্রহণম্।

মধু যত্র ন বিদ্যেত তত্র জীর্ণো গুড়ো মতঃ ॥
পুরাতনগুড়াভাবে রৌদ্রে যামচতুষ্টয়ম্।
সংশুষ্য নূতনং গ্রাহ্যং পুরাতনগুড়ৈষিণা ॥
ক্ষীরাভাবে ভবেন্মৌদ্গো রসো মাসূর এব বা।
সিতাভাবে চ খণ্ডঃ স্যাৎ শাল্যভাবে চ ষষ্টিকঃ ॥
অসম্ভবে চ দ্রাক্ষায়া গাম্ভারীফলমিষ্যতে।
ন ভবেদ্দাড়িমো যত্র বৃক্ষাম্লং তত্র দাপয়েৎ ॥
সৌরাষ্ট্রীমৃদভাবেচ গ্রাহ্যা পঙ্কস্য পর্পটী।
নতং তগরমূলং স্যাদভাবে শীহলীজটা ॥
প্রয়োগে যত্র লৌহঃ স্যাদভাবে তন্মলং বিদুঃ ॥
সর্ষপঃ শুক্লবর্ণো যঃ স হি সিদ্ধার্থ উচ্যতে।
তত্র সিদ্ধার্থকাভাবে সামান্যঃ সর্ষপো মতঃ ॥
চবিকাগজপিপ্পল্যোঃ পিপ্পলীমূলমেব চ।
অভাবে পিপ্পলীমূলং হস্তিপিপ্পলিচব্যয়োঃ।
অভাবে পৃশ্নিপর্ণ্যাশ্চ সিংহপুচ্ছী বিধীয়তে।
নিত্যং মুঞ্জাতিকাভাবে তালমস্তকমিষ্যতে ॥ ৪০ ॥

পাঠান্তরমেতৎ ন পুনরুক্তদোষঃ। "সিংহপুচ্ছী" শালপর্ণী। মাঞ্জফলমিতি কেচিৎ। তালসদৃশবৃক্ষঃ স্যাৎ স চ দেশান্তরে খ্যাতঃ ॥ ৪০ ॥

অভাবে দ্রব্যগ্রহণবিধি—মধুর অভাবে পুরাতন গুড়, পুরাতন গুড়ের অভাবে নূতন গুড় চারি প্রহর রৌদ্রে শুষ্ক করিয়া ব্যবহার করিবে। দুগ্ধের পরিবর্ত্তে মুগ বা মসূর যূষ, চিনির অভাবে খাঁড়, শালিধান্যের অভাবে ষষ্টকধান্য, দ্রাক্ষার অভাবে গাম্ভারীফল, দাড়িমের পরিবর্ত্তে বৃক্ষাম্ল (মহাদা), সৌরাষ্ট্র মৃত্তিকার অভাবে গ্রহপঙ্কপর্পটী, তগরপাদুকার অভাবে শিউলীছোপ, লৌহের অভাবে মণ্ডুর, শ্বেতসর্ষপের

কুঙ্কুমস্যাপ্যভাবেঽপি নিশা গ্রাহ্যা ভিষগ্বরৈঃ।
মুক্তাভাবে শুক্তিচূর্ণং বজ্রাভাবে বরাটিকা ॥
কর্কটশৃঙ্গকাভাবে মায়াম্বুচেষ্যতে বুধৈঃ।
ধান্যকাভাবতো দদ্যাৎ শতপুষ্পাং ভিষগ্বরঃ ॥
বারাহীকন্দকাভাবে চর্ম্মকারালুকো মতঃ।
মূর্ব্বাভাবে ত্বচো গ্রাহ্যা জিঙ্গিন্যা ক্রবতে সদা ॥
সুবর্ণমথবা রৌপ্যং যোগে যত্র ন লভ্যতে।
তত্র লৌহেন কর্ম্মাণি ভিষক্ কুর্য্যাদ্বিচক্ষণঃ ॥
অভাবাৎ পৌষ্করে মূলে কুষ্ঠং সর্ব্বত্র গৃহ্যতে।
সামুদ্রং সৈন্ধবাভাবে বিড়ং বা গৃহ্যতে বুধৈঃ ॥
কুস্তুম্বুরু ন বিদ্যেত যত্র তত্র চ ধান্যকম্।
পুষ্পাভাবে ফলঞ্চামং বিড়্ভেদে বিল্বতঃ ফলম্ ॥
ভল্লাতকাসহত্বেঽপি রক্তচন্দনমিষ্যতে।
মদ্যাভাবে চ শিণ্ডাকী শুক্তাভাবে চ কাঞ্জিকম্ ॥ ৪১ ॥
যত্র যদ্দ্রব্যমপ্রাপ্তং ভেষজে পরপূর্ব্বতঃ।
গ্রাহ্যং তদ্গুণসাম্যাৎ তু ন তত্র ক্বাপি দূষণম্ ॥ ৪২ ॥

অভাবে সামান্য সরিষা, চৈ ও গজপিপ্পলীর অভাবে পিপুলমূল (পাঠান্তরে—গজপিপ্পলী ও চৈএর অভাবে পিপুলমূল), চাকুলের অভাবে শালপাণি, মুস্তাতিকা (তালসদৃশ বৃক্ষ, কেহ বলেন মাজুফল) স্থলে তালমাতী, কুঙ্কুমের অভাবে হরিদ্রা, মুক্তার অভাবে ঝিনুকচূর্ণ, হীরকের অভাবে কড়ি, কাঁকড়াশৃঙ্গীর অভাবে মায়াম্বু, ধনের অভাবে শুল্‌ফা, বারাহীকন্দের অভাবে চামার আলু ও মূর্ব্বার অভাবে জিঙ্গিনীর ত্বক্ গ্রহণীয়। সুবর্ণ অথবা রৌপ্যের অভাব হইলে লৌহ, পুষ্করমূলের অভাবে কুড, সৈন্ধবলবণের পরিবর্ত্তে সামুদ্র বা বিটলবণ, কুস্তুম্বুরুর (ক্ষুদ্র ধনে, কেহ বলেন

অন্যানি যানীহ রসায়নাদৌ যোগেচ বস্তূনি চ কীর্ত্তিতানি।
তেষামলাভেন চ বৃদ্ধবৈদ্য-প্রসিদ্ধিতস্তানি হরন্তি বৈদ্যাঃ ॥ ৪৩ ॥
যষ্ট্যাহ্বাভাবতো বিদ্যাচ্চব্যং তস্যাপ্যভাবতঃ।
মূলং মৌষলিকং দেয়মভাবে কুটজস্য চ।
রাস্নাভাবে চ বন্দাকং জীরাভাবে চ ধান্যকম্ ॥
তুম্বুরূণামভাবেঽপি শালিধান্যং প্রকীর্ত্তিতম্।
রসাঞ্জনস্য চাপ্রাপ্তৌ দার্ব্বীক্কাথং প্রযোজয়েৎ।
কর্পূরস্যাপ্যভাবেঽপি সুগন্ধং মুস্তমিষ্যতে ॥
কস্তূরীণামভাবে তু গ্রাহ্যা গন্ধশঠী বুধৈঃ।
অভাবে কোকিলাক্ষস্য গোক্ষুরবীজমিষ্যতে ॥ ৪৪ ॥

ইতি বৈদ্যকপরিভাষাপ্রদীপসংগ্রহে প্রথমঃ খণ্ডঃ।

হইলে রক্তচন্দন, মদ্যাভাবে শিণ্ডাকী (মদের শিটী), শুক্তাভাবে কাঁজী গ্রহণ করিবে। কোন ঔষধ প্রস্তুত করিতে হইলে যে সকল দ্রব্যের প্রয়োজন হয়, তাহার মধ্যে কোনটির অভাব হইলে তদ্গুণবিশিষ্ট পূর্ব্ববর্ত্তী বা পরবর্ত্তী কোন দ্রব্য প্রয়োগ করিলে কিছুমাত্র দোষ হয় না ॥ ৪০—৪২ ॥

রসায়নাদিযোগে অন্যান্য যে সকল দ্রব্য কথিত হইয়াছে, তাহাদের অপ্রাপ্তি ঘটিলে, সেই সেই দ্রব্যের পরিবর্ত্তে বৃদ্ধবৈদ্যের ব্যবস্থিত দ্রব্য সকল গ্রহণ করিবে। এইরূপে যষ্টিমধুর অভাবে চৈ, চৈএর এবং কুড়চির অভাবে তালমূলীমূল, রাস্নার অভাবে বাঁদ্‌রা (পরগাছা), জীরার অভাবে ধনে, তুম্বুরুর অভাবে শালিধান্য, রসাঞ্জনের পরিবর্ত্তে দারুহরিদ্রার কাথ, কর্পূরের অভাবে সুগন্ধি মুতা, কস্তূরীর অভাবে গন্ধশটী এবং কুলেখাড়ার অভাবে গোক্ষুরবীজ গ্রহণ করিবে ॥ ৪৩—৪৪ ॥

প্রথমখণ্ড সমাপ্ত।

তীয়ঃ খণ্ডঃ।

পঞ্চবিধকষায়মাহ—

স্বো রসঃ স্বরসঃ প্রোক্তঃ কল্কো দৃষদি পেষিতঃ।
কথিতস্তু শৃতঃ শীতঃ শর্ব্বরীমুষিতো মতঃ॥
ক্ষিপ্তোষ্ণতোয়ে মৃদিতঃ ফাণ্ট ইত্যভিধীয়তে।
পঞ্চৈতাশ্চ সমুদ্দিষ্টাঃ কষায়াণাং প্রকল্পনাঃ।
গুরবঃ স্যুর্যথাপূর্ব্বং লঘবঃ স্যুর্যথোত্তরম্॥ ১॥

বিশ্বামিত্রেণ শীতফাণ্টয়োর্লক্ষণমুক্তম্।

তদ্‌যথা—ষড়্‌ভিঃ পলৈশ্চতুর্ভির্ব্বা সলিলাৎ শীতফাণ্টয়োঃ।
আপ্লুতং ভেষজপলং রসাখ্যায়াং পলদ্বয়ম্॥ ২॥

দ্বিতীয় খণ্ড।

স্বরস, কল্ক, শৃত, শীত ও ফাণ্টভেদে কষায়কল্পনা পাঁচ প্রকার। ইহাদের সংক্ষিপ্ত লক্ষণ—ত্বক্‌পত্রাদির নিষ্পীড়িত স্বীয় রসকে স্বরস, শিলাপেষিত দ্রব্যকে কল্ক, অগ্নি-সন্তাপে সিদ্ধ করিয়া যাহা নির্গত হয় তাহাকে শৃত বা ক্বাথ, রাত্রিতে শীতলজলে ভিজাইয়া রাখিলে পরদিবস তাহা হইতে যে কষায় পাওয়া যায় তাহাকে শীত এবং উষ্ণজলে ভিজাইয়া মর্দ্দন করিয়া লইলে যে কষায় বহির্গত হয়, তাহাকে ফাণ্ট কহে। ইহাদের মধ্যে পূর্ব্ব পূর্ব্বটি গুরু ও পর পরটি লঘু॥ ১॥

বিশ্বামিত্রমতে শীত ও ফাণ্টের লক্ষণ—ছয় পল জলে এক পল ঈষৎ কুট্টিত অথবা চূর্ণ দ্রব্য ভিজাইয়া রাখিলে যে রস নির্গত হয়, তাহাকে শীতকষায়, ৪ পল জলে ১ পল ঔষধ ভিজাইয়া ছাঁকিয়া লইলে যে রস পাওয়া যায়, তাহাকে ফাণ্ট এবং ছয় বা চারিপল জলে দুইপল ঔষধ ভিজাইলে যাহা বহির্গত হয় তাহা রস কহে॥ ২॥

অন্যেঽপ্যাহুঃ—অথ স্বরসকল্কৌ তু শৃতশ্চ শীতফাণ্টকৌ।
জ্ঞেয়াঃ কষায়াঃ পঞ্চৈতে গুরবঃ পূর্ব্বঃ পূর্ব্বতঃ ॥ ৩ ॥

স্বরসমাহ—

সদ্যঃক্ষুণ্ণার্দ্রদ্রব্যস্য বস্ত্রযন্ত্রাদিপীড়নাৎ।
যো রসস্তভিনির্য্যাতি স্বরসঃ স প্রকীর্ত্তিতঃ ॥ ৪ ॥
শুষ্কদ্রব্যমুপাদায় স্বরসানামসম্ভবে।
বারিণ্যষ্টগুণে সাধ্যং গ্রাহ্যং পাদাবশেষিতম্ * ॥ ৫ ॥
অন্যচ্চ—আহৃত্য তৎক্ষণাকৃষ্টাৎ ক্ষুণ্ণাদ্ দ্রব্যাৎ সমুদ্ধরেৎ।
বস্ত্রনিষ্পীড়িতো যস্তু স্বরসো রস উচ্যতে ॥
কুড়বং চূর্ণিতং দ্রব্যং ক্ষিপ্তং তদ্ দ্বিগুণে জলে।
অহোরাত্রং স্থিতং তস্মাদ্ ভবেদ্‌বা রস উত্তমঃ ॥

মতান্তর।—কষায় পাঁচ প্রকার। যথা—স্বরস, কল্ক, শৃত, শীত ও ফাণ্ট। ইহাদের মধ্যে পূর্ব্ব পূর্ব্বটি গুরু অর্থাৎ ফাণ্টকষায় অপেক্ষা শীতকষায় গুরু, শীতকষায় অপেক্ষা শৃতকষায় গুরু ইত্যাদি ॥ ৩ ॥

স্বরসের লক্ষণ—সদ্যঃ আহৃত আর্দ্র দ্রব্য কুট্টিত করিয়া বস্ত্র কিংবা যন্ত্রাদি দ্বারা নিষ্পীড়ন করিলে তাহা হইতে যে রস নির্গত হয়, তাহাকে স্বরস কহে। অথবা যদি কাঁচাদ্রব্যের স্বরস পাওয়া না যায়, তাহা হইলে শুষ্ক দ্রব্য আটগুণ জলে সিদ্ধ করিয়া চতুর্থভাগাবশিষ্ট থাকিতে গ্রহণ করিবে। ইহা স্বরসের তুল্য ॥ ৪।৫ ॥

মতান্তর।—তৎক্ষণাৎ আহৃত কাঁচাদ্রব্য কুট্টিত ও বস্ত্রনিষ্পীড়িত করিলে তাহা হইতে যে রস নির্গত হয় তাহাকে স্বরস বলে। কিংবা অর্দ্ধসের পরিমিত চূর্ণ দ্বিগুণ জলে নিক্ষিপ্ত করিয়া এক অহোরাত্র রাখিলে যে রস নিঃসৃত হয়, তাহাও উত্তম স্বরস সদৃশ গুণকর।

---

* আদায় শুষ্কং দ্রব্যং বা স্বরসানামসম্ভবে। জলেঽষ্টগুণিতে সাধ্যং পাদশিষ্টঞ্চ গৃহ্যতে। গ্রহণপাঠঃ।

অস্য পানমাত্রামাহ—স্বরসস্য গুরুত্বাচ্চ পলমর্দ্ধং প্রযোজয়েৎ।

নিশোষিতঞ্চাগ্নিসিদ্ধং পলমাত্রং রসং পিবেৎ ॥ ৬ ॥

স্বরসভেদাৎ পুটপাকবিধিমাহ

পুটে পক্কস্য দ্রব্যস্য স্বরসো গৃহ্যতে যতঃ।
অতোঽয়ং পুটপাকঃ স্যাদ্ বিধানং তস্য কথ্যতে ॥
দ্রব্যমাপোথিতং জম্বুবটপত্রাদিসম্পুটে।
বেষ্টয়িত্বা ততো বদ্ধা দৃঢ়ং রজ্জ্বাদিনা তথা ॥
মৃল্লেপং দ্ব্যঙ্গুলং কুর্য্যাদথবাঙ্গুলিমাত্রকম্।
দহেৎ পুটান্তরাদগ্নৌ যাবল্লেপস্য রক্ততা ॥ ৭ ॥

অন্যচ্চ।—পুটপক্কস্য কল্কস্য স্বরসো গৃহ্যতে যতঃ।
অতস্তু পুটপাকানাং যুক্তিরত্রোচ্যতে ময়া ॥ ৮ ॥
পুটপাকস্য পাকোঽয়ং লেপস্যারুণবর্ণতা।
লেপঞ্চ দ্ব্যঙ্গুলং স্থূলং কুর্য্যাদ্বাঙ্গুলিমাত্রকম্ ॥
কাশ্মরীবটজম্ব্বাদি-পত্রৈর্বেষ্টনমুত্তমম্ ॥ ৯ ॥

স্বরসের পানমাত্রা—পাঁচপ্রকার কষায়ের মধ্যে স্বরসের গুরুত্ব ... উহা অর্দ্ধপল (উপযুক্ত) মাত্রায় পান করিবে। অগ্নিসিদ্ধ রস যদি এক রাত্রি পর্য্যুষিত (বাসি) হয়, তাহা হইলে সে রস এক পল মাত্রায় প্রযোজ্য ॥ ৬ ॥

স্বরসভেদে পুটপাকবিধি—পুটপক্ক দ্রব্যের স্বরস গৃহীত হয় বলিয়া পুটপাকের নিয়ম বলা যাইতেছে। ঔষধ দ্রব্য কুট্টিত করিয়া জাম বা বটপত্রাদি দ্বারা বেষ্টিত ও রজ্জু দিয়া দৃঢ়রূপে বাঁধিয়া মৃত্তিকা দ্বারা এক বা দুই অঙ্গুলি পুরু লেপ দিয়া শুষ্ক করত অগ্নিতে পোড়াইবে। অগ্নির তাপে বহিঃস্থ মৃত্তিকার লেপ লোহিত বর্ণ হইলেই পুটপাক সিদ্ধ হইয়াছে জানিবে ॥ ৭ ॥

মতান্তর।—অনেকস্থলে কল্কদ্রব্যকে পুটপাক করিয়া তাহার স্বরস গ্রহণ করিতে হয়, অতএব পুটপাকের যুক্তি বলিব। যথা—যে কল্ককে পুটপাক করিতে হইবে, প্রথমে পূর্ব্বোক্ত প্রকারে বাঁধিয়া তাহার উপরিভাগে দুই বা এক অ...

কল্কমাহ—

দ্রব্যমার্দ্রং শিলাপিষ্টং শুষ্কং বা জলমিশ্রিতম্
তদেব সূরিভিঃ পূর্বৈঃ কল্ক ইত্যভিধীয়তে ॥
আবাপস্ত্বথ প্রক্ষেপস্তস্য পর্য্যায় উচ্যতে ॥ ১০ ॥

কল্কস্যৈষদ্ভেদাচ্চূর্ণমাহ—

অত্যন্তশুষ্কং যদ্দ্রব্যং সুপিষ্টং বস্ত্রগালিতম্।
চূর্ণং তচ্চ রজঃ ক্ষোদস্তস্য পর্য্যায় উচ্যতে ॥ ১১ ॥
অন্যচ্চ। দ্রব্যমার্দ্রং শিলাপিষ্টং শুষ্কং বা সজলং ভবেৎ।
প্রক্ষেপাবাপকল্কাস্তে তন্মানং কর্ষসম্মিতম্ ॥ ১২ ॥
কল্কে মধু ঘৃতং তৈলং দেয়ং দ্বিগুণমাত্রয়া।
সিতাং গুড়ং সমং দদ্যাদ্ দ্রবো দেয়শ্চতুর্গুণঃ ॥ ১৩ ॥

প্রলেপ দিবে। তদনন্তর অগ্নিতে পোড়াইবে। মৃৎপ্রলেপ অগ্নিবর্ণ হইলেই জানিবে যে, পুটপাকের পাক সিদ্ধ হইয়াছে ॥ ৮।৯ ॥

কল্কবিধি—কাঁচা অথবা সজল শুষ্ক দ্রব্য শিলায় পেষণ করিয়া লইলে তাহাকে কল্ক কহে। আবাপ ও প্রক্ষেপ এই দুইটি কল্কের পর্য্যায় ॥ ১০ ॥

চূর্ণবিধি—অত্যন্ত শুষ্কদ্রব্য উত্তমরূপে পেষণ করিয়া বস্ত্রে ছাঁকিয়া লইলে চূর্ণ প্রস্তুত হয়। রজঃ ও ক্ষোদ চূর্ণের পর্য্যায় ॥ ১১ ॥

মতান্তরে কল্কবিধি।—আর্দ্র অথবা সজল শুষ্কদ্রব্য শিলায় পেষণ করিয়া লইলে তাহাকে কল্ক কহে। প্রক্ষেপ ও আবাপ উহার পর্য্যায়। কল্কের মাত্রা—দুইতোলা। ঘৃত ও তৈল দিতে হইলে দ্বিগুণ, চিনি ও গুড় দিতে হইলে কল্কের সমান দ্রব দিতে হইলে চারিগুণ দিতে হয় ॥ ১২—১৩ ॥

অথ ক্বাথমাহ শার্ঙ্গধরঃ।

পানীয়ং ষোড়শগুণং ক্ষুণ্ণে দ্রব্যপলে ক্ষিপেৎ।
মৃৎপাত্রে ক্বাথয়েদ্‌গ্রাহ্যমষ্টমাংশাবশেষিতম্॥
তজ্জলং পায়য়েদ্ধীমান্ কোষ্ণং মৃদ্বগ্নিসাধিতম্।
শৃতঃ ক্বাথঃ কষায়শ্চ নির্য্যূহঃ স নিগদ্যতে॥
আহাররসপাকে চ সঞ্জাতে দ্বিপলোম্মিতম্।
বৃদ্ধবৈদ্যোপদেশেন পিবেৎ ক্বাথং সুপাচিতম্॥
ক্বাথে ক্ষিপেৎ সিতামংশৈশ্চতুরষ্টকষোড়শৈঃ।
বাতপিত্তকফাতঙ্কে বিপরীতং মধু স্মৃতম্॥ ১৪॥
অন্যচ্চ—দ্রব্যাদাপোথিতাত্তোয়ে বহ্নিনা পরিপাচিতাৎ।
নিঃসৃতো যো রসঃ পূতঃ স শৃতঃ সমুদাহৃতঃ।
ক্বাথঃ কষায়ো নির্য্যূহঃ পর্য্যায়স্তস্য কীর্ত্তিতঃ॥ ১৫॥

শার্ঙ্গধরোক্ত ক্বাথবিধি—কুট্টিত একপল দ্রব্য ষোলগুণ জলসহ মৃদু অগ্নিসন্তাপে সিদ্ধ করিয়া অষ্টমাংশ অবশিষ্ট থাকিতে নামাইবে, ঈষদুষ্ণ সেই জল সেব্য। শৃত, কষায় ও নির্য্যূহ এই তিনটি শব্দ ক্বাথের পর্য্যায়। আহার ও পরিপাক হইলে দুইপল পরিমাণে (উপযুক্ত মাত্রায়) ঐ সুপাচিত ক্বাথ পান করিবে। ইহা বৃদ্ধবৈদ্যগণের মত। এই ক্বাথে চিনি অথবা মধু নিম্নলিখিত নিয়মে প্রক্ষেপ দিতে হয়। বাতজ রোগে ক্বাথের চতুর্থাংশ, পিত্তজ রোগে অষ্টমাংশ ও কফজ রোগে ষোড়শাংশ চিনি প্রক্ষেপ দিবে। মধু ইহার বিপরীত অর্থাৎ বাতজরোগে ষোড়শাংশ, পিত্তজরোগে অষ্টমাংশ ও কফজরোগে চতুর্থাংশ প্রদান করিবে॥ ১৪॥

মতান্তর।—কোন দ্রব্য কুট্টিত এবং উপযুক্ত জলসহ অগ্নিসন্তাপে তাহা হইতে যে ক্বাথ বাহির করা হয়, তাহার নাম শৃতকষায়। নির্য্যূহ এই তিনটি উহার পর্য্যায়॥ ১৫॥

শীতমাহ

ক্ষুণ্ণং দ্রব্যপলং সম্যক্ ষড়্ভির্জ্জলপলৈঃ প্লুতম্।
শর্ব্বরীমুষিতং সম্যগ্ জ্ঞেয়ঃ শীতকষায়কঃ ॥ ১৬ ॥

অবান্তরভেদাৎ তণ্ডুলোদকমাহ

তণ্ডুলং কণশঃ কৃত্বা পলং গ্রাহ্যং হি তণ্ডুলাৎ।
চতুর্গুণং জলং দেয়ং তণ্ডুলোদককর্ম্মণি ॥
অন্যেহপ্যাহুঃ—শীতকষায়মানেন তণ্ডুলোদককল্পনা ॥ ১৭ ॥

অথ ফাণ্টমাহ—

ক্ষুণ্ণে দ্রব্যপলে সম্যগ্‌জলমুষ্ণং বিনিক্ষিপেৎ।
পাত্রে চতুঃপলমিতং ততস্তু স্রাবয়েজ্জলম্।
সোঽয়ং পূতো দ্রবঃ ফাণ্টো ভিষগ্‌ভিরভিধীয়তে ॥ ১৮ ॥

প্রসঙ্গাদুষ্ণোদকমাহ।

অষ্টমেনাংশশেষেণ চতুর্থেনার্দ্ধকেন বা।
অথবা ক্বথনেনৈব সিদ্ধমুষ্ণোদকং বদেৎ ॥ ১৯ ॥

শীতকষায়বিধি—একপল চূর্ণ ছয় পল জলে আপ্লুত করিয়া সমস্ত রাত্রি ভিজাইয়া রাখিলে, তাহাকে শীতকষায় কহে ॥ ১৬ ॥

তণ্ডুলোদকবিধি—একপল পরিমিত আতপ তণ্ডুল সূক্ষ্ম চূর্ণ করিয়া চতুর্গুণ জলে ভিজাইয়া রাখিবে। তণ্ডুল সকল ভিজিয়া কোমল হইলে সেই জল গ্রহণ করিবে এবং অনুপানাদি সকল কর্ম্মে প্রয়োগ করিবে। কেহ কেহ বলেন শীত-কষায় মাত্রায় তণ্ডুলোদক প্রস্তুত করিবে ॥ ১৭ ॥

ফাণ্টবিধি—সম্যক্ চূর্ণীকৃত একপল দ্রব্য অর্দ্ধসের উষ্ণ জলে কিয়ৎক্ষণ ভিজাইলে ফাণ্ট প্রস্তুত হয় ॥ ১৮ ॥

উষ্ণোদকবিধি—অগ্নিসন্তাপে জল সিদ্ধ করিয়া অষ্টমাংশ, চতুর্থাংশ কিংবা

ক্বাথাদেরবান্তরভেদাল্লেহাদিকমাহ

ক্বাথাদের্যৎ পুনঃপাকাদ্ ঘনত্বং সা রসক্রিয়া।
অবলেহশ্চ লেহশ্চ প্রাশ ইত্যুচ্যতে বুধৈঃ॥ *
বটকো মোদকঃ পিণ্ডী গুড়ো বর্ত্তিস্তথা বটী।
বটিকা গুড়িকা চেতি সংজ্ঞাবান্তরভেদতঃ॥
মাত্রাচ্ছায়াতপচ্ছেদ-বাসবিশ্লেষপেষণৈঃ।
মন্থপীড়নসংযোগ-জলকালবলাবলৈঃ॥
দ্রব্যে গুণান্তরাধানং বিশিষ্টং ক্রিয়তে যতঃ।
তেন মোদকচূর্ণাদি-বটকাশ্চ যথাশ্রুতি॥ ২০॥

অস্যার্থঃ। মাত্রাদয়শ্চৈতে দ্রব্যাণাং বিশিষ্টগুণান্তরাধানং জনয়ন্তি মাত্রাদিভেদাৎ। একমপি দ্রব্যং মাত্রাদিভেদেন বিকারবিশেষং নাশয়তি। যথা রসশাস্ত্রে ত্রিবিক্রমঃ। নবায়সলৌহং শোথপাণ্ড্বাদীন্ হন্তি, ত্রিকত্রয়াদিলৌহঞ্চ গ্রহণ্যাদিকমিত্যনয়োর্দ্রব্যাণাং ভেদাভাবং, কিন্ত্বনয়োর্লৌহস্য কেবলমাত্রাভেদস্যৈব গুণভেদঃ, এবং সর্ব্বত্র ছায়াতপাদিষ্বপি জ্ঞেয়ম্। কেষাঞ্চিদ্ভেষজদ্রব্যাণামবান্তরভেদবিরহেঽপি ছায়াশোষত্বেন চ গুণভেদ ইতি গুরবঃ॥ ২০॥

অর্দ্ধাংশ অবশিষ্ট থাকিতে নামাইলে অথবা কেবল ফুটাইয়া লইলেও উষ্ণোদক বলা যায়॥ ১৯॥

লেহবিধি—ক্বাথাদিকে পুনঃ পাক করিলে যে ঘন পদার্থ জন্মে, তাহাকে অবলেহ, লেহ ও প্রাশ বলে। ইহার মাত্রা—একপল।

বটক—বটক, মোদক, পিণ্ডী, গুড়, বর্ত্তি, বটী, বটিকা ও গুড়িকা এই কয়েকটি বটকের নামান্তর। মাত্রা, ছায়া, আতপ, ছেদ, বাস, বিশ্লেষ, পেষণ, মন্থন, পীড়ন, সংযোগ, জল, কাল ও বলাবল ভেদে দ্রব্যের বিশেষ গুণ জন্মে, সুতরাং চূর্ণমোদকাদি শাস্ত্রে যেরূপ বলা আছে, সেই রূপই করিবে। দৃষ্টান্ত—যেমন নবায়স লৌহে ও ত্রিকত্রয়াদি লৌহে দ্রব্যের কোন প্রভেদ নাই, কিন্তু লৌহের মাত্রাভেদে

---

* মাত্রা স্যাৎ পলোন্মিতা ইত্যপি পাঠঃ।

অথ দ্রব্যাণাং মাত্রাবিধির্লিখ্যতে।

স্থিতির্নাস্ত্যেব মাত্রায়াঃ কালমগ্নিং বলং বয়ঃ।
প্রকৃতিং দেশদোষৌ চ দৃষ্ট্বা মাত্রাং প্রকল্পয়েৎ ॥
যতো মন্দানলা হ্রস্বা হীনসত্ত্বা নরাঃ কলৌ।
অতস্তু মাত্রা তদ্‌যোগ্যা প্রোচ্যতে শুদ্ধসম্মতা * ॥ ২১ ॥

অন্যেঽপ্যাহুঃ—নাল্পং হন্ত্যৌষধং ব্যাধিং যথাল্পাম্বু মহানলম্।
দোষবচ্চাতিমাত্রং স্যাৎ শস্যমত্যুদকং যথা ॥ ২২ ॥

অন্যচ্চ—মাত্রয়া হীনয়া দ্রব্যং বিকারং ন নিবর্ত্তয়েৎ।
দ্রব্যাণামতিবাহুল্যাদ্ ব্যাপৎ সংজায়তে ধ্রুবম্ ॥২৩॥

অন্যচ্চ—মাত্রায়া নাস্ত্যবস্থানং দোষমগ্নিং বলং বয়ঃ।
ব্যাধিং দ্রব্যঞ্চ কোষ্ঠঞ্চ বীক্ষ্য মাত্রাং প্রযোজয়েৎ ॥

শোথপাণ্ড্বাদি এবং ত্রিকত্রয়াদি গ্রহণ্যাদি নষ্ট করিয়া থাকে। এইরূপ দ্রব্যের কোন প্রভেদ না থাকিলেও ছায়াশোষণাদির দ্বারাও ঔষধের গুণভেদ হইয়া থাকে ॥ ২০ ॥

মাত্রাবিধি—মাত্রার বিশেষ কিছু স্থিরতা নাই। কাল, অগ্নি, বল, বয়স্, প্রকৃতি, বাতাদিদোষ ও দেশ বিবেচনা করিয়া ঔষধের মাত্রা নির্দ্দেশ করিবে। কলির মনুষ্যগণ স্বভাবতঃ মন্দানল, হীনসত্ত্ব ও হ্রস্বাকৃতি হইয়া থাকে, সুতরাং তাহাদের পক্ষে যেরূপ মাত্রা যোগ্য, তাহাই বলিব। যেমন অল্পজল প্রবল অগ্নি নির্ব্বাণ করিতে সমর্থ হয় না এবং অধিকজলে শস্যের হানি হইয়া থাকে, সেইরূপ মাত্রাহীন ঔষধ রোগপ্রশমনে সমর্থ হয় না এবং অতিমাত্র ঔষধে নানা অনিষ্ট হইয়া থাকে। সুতরাং ঔষধাদি উপযুক্ত মাত্রায় প্রয়োগ করিবে ॥ ২১—২৩ ॥

মতান্তর।—মাত্রার কোন নির্দ্দিষ্ট পরিমাণ নাই। বাতাদি দোষ, অগ্নি, বল, বয়ঃক্রম, ব্যাধি, দ্রব্য ও কোষ্ঠ বিবেচনা করিয়া উপযুক্ত মাত্রা প্রয়োগ করিবে। তবে স্নেহপদার্থ, ক্বাথ্য পদার্থ, স্বরস, গুড়িকা ও কাল্কিকাদি ঔষধে সাধারণতঃ যে নির্দ্দিষ্ট আছে, তাহা লিখিত হইতেছে। প্রবলাগ্নিবল ব্যক্তির পক্ষে মাত্রা—

---

* সর্ব্বসম্মতেতে বা পাঠঃ।

উত্তমস্য পলং মাত্রা ত্রিভিশ্চাক্ষৈশ্চ মধ্যমে।
জঘন্যস্য পলার্দ্ধেন স্নেহক্কাথ্যৌষধেষু চ ॥ ২৪ ॥
সার্দ্ধং পলং পলঞ্চার্দ্ধং বিদধ্যাদ্ গুড়খণ্ডয়োঃ।
শ্রেষ্ঠমধ্যমহীনেষু মাত্রেয়ং মুনিভিঃ কৃতা ॥
অত্র স্যাৎ সৌশ্রুতং পঞ্চরক্তিমাষাত্মকং পলম্।
মোদকং বটকং লেহং কর্ষমাত্রং প্রযোজয়েৎ।
কর্ষদ্বয়ং পলং বাপি দেয়ং কোষ্ঠাগ্ন্যপেক্ষয়া ॥

অস্যার্থঃ। উত্তমস্য প্রবলাগ্নিবলপুরুষস্য, ন পুনর্যুগবিশেষজাতস্য পুরুষস্য, ক্ষিতৌ কলাবেব শাস্ত্রপ্রচারাৎ। সত্যযুগাদৌ ব্যাধ্যভাবাৎ। উত্তমাদিশব্দানাং যুগাদীনামনভিধানাচ্চ পলমত্র সৌশ্রুতমিতি গুরবঃ। চরকার্দ্ধপলোন্মানং চরকে দশরক্তিকৈরিতি সৌশ্রুতপলং চরকার্দ্ধপলম্। ত্রিভিরক্ষৈরিতি চরকস্য ত্রিভিস্তোলৈঃ। পলার্দ্ধেনেতি চরকে কর্ষৈকেন যুগপ্রভাবাৎ জঘন্যা এব সর্ব্বে, অতএব জঘন্যা মাত্রা সর্ব্বেষাং দাতব্যা। কিঞ্চ কর্ষশ্চূর্ণস্য কল্কস্য গুড়িকানাঞ্চ সর্ব্বশ ইতি জঘন্যমাত্রামাশ্রিত্য চক্রদত্তেন স্বসংগ্রহে লিখিতমিতি দিক্। ক্কাথ্যমিত্যর্হণার্থং যৎ, ক্কাথমর্হতি ইতি ক্কাথ্যং। তেষু।স্নেহক্কাথ্যৌষধেষু অথবা ক্কাথ্যৌষধেষু চেতি ক্কাথ্যমৌষধং যৈঃ ক্ষীরজলকাঞ্জিকাদিভিঃ; অতস্তানি ক্ষীরাদীনি ভক্ষণীয়ানি। অতো ভক্ষণমাত্রেতি গুবরঃ প্রাহুঃ ॥ ২৪ ॥

একপল, মধ্যমাগ্নিবল ব্যক্তির পক্ষে—তিন অক্ষ এবং অধমাগ্নিবল ব্যক্তির পক্ষে—অর্দ্ধপল নির্দ্দিষ্ট। বৃদ্ধ বৈদ্যগণ এস্থলে সৌশ্রুত মান ব্যবহার করিয়া থাকেন। সুশ্রুতের একপল চরকের অর্দ্ধপল; অতএব এস্থলে সুশ্রুতের একপল চারি তোলা। তিন অক্ষ তিন তোলা, অর্দ্ধপল দুই তোলা। কারণ সুশ্রুতে ৫ রতিতে মাষা এবং চরকে দশ রতিতে মাষা; অতএব সুশ্রুতের পরিমাণ অপেক্ষা চরকের পরিমাণ দ্বিগুণ। কলিযুগে সকলেরই অগ্নি বল অতি অল্প, তজ্জন্য সকলের পক্ষেই জঘন্য অর্থাৎ অল্প মাত্রা প্রযোজ্য ॥ ২৪ ॥

গুড় ও খণ্ড প্রবলাগ্নিবল পুরুষের পক্ষে দেড়পল, মধ্যমাগ্নি বলের পক্ষে একপল, এবং হীনাগ্নিবলের পক্ষে অর্দ্ধপল মাত্রা ব্যবস্থা। এখানেও বৃদ্ধ

শ্রেষ্ঠমধ্যমহীনেষু দ্বাদশাষ্টচতুষ্টয়ৈঃ।
মাষকৈর্গুগ্‌গুলোর্ম্মাত্রাং কোষ্ঠং বীক্ষ্যাবতারয়েৎ ॥ ২৫ ॥
গুঞ্জামাত্রং রসং দেবি! হেমজীর্ণঞ্চ ভক্ষয়েৎ।
তারং ত্রিগুঞ্জকং প্রোক্তং রবিজীর্ণং দ্বিগুঞ্জকম্ ॥
লৌহাভ্রনাগবঙ্গানাং খর্পরস্য শিলাজতোঃ।
ষড়্‌গুঞ্জাপ্রমিতা মাত্রা মলোপরসমাষকম্ ॥
কাংস্যপিত্তলয়োর্মানং ভক্ষয়েৎ তাম্রজীর্ণবৎ।
যবমাত্রং বিষং দেবি! গুঞ্জামাত্রন্তু কুষ্ঠিনে ॥
বজ্রং যবদ্বয়মিতং তালকং যবসপ্তকম্।
ততো বুদ্ধা ভিষগ্‌দত্যাৎ প্রায়ো মাত্রেতি কীর্ত্তিতা ॥ ২৬ ॥
তস্মাচ্চ দ্বিবিধং মানং কালিঙ্গং মাগধং তথা।
কালিঙ্গান্মাগধং শ্রেষ্ঠম্ এবং মানবিদো বিদুঃ ॥

পঞ্চশতিমাষাত্মক মানে পল গ্রাহ্য। এইরূপ মোদক, বটক ও লেহ উত্তমাগ্নিবলাদি ভেদে যথাক্রমে একপল, দুইকর্ষ এবং এককর্ষ প্রয়োগ করিবে গুগ্‌গুলুর মাত্রা কোষ্ঠাদি বিবেচনা করিয়া উত্তমাগ্নিবলের বার মাষা, মধ্যাগ্নি বলের পক্ষে আট মাষা এবং অধমাগ্নিবলের পক্ষে চারি মাষা ব্যবস্থা করিবে ॥ ২৫ ॥

শোধিত পারদ ও জারিত স্বর্ণের মাত্রা একরতি, রৌপ্যের মাত্রা তিন রতি, তাম্রের মাত্রা দুইরতি এবং লৌহ, অভ্র, সীসক, বঙ্গ, খর্পর ও শিলাজতুর মাত্রা ছয়রতি। মলধাতু (মণ্ডুরাদি) ও উপরসের মাত্রা একমাষা। কাঁসা ও পিত্তলের মাত্রা দুইরতি। বিষের মাত্রা এক যব, কিন্তু কুষ্ঠরোগিকে একরতি পরিমিত দেওয়া যাইতে পারে। হীরক দুইযব মাত্রায় এবং হরিতাল সাতযব মাত্রায় ব্যবহৃত হয়। সাধারণ ভাবে ইহাদের মাত্রা কথিত হইলেও বিবেচক ভিষক্ রোগির বল, বয়স ও অগ্ন্যাদি লক্ষ্য করিয়া মাত্রা স্থির করিবেন ॥ ২৬ ॥

পূর্ব্বেই বলা হইয়াছে কালিঙ্গ ও মাগধভেদে মান দুই প্রকার, তন্মধ্যে কালিঙ্গ অপেক্ষা মাগধ মান শ্রেষ্ঠ। কালিঙ্গমানই সৌশ্রুত মান, এই মতে পাঁচ রতিতে

কালিঙ্গং সৌশ্রুতং মানং পঞ্চরক্তিকমানতঃ।
দশরক্তিকমানন্তু মাগধং চরকেরিতম্ ॥
তয়োর্মাগধমানন্তু প্রশংসন্তি ভিষগ্বরাঃ।
কালিঙ্গং শুদ্ধলৌহাদি-দ্রব্যস্য * কল্পনে মতম্।
কষায়োঽনুবাসনাদি-দ্রব্যাদানে তু মাগধম্ ॥ ২৭ ॥

পাচনাদৌ জলপরিমাণমাহ

কর্ষাদৌ তু পলং যাবদ্ দদ্যাৎ ষোড়শিকং জলম্ ॥
ততস্তু কুড়বং যাবৎ তোয়মষ্টগুণং ভবেৎ ॥
চতুর্গুণমতশ্চোর্দ্ধং যাবৎ প্রস্থাদিকং ভবেৎ।
ক্বাথ্যদ্রব্যপলে কুর্য্যাৎ প্রস্থার্দ্ধং পাদশেষিতম্ ॥ ২৮ ॥

অস্যার্থঃ। ক্বাথ্যদ্রব্যপল ইতি। প্রবলাগ্নিবলপুরুষাপেক্ষয়া ক্বাথ্যদ্রব্যস্য পলং গ্রাহ্যম্। তৎসাধনার্থং প্রস্থার্দ্ধং জলং দত্ত্বা পাদাবশিষ্টং কার্য্যম্। প্রস্থার্দ্ধত্বাৎ জলমষ্টগুণং শরাবদ্বয়ং পাদশেষেণ পলচতুষ্টয়ং গ্রাহ্যমিত্যর্থঃ ॥ ২৮ ॥

মাষা। চরকোক্ত মানকে মাগধমান কহে, এই মতে দশরতিতে মাষা। চিকিৎসকগণ কালিঙ্গমান অপেক্ষা মাগধ মানেরই আদর করিয়া থাকেন। (কিন্তু ইদানীন্তন চিকিৎসকগণ এক তোলা ও এক টাকার ওজন সমান করিবার নিমিত্ত বাররতিতে মাষা ধরিয়া থাকেন। প্রমাণ যথা—"গৌড়ো দ্বাদশভিস্তথা। অয়ন্তু বিহিতো মাষঃ সদ্ভিগৌড়ে প্রযুজ্যতে ॥" ইতি আনন্দমানসংগৃহীত পরিভাষা) শোধিত লৌহাদি (পাঠান্তরে—গুড় ও লৌহাদি) সেবন বিষয়ে কালিঙ্গমান এবং কষায় ও অনুবাসনাদি দ্রব্যগ্রহণ সম্বন্ধে মাগধ মান প্রশস্ত ॥ ২৭ ॥

পাচনাদিতে জলের পরিমাণ।—দুই তোলা হইতে পলপরিমাণ পর্য্যন্ত ক্বাথ্যদ্রব্য ১৬ গুণ জলে সিদ্ধ করিয়া চতুর্থভাগ শেষ থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইবে। আটতোলার পর কুড়ব পরিমাণ পর্য্যন্ত ক্বাথ্য দ্রব্য আট গুণ এবং

---

* গুড়লৌহাদিদ্রব্যস্যেতি পাঠান্তরম্।

মৃদৌ চতুর্গুণং দেয়ং কঠিনেঽষ্টগুণং ভবেৎ।
কঠিনাৎ কঠিনং যচ্চ দদ্যাৎ ষোড়শিকং জলম্॥
মৃদ্বাদিদ্রব্যসঙ্ঘাতে মানান্যুক্তো চিকিৎসকাঃ।
মধ্যস্থোভয়ভাগিত্বাদিচ্ছন্ত্যষ্টগুণং জলম্॥ ২৯॥

জলপরিমাণপ্রসঙ্গতঃ পাচনানাং দ্রব্য-পরিমাণমাহ

দশরক্তিকমানেন গৃহীত্বা তোলকদ্বয়ে।
দত্বাম্ভঃ ষোড়শগুণং গ্রাহ্যং পাদাবশেষিতম্।
ইমাং মাত্রাং প্রকুর্ব্বন্তি ভিষজঃ পাচনেষু চ॥ ৩০॥

মৃদ্বাদি ইতি আর্দ্রদ্রব্যম্, আদিশব্দাৎ কঠিনাতিকঠিনয়ো গ্রহণম্। এতেষাং মিলিতানাং দ্রব্যাণাম্ অনুক্তজলপরিমাণানাং পাচনাদিসাধনবিধৌ জলপরিমাণং মধ্যস্থ মধ্যস্থিতস্য মৃদ্বতিকঠিনয়োঃ কঠিনস্য জলপরিমাণং প্রাগ্যদুক্তম্ অষ্টগুণং তদেব দত্বা পক্তব্যম্। উভয়ভাগিত্বাদিতি উভয়োর্ম্মৃদ্বতিকঠিনয়োঃ কঠিনস্য জলপরিমাণং প্রাগ্‌যদুক্তম্। মধ্য এব ভাগোক্তত্বাদিতি জলমষ্টগুণমুচিতমেব গুরবঃ ২৯॥

অর্দ্ধ অষ্টগুণ জলে সিদ্ধ করিয়া চতুর্থাংশ অবশিষ্ট থাকিতে নামাইয়া লইবে। অপর —ক্বাথ্যদ্রব্য একপল হইলে অর্দ্ধপ্রস্থ (দ্রবদ্বৈগুণ্যে দুই সের) জলে সিদ্ধ করিয়া চতুর্থভাগাবশেষ থাকিতে নামাইয়া লইতে হয়। ক্বাথ্যদ্রব্য কোমল হইলে চারিগুণ, কঠিন হইলে আটগুণ এবং অত্যন্ত কঠিন হইলে ষোলগুণ জলে সিদ্ধ করিবে। কিন্তু যদি মৃদু কঠিন ও অত্যন্ত কঠিন দ্রব্য একত্র সিদ্ধ করিয়া ক্বাথ করিতে হয়, তবে মিলিত ক্বাথ্য দ্রব্যের আটগুণ জলে সিদ্ধ করিয়া চতুর্থাংশ থাকিতে নামাইয়া লইবে॥ ২৮।২৯॥

জলপরিমাণ প্রসঙ্গে পাচনের দ্রব্যপরিমাণ বলা যাইতেছে—দশরতিতে যে মাষা আধুনিক বাররতিতে যে মাষা), তাহারই আট মাষায় তোলা ধরিয়া সেইরূপ তোলা ঔষধ দ্রব্য ষোলগুণ অর্থাৎ অর্দ্ধসের জলে সিদ্ধ করিয়া পাদাবশেষ অর্থাৎ

অথ যবাগ্বাদিসাধনে জলভেষজয়োঃ পরিমাণমাহ

ক্বাথ্যদ্রব্যাঞ্জলিং ক্ষুণ্ণং শ্রপয়িত্বা জলাঢ়কে।
পাদাবশেষে তেনাথ যবাগ্বাদ্যুপকল্পয়েৎ॥
যূষাংশ্চ রসকাংশ্চৈব কল্পেনানেন সাধয়েৎ॥ ৩১॥
যদপ্সু শৃতশীতাসু ষড়ঙ্গাদি প্রযুজ্যতে।
কর্ষমাত্রং ততো দ্রব্যং সাধয়েৎ প্রাস্থিকেঽম্ভসি।
অর্দ্ধশৃতং প্রয়োক্তব্যং পানে পেয়াদিসংবিধৌ॥ ৩২॥

কল্কসাধ্যাং পেয়ামাহ কেশরী টীকাকারঃ।

কর্ষার্দ্ধং বা কণাশুণ্ঠ্যোঃ কল্কদ্রব্যস্য বা পলম্।
বিনীয় পাচয়েদ্যুক্ত্যা বারিপ্রস্থেন চাপরাম্॥ ৩৩॥

অস্যার্থঃ। কর্ষার্দ্ধমিত্যাদি কণা শুণ্ঠী চ তয়োর্মিলিত্বা কর্ষার্দ্ধং গৃহীত্বা কল্কদ্রব্যস্য চ তণ্ডুলাদেঃ পলং বিনীয়, বিনীয়েতি পাঠে নীত্বা ইত্যর্থঃ। বিলীয়েতি পাঠে কল্কীকৃত্যেত্যর্থঃ। বারিপ্রস্থেনেতি একত্বমবিবক্ষিতং অন্যাস্বপেক্ষয়া অধিকেনেতি যাবৎ, তেন প্রস্থদ্বয়ে জলে সাধয়িত্বার্দ্ধশৃতেন বারিপ্রস্থেন যুক্ত্যা কিঞ্চিন্ন্যূনেন অধিকেন বা প্রবলাগ্নিপুরুষাপেক্ষয়া ইত্থঞ্চাপরাম্ কল্কসাধ্যাং যবাগূং পাচয়েৎ সুসিদ্ধাং কুর্য্যাদিত্যর্থঃ। এবমন্যত্রাপি পেয়াদিসাধনে প্রবলাগ্নিপুরুষাদৌ যুক্ত্যা প্রচুরতরং

যবাগ্বাদি সাধনে জল ও ঔষধের পরিমাণ।—চারিপল ক্বাথ্যদ্রব্য ষোল সের জলে সিদ্ধ করিয়া চতুর্থভাগাবশেষ থাকিতে নামাইয়া তাহাতে ক্বাথসাধ্য যবাগূ, যূষ ও মাংসরস প্রস্তুত করিবে॥ ৩১॥

শৃতশীতপানীয়ার্থ মুস্তকাদি দ্রব্য দুই তোলা, চারিসের জলে সিদ্ধ করিয়া অর্দ্ধাবশেষ থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইবে। পানার্থ ইহা প্রযোজ্য। বিশেষ বিধির উল্লেখ না থাকিলে সাধারণতঃ ক্বাথসাধ্য পেয়া যূষ রসাদিও এই পরিভাষানুসারে প্রস্তুত করিবে॥ ৩২॥

কেশরীটীকাকারের মতে কল্কসাধ্য পেয়া প্রস্তুত বিধি—পিপুল শুঁঠ প্রভৃতি ক্বাথ্যদ্রব্য মিলিত একতোলা (মতান্তরে—প্রত্যেক একতোল

বালাস্ত ত্রিবিধা ভবন্তি; ক্ষীরবর্ত্তী, অন্নবর্ত্তী, উভয়বর্ত্তী চ। উভয়বর্ত্তীতি ক্ষীরান্নাভ্যাং দ্বাভ্যাং বর্ত্তনং যেষামিতি ॥ ৮১ ॥

সামুদ্গমিতি সামুদ্গং ভেষজং বিগ্তাদন্নস্যাদ্যবসানয়োরিতি ॥ ৮২ ॥

রোগ উপস্থিত হইলে তত্তৎরোগোক্ত ঔষধ কল্ক দ্বারা ধাত্রীর স্তন প্রলিপ্ত করিয়া তাহা শিশুকে পান করাইবে ॥ ৭৯। ৮০ ॥

বালক তিন প্রকার; দুগ্ধপায়ী, অন্নভোজী এবং দুগ্ধ ও অন্ন উভয়ভোজী। সুতরাং অদুষ্ট দুগ্ধ ও অন্ন ভোজনে বালকের স্বাস্থ্য এবং দূষিত দুগ্ধ ও অন্ন ভোজনে ব্যাধি উৎপন্ন হইয়া থাকে। অতএব বালকের আহারের বিষয়ে সাবধান হইবে ॥ ৮১ ॥

ভৈষজ্যসেবনকালবিধি—ঔষধ সেবনের কাল আট প্রকার নির্দ্দিষ্ট হইয়াছে; যথা—ভোজনের পূর্ব্বে, ভোজনের মধ্যে, ভোজনের শেষে, মুহুর্ম্মুহুঃ, সামুদ্গ (আহারের আদিতে ও শেষে ঔষধ সেবনের নাম সামুদ্গ), ভক্তসম্ভুক্ত, গ্রাস ও গ্রাসান্তর। অপান বায়ু বিগুণ হইলে ভোজনের পূর্ব্বে, সমান বায়ু কুপিত হইলে ভোজনমধ্যে, ব্যান বায়ু কুপিত হইলে প্রাতর্ভোজনে, উদান বায়ু কুপিত হইলে

সামুদ্গং হিক্কিনে দেয়ং লঘুনান্নেন সংযুতম্।
সভোজ্যং স্বৌষধং ভক্ষ্যৈর্বিচিত্রৈররুচৌ হিতম্॥ ৮৩॥

অন্যেত্বাহুঃ—অভক্তং পূর্ব্বভক্তঞ্চ মধ্যভক্তং সভক্তকম্।
ভক্তোপরিষ্টাৎ সামুদ্গং ভক্তস্যৈবান্তরেঽপিচ॥
গ্রাসে গ্রাসান্তরে চৈব মুহুর্ম্মুহুরিতি স্মৃতঃ।
কালা দশৈতে বীমদ্ভিরৌষধস্য সমাসতঃ॥
বলিনো মহতো ব্যাধেরভুক্তে ভেষজং হিতম্।
সর্ব্বব্যাধিহরং পথ্যং পূর্ব্বভক্তং মহৌষধম্॥
মধ্যকায়গতান্ রোগান্ মধ্যে ভক্তং নিহন্তি চ।
সভক্তং সুকুমারাণাং বালানামৌষধদ্বিষাম্॥
ভক্তোপরিষ্টাৎ শস্তঞ্চ উর্দ্ধজত্রুবিকারিণাম্।
সামুদ্গং বর্চ্চসাম্বন্ধে দীপ্তাগ্নিবলিনাং হিতম্॥
ভক্তয়োরন্তরে জ্ঞেয়ং ভোজনদ্বয়মধ্যতঃ।
তচ্চ নিত্যং প্রযুঞ্জীত মধ্যদেহবিকারিণাম্॥

ভোজনের পরে, প্রাণ বায়ু দূষিত হইলে গ্রাসে ও গ্রাসান্তরে, শ্বাস কাস ও পিপাসায় মুহুর্ম্মুহুঃ, হিক্কায় লঘু অন্নের সহিত সংযুক্ত করিয়া আহারের পূর্ব্বে ও পরে এবং অরুচিতে বিবিধ রুচিকর ভোজ্যের সহিত ঔষধ প্রয়োগ করিবে॥ ৮২। ৮৩॥

প্রকারান্তর—অভক্ত, পূর্ব্বভক্ত, মধ্যভক্ত, সভক্তক, ভক্তানন্তর, সামুদ্গ, ভোজনমধ্যবর্ত্তী, প্রতিগ্রাস, গ্রাসান্তর ও মুহুর্ম্মুহুঃ এই দশ প্রকার ঔষধ সেবনের কাল নির্দ্দিষ্ট হইয়াছে। রোগী বলবান্ এবং ব্যাধি প্রবল হইলে অভক্ত অর্থাৎ অনাহারে ঔষধ সেবন হিতকারী। পূর্ব্বভক্ত অর্থাৎ আহারের পূর্ব্বে সেবিত ঔষধ সর্ব্বব্যাধিনাশক ও হিতজনক। মধ্যভক্ত (ভোজনের মধ্যকালে সেবিত) ঔষধ মধ্যগত রোগনাশক। সভক্ত (অন্নের সহিত সেবিত) ঔষধ সুকুমারপ্রকৃতি ঔষধদ্বেষী বালকদিগের পক্ষে হিতকর। ভক্তানন্তর অর্থাৎ ভোজনের পর সেবিত

গ্রাসে গ্রাসে কৃশাগ্নীনাং বাহ্যাসক্তধিয়ামপি।
গ্রাসান্তরে হিতং বিদ্যাৎ কুষ্ঠমেহবিকারিণাম্।
শ্বাসকাসপিপাসানাং তৎ তু কার্য্যং মুহুর্ম্মুহুঃ॥ ৮৪॥
অন্যচ্চ—ভৈষজ্যমভ্যবহরেৎ প্রভাতে প্রায়শো বুধঃ।
কষায়াংস্তু বিশেষেণ তত্র ভেদস্তু দর্শিতঃ॥ ৮৫॥

প্রথমকালঃ।

জ্ঞেয়ঃ পঞ্চবিধঃ কালো ভৈষজ্যগ্রহণে নৃণাম্।
কিঞ্চিৎ সূর্য্যোদয়ে জাতে তথা দিবসভোজনে॥
সায়ন্তনে ভোজনে চ মুহুশ্চাপি তথা নিশি।
প্রায়ঃ পিত্তকফোদ্রেকে বিরেকবমনার্থয়োঃ॥

ভেদঃ পুনঃ কষায়পানেন বা পয়স্তু প্রাতঃ সায়ং মধ্যাহ্নে রাত্রৌ চ ব্যাধি-বিশেষ-ধাতুবিশেষ-প্রকৃতিবিশেষ-তারতম্যতয়া দেয়মিত্যর্থঃ॥ ৮৫॥

রোগির পক্ষে সামুদ্গ (ভোজনের আদি ও অন্তে সেবিত ঔষধকে সামুদ্গ কহে) ঔষধ হিতকর। মধ্যদেহসংক্রান্ত রোগে ভোজন দ্বয়ের মধ্যে ঔষধসেবন হিতকর। হীনাগ্নি ও বাহ্যাসক্ত বুদ্ধি ব্যক্তির পক্ষে প্রতিগ্রাসে ঔষধ সেবন উপকারী। কুষ্ঠ ও মেহরোগাক্রান্ত ব্যক্তির পক্ষে গ্রাসান্তরে সেবিত ঔষধ প্রশস্ত। শ্বাস, কাস ও তৃষ্ণা রোগে বারংবার ঔষধ সেবন আবশ্যক॥ ৮৪॥

অন্যপ্রকার।—পণ্ডিতগণ প্রায়ই প্রাতঃকালে ঔষধ প্রয়োগ করেন। কেবল ক্বাথ বা দুগ্ধ, ব্যাধি ধাতু ও প্রকৃতিভেদে প্রাতঃকালে, মধ্যাহ্নে বা সায়ংকালে ব্যবস্থা করিয়া থাকেন॥ ৮৫॥

মতান্তর।—শাস্ত্রান্তরে ঔষধ সেবনের কাল পাঁচপ্রকার উক্ত হইয়াছে। যথা—সূর্য্যোদয়ের কিঞ্চিৎ পরে, দিবাভোজনকালে, সায়ং ভোজনকালে, মুহুর্মুহুঃ ও

লেখনার্থে চ ভৈষজ্যং প্রভাতেঽনন্নমাহরেৎ।
এবং স্যাৎ প্রথমঃ কালো ভৈষজ্যগ্রহণে নৃণাম্॥ ৮৬॥

দ্বিতীয়কালঃ।

ভৈষজ্যং বিগুণেঽপানে ভোজনাগ্রে প্রশস্যতে।
অরুচৌ চিত্রভোজ্যৈশ্চ মিশ্রং রুচিরমাহরেৎ॥
সমানবাতে বিগুণে মন্দেঽগ্নাবপি দীপনম্।
দদ্যাদ্ ভোজনমধ্যে তু ভৈষজ্যং কুশলো ভিষক্॥
ব্যানকোপে চ ভৈষজ্যং ভোজনান্তে সমাহরেৎ।
হিক্কাক্ষেপককম্পেষু পূর্ব্বমন্তে চ ভোজনাৎ॥
এবং দ্বিতীয়কালশ্চ প্রোক্তো ভৈষজ্যকর্ম্মণি॥ ৮৭॥

তৃতীয়কালঃ।

উদানে কুপিতে বাতে স্বরভঙ্গাদিকারিণি।
গ্রাসে গ্রাসান্তরে দেয়ং ভৈষজ্যং সান্ধ্যভোজনে॥
প্রাণে প্রদুষ্টে সান্ধ্যস্য ভক্তস্যান্তে চ দীয়তে।
ঔষধং প্রায়শো ধীরৈঃ কালোঽয়ং স্যাৎ তৃতীয়কঃ॥ ৮৮॥

প্রথমকাল। পিত্ত ও শ্লেষ্মার প্রকোপে এবং বিরেচন বমন ও লেখনার্থে প্রাতঃকালে আহার না করিয়া ঔষধ সেবন করিতে হয়॥ ৮৬॥

দ্বিতীয়কাল। অপান বায়ু দূষিত হইলে ভোজনের অগ্রে ঔষধ সেবন প্রশস্ত। অরুচিতে নানা প্রকার খাদ্যের সহিত মিশ্রিত করিয়া রুচিজনক ঔষধ সেবনীয়। সমান বায়ু দূষিত এবং অগ্নিমান্দ্য হইলে অগ্নিদীপক ঔষধ ভোজনমধ্যে সেবন করিবে। ব্যান বায়ু প্রকুপিত হইলে ভোজনের শেষে এবং হিক্কা আক্ষেপ ও কম্পে ভোজনের প্রথমে ও পরে ঔষধ সেবন করিতে হয়॥ ৮৭॥

তৃতীয় কাল। স্বরভঙ্গাদিকারক উদান বায়ু কুপিত হইলে সায়ং ভোজনের প্রতি গ্রাসান্তরে ঔষধ সেবনীয়। প্রাণবায়ু প্রকুপিত হইলে সান্ধ্যভোজনের পর ঔষধ সেব্য॥ ৮৮॥

চতুর্থকালঃ।

মুহুর্ম্মুহুশ্চ তৃট্‌ছর্দ্দি-হিক্কাশ্বাসগরেষু চ।
সান্নঞ্চ ভেষজং দদ্যাদিতি কালশ্চতুর্থকঃ ॥ ৮৯ ॥

পঞ্চমকালঃ।

ঊর্দ্ধজত্রুবিকারেষু লেখনে বৃংহণে তথা।
পাচনে শমনে দেয়মনন্নং ভেষজং নিশি ॥
ইত্যয়ং পঞ্চমঃ কালঃ প্রোক্তো ভৈষজ্যহেতবে ॥ ৯০ ॥

অথ ক্রিয়াকালব্যবস্থামাহ

যা তূদীর্ণং শময়তি নান্যং ব্যাধিং করোতি চ।
সা ক্রিয়া নতু যা ব্যাধিং হরত্যন্যমুদীরয়েৎ ॥ ৯১ ॥

তথাচ চরক-চিকিৎসাপ্রাভৃতীয়াধ্যায়ে—

যাভিঃ ক্রিয়াভির্জায়ন্তে শরীরে ধাতবঃ সমাঃ।
সা হি ক্রিয়া বিকারাণাং কর্ম্ম তদ্ভিষজাং মতম্ ॥ ৯২ ॥

অন্যমিতি জ্বরাদীনাম্ অন্যতমং ন উদীরয়েদিতি ন বর্দ্ধয়েৎ, ন জনয়েদিত্যর্থঃ ॥৯১॥
ভিষজাং চিকিৎসকানামিত্যর্থঃ ॥ ৯২ ॥

চতুর্থ কাল। তৃষ্ণা, বমি, হিক্কা, শ্বাসরোগ ও বিষদোষে মুহুর্ম্মুহুঃ অন্নের সহিত ঔষধ প্রযোজ্য ॥ ৮৯ ॥

পঞ্চম কাল। ঊর্দ্ধজত্রুগত রোগে এবং লেখন, বৃংহণ, পাচন ও শমনার্থে রাত্রিতে ঔষধ প্রযোজ্য ও লঙ্ঘন ব্যবস্থেয় ॥ ৯০ ॥

চিকিৎসার লক্ষণ—যাহা উৎপন্ন ব্যাধির শমতা করে অথচ অন্য রোগ আনয়ন করে না, তাহাই চিকিৎসা নামে অভিহিত। কিন্তু যাহা এক রোগের শমতা করিয়া অন্যরোগের উৎপত্তি করে তাহাকে চিকিৎসা বলা যায় না। চরক বলেন—ধাতু সকল বিষম হইলে যে সকল ক্রিয়া দ্বারা শরীরে সমধাতু উৎ-
চিকিৎসা এবং তাহাই চিকিৎসকের কর্ত্তব্য ॥ ৯১ । ৯২ ॥

অল্পে গদে মহৎ কর্ম্ম ক্রিয়া লঘ্বী মহাগদে।
দ্বয়মেতদকৌশল্যং কৌশল্যং যুক্তিকর্ম্মতা ॥ ৯৩ ॥
ক্রিয়ায়াস্তু গুণালাভে ক্রিয়ামন্যাং সমাচরেৎ।
পূর্ব্বস্যাং শান্তবেগায়াং ন ক্রিয়াসঙ্করো মতঃ ॥ ৯৪ ॥

তথাপি সাঙ্কর্য্যমাহ

ক্রিয়াভিস্তুল্যরূপাভিঃ ক্রিয়াসাঙ্কর্য্যমিষ্যতে।
ভিন্নরূপতয়া তাস্তু তন্ন কুর্ব্বন্তি দূষণম্ ॥ ৯৫ ॥

সঙ্করো ব্যামিশ্রতা। অতো মুখ্যপ্রয়োগাণাং মিশ্রণং একস্মিন্নেব রোগিণি ন কর্ত্তব্যং, পরস্পরগুণবিরোধাৎ ভৈষজ্যগুণবৈকল্যাদগ্নিমান্দ্যজননত্বাচ্চ ॥ ৯৪ ॥

তুল্যরূপাভিঃ ক্রিয়াভিঃ ক্রিয়াসাঙ্কর্য্যমিষ্যতে, তু পুনস্তাঃ ক্রিয়াঃ চেদ্ভিন্নরূপা ভবন্তি তদা ন সাঙ্কর্য্যমিতি তু শব্দেনৈতদুচ্যতে। অতো ভিন্নরূপতয়া অতুল্যরূপাভিঃ ক্রিয়াভির্ন ক্রিয়াসাঙ্কর্য্যং ভবতীত্যর্থঃ। এতেনৈবং বোধয়তি পাচনঘৃতয়োর্দ্বয়োর্গুড়বটকলেহগুড়িকাদীনাঞ্চ পাচনযুক্তানামেকস্মিন্নেব রোগিণ্যেকদিনে প্রয়োগঃ কর্ত্তব্যো যথা ব্যাধেরনুপানং যদ্যৎপাচনং বিহিতমিতি, কিন্তু ভিন্নরূপেণৌষধদ্বয়েন দোষপ্রসঙ্গঃ স্যাদেব, অতঃ পরস্পরবিরোধিত্বেন ঔষধদ্বয়কল্পনা ন কার্য্যা। যথা গুড়িকাদ্বয়ে লেহদ্বয়মধিকমিতি দিক্ ॥ ৯৫ ॥

স্বল্পরোগে প্রবল চিকিৎসা বা প্রবল রোগে সামান্য চিকিৎসা উভয়ই অহিতকর। যুক্তিপূর্ব্বক চিকিৎসাই কুশল চিকিৎসকের কার্য্য ॥ ৯৩ ॥

অনুষ্ঠিত কোন চিকিৎসায় ফললাভ না হইলে পূর্ব্ব ক্রিয়ার বেগ শান্ত হইলে পর তবে অন্যপ্রকার চিকিৎসা করিবে। একত্র মিশ্রচিকিৎসা করিবে না। কারণ, একই রোগিতে একই প্রকারের মিশ্র চিকিৎসা নিষিদ্ধ, এইরূপ মিশ্রপ্রয়োগ পরস্পর গুণবিরোধী ঔষধের গুণহানিকর এবং অগ্নিমান্দ্যজনক। কিন্তু ভিন্নপ্রকারে প্রযুক্ত মিশ্র-চিকিৎসা দোষজনক নহে ॥ ৯৪ । ৯৫ ॥

কতকগুলি ঋষি ছয় অহোরাত্রে কতকগুলি সাত অহোরাত্রে ঋতুর পরিবর্ত্তন ইচ্ছা করেন।

ষড়্ভিঃ কেচিদহোরাত্রৈঃ কেচিৎ সপ্তভিরেব চ।
ইচ্ছন্তি মুনয়ঃ প্রায়ো রসস্য পরিবর্ত্তনম্॥
শীতে শীতপ্রতিকার উষ্ণে চোষ্মনিবারণম্।
কৃত্বা কুর্য্যাৎ ক্রিয়াং প্রাপ্তাং ক্রিয়াকালং ন হাপয়েৎ ॥৯৬॥
সর্ব্বঞ্চ রোগে প্রশমায় কর্ম্ম হীনাতিরিক্তং বিপরীতকালম্।
মিথ্যোপচারান্নহি তদ্বিকারং শান্তিং নয়েৎ পথ্যমপি প্রযুক্তম্॥ ৯৭ ॥

অথ পারিভাষিকীসংজ্ঞা।

বৃক্ষাম্লমাতুলুঙ্গাম্লৌ বদরাম্লাম্লবেতসৌ।
চতুরম্লমিদং তদ্ধি পঞ্চাম্লঞ্চ সদাড়িমম্॥ ৯৮ ॥
সৌবর্চ্চলং সৈন্ধবঞ্চ বিড়মৌদ্ভিদমেব চ।
সামুদ্রেণ সহৈতানি পঞ্চ স্যুর্লবণানি চ।
একদ্বিত্রিচতুঃপঞ্চ লবণানি ক্রমাদ্বিদুঃ॥ ৯৯ ॥

শীতকালে শীতনিবারণ অর্থাৎ শীতবিপরীত উষ্ণ ব্যবস্থা এবং উষ্ণ কালে উষ্মনিবারণ অর্থাৎ উষ্মবিপরীত শীতলব্যবস্থা করিয়া যোগ্য চিকিৎসা করিবে। চিকিৎসার সময় উপস্থিত হইলে কখন তাহা লঙ্ঘন করিবে না॥ ৯৬॥

সুপথ্য প্রযুক্ত হইলেও হীনক্রিয়া, অতিরিক্ত ক্রিয়া, বিপরীত কাল অথবা মিথ্যোপচার এই সকল কারণে রোগ প্রশমিত হয় না॥ ৯৭॥

পারিভাষিকসংজ্ঞা।

চতুরম্ল ও পঞ্চাম্লের লক্ষণ—বৃক্ষাম্ল (মহাদা), ছোলঙ্গ, কুল, অম্লবেতস এই চারিটির সংযোগকে চতুরম্ল এবং এই চতুরম্লের সহিত দাড়িম যুক্ত করিলে তাহাকে পঞ্চাম্ল বলে॥ ৯৮॥

পঞ্চলবণ—সৌবর্চ্চল, সৈন্ধব, বিট্, ঔদ্ভিদ ও সামুদ্র লবণ এই পাঁচটির সংযোগকে পঞ্চলবণ কহে এবং যথাক্রমে ইহাদের একটিকে একলবণ, দুইটির সংযোগকে দ্বিলবণ, তিনটির সংযোগকে ত্রিলবণ, চারিটির সংযোগকে চতুর্লবণ

অবিমূত্রমজামূত্রং গোমূত্রং মাহিষঞ্চ যৎ।
হস্তিমূত্রমথোষ্ট্রস্য হয়স্য চ খরস্য চ।
ইতি প্রোক্তানি মূত্রাণি যথাসামর্থ্যযোগতঃ ॥ ১০০ ॥
সর্পিস্তৈলবসামজ্জা স্নেহোঽপ্যুক্তশ্চতুর্ব্বিধঃ।
পানাভ্যঞ্জনবস্ত্যর্থং নস্যার্থঞ্চৈব যোগতঃ ॥ ১০১ ॥
অবিক্ষীরমজাক্ষীরং গোক্ষীরং মাহিষঞ্চ যৎ।
উষ্ট্রীণাং হস্তিনীনাঞ্চ বড়বায়াঃ স্ত্রিয়স্তথা ॥ ১০২ ॥
চাতুর্জাতং সমাখ্যাতং ত্বগেলাপত্রকেশরৈঃ ॥ ১০৩ ॥
তদেব ত্রিসুগন্ধি স্যাৎ ত্রিজাতকমকেশরম্ ॥ ১০৪ ॥
চাতুর্জাতককর্পূর-ককোলাগুরুসিহ্লকম্।
লবঙ্গসহিতঞ্চৈব সর্ব্বগন্ধং বিনির্দ্দিশেৎ ॥ ১০৫ ॥
পথ্যা বিভীতকং ধাত্রী মহতী ত্রিফলা মতা।
স্বল্পা কাশ্মর্য্যখর্জ্জুর-পরূষকফলৈর্ভবেৎ ॥ ১০৬ ॥

মূত্রবর্গ—মেষীমূত্র, ছাগীমূত্র, গোমূত্র, মাহিষ মূত্র, হস্তিমূত্র, উষ্ট্রমূত্র, অশ্বমূত্র ও গর্দ্দভমূত্র ; এই সকল মূত্র যথালাভ ঔষধে প্রযোজ্য ॥ ১০০ ॥

চতুর্ব্বিধ স্নেহ।—ঘৃত, তৈল, বসা, মজ্জা এই চারি প্রকার স্নেহ শাস্ত্রে হইয়াছে। পান, অভ্যঙ্গ, বস্তিকার্য্য ও নস্যার্থ ইহারা প্রযোজ্য ॥ ১০১ ॥

দুগ্ধবর্গ—মেষীদুগ্ধ, ছাগীদুগ্ধ, গোদুগ্ধ, মাহিষ দুগ্ধ, উষ্ট্রীদুগ্ধ ও গর্দ্দভী দুগ্ধ ; এই কয়েকটিকে দুগ্ধবর্গ বলে ॥ ১০২ ॥

চাতুর্জাত ও ত্রিজাতকের লক্ষণ—দারুচিনি, এলাইচ, তেজপত্র ও নাগকেশর এই কয়েকটীর সংযোগকে চাতুর্জাতক এবং নাগকেশর ভিন্ন দারুচিনি প্রভৃতি তিনটীকে ত্রিজাতক কহে ॥ ১০৩। ১০৪ ॥

সর্ব্বগন্ধ—দারুচিনি, এলাইচ, তেজপত্র, নাগকেশর, কর্পুর, কাঁকলা, অগুরু শিহ্লক ও লবঙ্গ এই কয়টির সংযোগকে সর্ব্বগন্ধ কহে ॥ ১০৫ ॥

ত্রিফলা—হরীতকী, বহেড়া ও আমলকী ইহ

পিপ্পলী শৃঙ্গবেরঞ্চ মরিচং ত্র্যূষণং বিদুঃ।
বিড়ঙ্গমুস্তচিত্রৈশ্চ ত্রিমদঃ সমুদাহৃতঃ ॥ ১০৭ ॥
উড়ুম্বরো বটোঽশ্বত্থো বেতসঃ প্লক্ষ এবচ।
পঞ্চৈতে ক্ষীরিণো বৃক্ষাঃ সংজ্ঞায়াং সমুদাহৃতাঃ ॥ ১০৮ ॥
আম্রজম্বূকপিত্থানাং বীজপূরকবিল্বয়োঃ।
গন্ধকর্ম্মণি সর্ব্বত্র পত্রাণি পঞ্চপল্লবম্ ॥ ১০৯ ॥
পিপ্পলীপিপ্পলীমূল-চব্যচিত্রকনাগরম্।
পঞ্চকোলমিদং প্রাহুঃ পঞ্চোষণমথাপরে ॥ ১১০ ॥
পঞ্চকোলং সমরিচং ষড়ূষণমুদাহৃতম্ ॥ ১১১ ॥

বেতসোঽত্র গন্ধিন ইতি খ্যাতঃ। গন্ধমুস্ত ইত্যুত্তরদেশে যস্য প্রসিদ্ধিঃ। প্লক্ষ ইতি বটঃ, অথবা পর্কটীত্যশ্বত্থভেদঃ ॥ ১০৮ ॥

এবং গাম্ভারী ফল, খর্জ্জুর ও ফল্‌সা এই তিনটির সংযোগকে স্বল্পা ত্রিফলা কহে ॥১০৬॥

ত্রিকটু ও ত্রিমদ।—শুঁঠ, পিপুল ও মরিচ এই তিনটীকে ত্রিকটু এবং বিড়ঙ্গ মুতা ও চিতার সংযোগকে ত্রিমদ কহে ॥ ১০৭ ॥

ক্ষীরিবৃক্ষ—যজ্ঞডুমুর, বট, অশ্বত্থ, বেতস (একপ্রকার গন্ধযুক্তবৃক্ষ; উত্তরদেশে ইহাকে গন্ধমুতা বলে) ও প্লক্ষ (পাকুড়); এই পাঁচটিকে ক্ষীরিবৃক্ষ বলে ॥ ১০৮ ॥

পঞ্চপল্লব।—আম, জাম, কয়েৎবেল, টাবালেবু ও বেল এই পাঁচটির পত্রকে পঞ্চপল্লব কহে। পঞ্চপল্লব গন্ধকার্য্যার্থ ব্যবহৃত হয় ॥ ১০৯ ॥

পঞ্চকোল—পিপুল, পিপুলমূল, চৈ, চিতামূল ও শুঁঠ মিলিত এই পাঁচটিকে পঞ্চকোল বা পঞ্চোষণ কহে ॥ ১১০ ॥

ষড়ূষণ—উল্লিখিত পঞ্চকোলের সহিত মরিচ মিলিত হইলে তাহাকে ষড়ূষণ

বিল্বশ্যোনাকগাম্ভারীপাটলাগণিকারিকা।
এতন্মহৎ পঞ্চমূলং সংজ্ঞয়া সমুদাহৃতম্॥ ১১২॥
শালপর্ণীপৃশ্নিপর্ণীবৃহতীদ্বয়গোক্ষুরম্।
কনীয়ঃ পঞ্চমূলং স্যাদুভয়ং দশমূলকম্॥ ১১৩॥
কুশঃ কাশঃ শরো দর্ভ ইক্ষুশ্চৈব তৃণোদ্ভবম্।
পঞ্চতৃণমিদং খ্যাতং তৃণজং পঞ্চমূলকম্॥ ১১৪॥
বিদারী চাজশৃঙ্গী চ রজনী সারিবামৃতম্।
বল্লীজং পঞ্চমূলঞ্চ কথিতং মুনিপুঙ্গবৈঃ॥ ১১৫॥
করমর্দ্দঃ শ্বদংষ্ট্রা চ হিংস্রা ঝিণ্টী শতাবরী।
কণ্টকাখ্যং পঞ্চমূলং নির্দ্দিষ্টং সূক্ষ্মবুদ্ধিভিঃ॥ ১১৬॥
ঋদ্ধির্বৃদ্ধিশ্চ মেদে দ্বে তথার্ষভকজীবকৌ।
কাকোলী ক্ষীরকাকোলীত্যষ্টবর্গঃ প্রকীর্ত্তিতঃ॥ ১১৭॥

করমর্দ্দঃ করঞ্জা। শ্বদংষ্ট্রা গোক্ষুরকঃ। হিংস্রা কুড়বকালী কালিয়াকড়া, স্পষ্টমন্যৎ। ১১৬॥

দশমূল—বিল্ব, শোনা, গাম্ভার, পারুল ও গণিয়ারি এই পাঁচটি বৃক্ষের মূলের ছালকে বৃহৎ পঞ্চমূল এবং শালপানি, চাকুলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর এই পাঁচটিকে স্বল্পপঞ্চমূল কহে। এই উভয় পঞ্চমূল মিলিত করিলে তাহাকে দশমূল বলা যায়॥ ১১২। ১১৩॥

পঞ্চতৃণ—কুশমূল, কাশমূল, শরমূল, উলুমূল ও কৃষ্ণেক্ষুমূল এই পাঁচটিকে পঞ্চ তৃণ বা তৃণপঞ্চমূল বলে॥ ১১৪॥

বল্লীপঞ্চমূল—ভূমিকুষ্মাণ্ড, মেষশৃঙ্গী, হরিদ্রা, অনন্তমূল ও গুলঞ্চ এই পাঁচটিকে বল্লীপঞ্চমূল কহে॥ ১১৫।

কণ্টকপঞ্চমূল—করঞ্জ, গোক্ষুর, কালিয়া কড়া, ঝাঁটী ও শতমূলী এই পাঁচটি কণ্টকপঞ্চমূল বলিয়া উক্ত হইয়াছে॥ ১১৬॥

অষ্টবর্গ—ঋদ্ধি, বৃদ্ধি, মেদা, মহামেদা, ঋষভক, জীবক, কাকোলী ও ক্ষীরকাকোলী এই আটটি দ্রব্যের সংযোগকে অষ্টবর্গ বলা যায়॥ ১১৭॥

অষ্টবর্গশ্চ পর্ণিন্যৌ জীবন্তীমধুকং তথা।
জীবনীয়গণঃ প্রোক্তো জীবনশ্চ পুনস্ততঃ ॥ ১১৮ ॥
শোভাঞ্জনস্য যদ্বীজং তৎ শ্বেতমরিচং স্মৃতম্।
জ্যেষ্ঠাম্বু তণ্ডুলাম্বু স্যাদুষ্ণাম্বু চ সুখোদকম্।
গুড়যোগাদ্ গুড়াম্বু স্যাদ্ গুড়বর্ণরসান্বিতম্ ॥ ১১৮ ॥
নিরস্থি পিশিতং পিষ্টং স্বিন্নং গুড়ঘৃতান্বিতম্।
কৃষ্ণামরিচসংযুক্তং বেশবার ইতি স্মৃতঃ ॥ ১২০ ॥
কাঞ্জিকব্যুষিতং পক্কং মূলকং স্বম্লমূলকম্ ॥ ১২১ ॥
দধ্নঃ সসারকস্যাত্র তক্রং কট্বরমিষ্যতে ॥ ১২২ ॥
তক্রং হ্যুদশ্বিন্মথিতং পাদাম্বর্দ্ধাম্বু নির্জ্জলম্।
দধ্না সহ পয়ঃ পক্কং সা ভবেদ্দধিকূর্চ্চিকা।
তক্রেণ পক্কং যৎ ক্ষীরং সা ভবেৎ তক্রকূর্চ্চিকা ॥ ১২৩ ॥

জীবনীয় গণ—পূর্ব্বোক্ত অষ্টবর্গোক্ত দ্রব্য সকলের সহিত মাষাণী, মুগানী, জীবন্তী ও যষ্টিমধু মিলিত করিলে, তাহাকে জীবনীয়গণ বলা যায় ॥ ১১৮ ॥

শজিনার বীজকে শ্বেতমরিচ কহে। তণ্ডুলোদককে জ্যেষ্ঠাম্বু এবং উষ্ণ জলকে সুখোদক কহে।

ক্ষা গুড়াম্বু লক্ষণ—গুড়সংযোগে উৎপন্ন, গুড়ের বর্ণ ও রস বিশিষ্ট জলকে গুড়াম্বু বলে ॥ ১১৯ ॥

বেশবার লক্ষণ—অস্থিরহিত পিসিত মাংস গুড়, ঘৃত, পিপুল ও মরিচ সংযুক্ত করিয়া পাক করিলে বেশবার প্রস্তুত হয় ॥ ১২০ ॥

পক্কমূলা কাঁজিতে ভিজাইয়া বাসি করিলে তাহাকে অম্লমূলক কহে ॥ ১২১ ॥

কট্বর—সারবিশিষ্ট দধিজাত তক্রের নাম কট্বর ॥ ১২২ ॥

তক্র উদশ্বিৎ মথিত—চতুর্থাংশ জল মিশ্রিত দুগ্ধজাত দধি মন্থন করিলে তাহাকে তক্র, অর্দ্ধাংশ জলমিশ্রিত দধি মন্থন করিলে তাহাকে উদশ্বিৎ এবং নির্জ্জল-দুগ্ধজাত দধি মন্থন করিলে তাহাকে মথিত কহে।

কন্দমূলফলাদীনি সস্নেহলবণানি চ।
যত্র দ্রব্যেঽভিষূয়ন্তে তচ্ছুক্তমভিধীয়তে ॥ ১২৪ ॥
সীধুরিক্ষুরসৈঃ পক্কৈরপক্কৈরাসবো ভবেৎ।
মৈরেয়ং ধাতকীপুষ্প-গুড়ধান্যাম্লসংহিতম্ ॥
আরনালস্তু গোধূমৈরামৈঃ স্যান্নিস্তুষীকৃতৈঃ।
পক্কৈর্ব্বা সন্ধিতৈস্তৎ তু সৌবীরসদৃশং গুণৈঃ ॥ ১২৫ ॥
মন্থনী নূতনা ধার্য্য কটুতৈলেন লেপিতা।
নির্ম্মলেনাম্বুনাপূর্য্য তস্যাং চূর্ণং বিনিঃক্ষিপেৎ ॥
রাজিকাজীরলবণ-হিঙ্গুশুণ্ঠীনিশাকৃতম্।
নিক্ষিপেদ্বটকাংস্তত্র ভাণ্ডস্যাস্যঞ্চ মুদ্রয়েৎ ॥
ততো দিনত্রয়াদূর্দ্ধমম্লাঃ স্যুর্ব্বটকা ধ্রুবম্ ॥ ১২৬ ॥

দধিকূর্চ্চিকা—দধির সহিত পক্ক দুগ্ধকে দধিকূর্চ্চিকা কহে।

তক্রকূর্চ্চিকা—তক্রের সহিত পক্ক দুগ্ধকে তক্রকূর্চ্চিকা বলে ॥ ১২৩ ॥

শুক্ত—কন্দ, মূল, ফলাদি দ্রব্য—তৈল ও লবণ সংযুক্ত করিয়া কোন তরল দ্রব্যে ভিজাইয়া সন্ধিত করিলে শুক্ত প্রস্তুত হয় ॥ ১২৪ ॥

সীধু ও আসব—পক্ক ইক্ষুরসে প্রস্তুত মদ্য বিশেষের নাম সীধু এবং অপক্ক ইক্ষুরসে প্রস্তুত মদ্য বিশেষের নাম আসব।

মৈরেয়—ধাইফুল, গুড় ও কাঁজী সংযোগে প্রস্তুত মদ্যের নাম মৈরেয়।

আরনাল—কাঁচা বা পক্ক তুষ রহিত গোধূম জলে সন্ধিত হইলে যে পদার্থ হয়, তাহাকে আরনাল কহে। উহা গুণে সৌবীরের সমান ॥ ১২৫ ॥

অম্লবটক—একটি নূতন হাঁড়ি সর্ষপ তৈলে প্রলিপ্ত করিয়া তাহা নির্ম্মল জলে পূর্ণ করিবে। তাহাতে উপযুক্ত পরিমাণে শ্বেতসর্ষপ, জীরা, সৈন্ধব লবণ, হিঙ্গু, শুঁঠ ও হরিদ্রা চূর্ণ দিয়া বটক (বড়া) সকল নিক্ষেপ করিবে এবং হাঁড়ির মুখ বন্ধ করিয়া রাখিবে। এইরূপ তিন দিন রাখিলেই অম্ল বটক প্রস্তুত হইবে ॥ ১২৬ ॥

তিলতণ্ডুলমাষৈশ্চ কৃশরা ত্রিশরেতি সা ॥ ১২৭ ॥
যন্মস্ত্বাদিশুচৌ ভাণ্ডে সগুড়ক্ষৌদ্রকাঞ্জিকম্।
ধান্যরাশৌ ত্রিরাত্রস্থং শুক্তং চুক্রং তদুচ্যতে ॥ ১২৮ ॥
যদপক্কৌষধাম্বুভ্যাং সিদ্ধং মদ্যং স আসবঃ ॥
অরিষ্টঃ ক্বাথসিদ্ধঃ স্যাৎ সম্পক্বো মধুরদ্রবৈঃ।
আশৃতশ্চাপি সীধুঃ স্যাদিত্যাহুস্তদ্বিদো জনাঃ ॥ ১২৯
সুরামণ্ডঃ প্রসন্না স্যাৎ ততঃ কাদম্বরী ঘনা।
তদধো জগলো জ্ঞেয়ো মেদকো জগলাদ্‌ঘনঃ ॥
বক্কসো হৃতসারঃ স্যাৎ সুরাবীজঞ্চ কিণ্বকম্।
যত্তালখর্জ্জূররসৈরাবৃতা সৈব বারুণী ॥ ১৩০ ॥

আশৃত ইতি সম্যক্ পক্কঃ ॥ ১২৯ ॥

কৃশরা—তিল, তণ্ডুল ও মাষকলায় সংযোগে কৃশরা (খিচুড়ী) বা ত্রিশরা প্রস্তুত হয় ॥ ১২৭ ॥

চুক্র—পরিষ্কৃত পাত্রে দধির মাত্ প্রভৃতি দ্রব্য, গুড়, মধু ও কাঁজীর সহিত একত্র করিয়া মুখ বন্ধ করত ধান্যরাশির মধ্যে তিন রাত্রি (গ্রীষ্ম ঋতুতে এই ব্যবস্থা ; শরৎকালে ৩ দিন, বর্ষাকালে ৪ দিন, বসন্তে ৬ দিন এবং শীতকালে ৮ দিন রাখিবে) স্থাপন করিলে চুক্র প্রস্তুত হয়। ইহাদের পরিমাণ যথা—গুড় ১ ভাগ, মধু ২ ভাগ, কাঁজী ৪ ভাগ এবং দধির মাত ৮ ভাগ গ্রহণীয় ॥ ১২৮ ॥

অপক্ক কুট্টিত ঔষধ কাঁচাজলে কিছুদিন ভিজাইয়া রাখিলে তাহা অম্লরসিক্ত হইয়া যে মদ্যবিশেষে পরিণত হয়, তাহাকে আসব এবং সিদ্ধ কাথ ও মধুর রসযুক্ত অম্লরসস্থির পদার্থকে অরিষ্ট কহা যায়। সম্যক্ পক্ক মদ্যকে সীধু কহিয়া থাকে ॥ ১২৯॥

সুরাভেদ—সুরার উপরিস্থ স্বচ্ছভাগের নাম সুরামণ্ড, তদপেক্ষা ঘন পদার্থের নাম কাদম্বরী, কাদম্বরীর অধঃস্থ পদার্থের নাম জগল ; জগল অপেক্ষা মেদক ঘন। ...তার নাম বক্কস এবং সুরাবীজের অর্থাৎ বাকরের নাম কিণ্ব। বারুণী।—

গুড়াম্বুনা সতৈলেন কন্দশাকফলৈস্তথা।
আসুতং চাম্লতাং জাতং গুড়শুক্তং তদুচ্যতে ॥
এবমেবেক্ষুশুক্তং স্যান্মৃদ্বীকাসম্ভবং তথা ॥ ১৩১ ॥
তুষাম্বু চাসুতং জ্ঞেয়মামৈর্বিদলিতৈর্যবৈঃ ॥ ১৩২ ॥
সুনিস্তুষৈশ্চ পক্বৈশ্চ সৌবীরং চাসুতং ভবেৎ ॥ ১৩৩ ॥
কুল্মাষো ধান্যমণ্ডেন চাসুতং কাঞ্জিকং ভবেৎ ॥ ১৩৪ ॥

অন্যৎ যদাহ চরকঃ।

ভৃষ্টান্ মাষতুষান্ সিদ্ধান্ যবচূর্ণসমন্বিতান্।
আসুতানম্ভসা তদ্বজ্জাতং তচ্চ তুষোদকম্ ॥ ১৩৫ ॥
আশুধান্যং ক্ষোদিতঞ্চ বালমূলন্তু খণ্ডশঃ।
কৃতং প্রস্থমিতং পাত্রে জলং তত্রাঢ়কং ক্ষিপেৎ ॥

তাল ও খর্জ্জূরের রসে সন্ধিত হইয়া যে মদ্যবিশেষে উৎপন্ন হয়, তাহাকে বারুণী অর্থাৎ তাড়ী কহে ॥ ১৩০ ॥

গুড়শুক্ত—গুড় মিশ্রিত জল, তৈল, কন্দ, শাক ও ফল এই সকল একত্র সন্ধিত হইয়া অম্লরস হইলে তাহাকে গুড়শুক্ত কহে। এইরূপে ইক্ষুশুক্ত বা মৃদ্বীকাশুক্তও প্রস্তুত হইতে পারে ॥ ১৩১ ॥

তুষাম্বু—কুট্টিত কাঁচা যব জলে সন্ধিত করিলে তুষাম্বু প্রস্তুত হয় ॥ ১৩২ ॥

সৌবীর। নিস্তুষ পক্ব যব দ্বারা সন্ধিত দ্রব্যকে সৌবীর কহে ॥ ১৩৩ ॥

কাঁজী—ধান্যমণ্ডের সহিত কুল্মাষ অর্থাৎ অর্দ্ধস্বিন্ন গোধূম-চণকাদি সন্ধিত হইলে কাঁজী প্রস্তুত হয় ॥ ১৩৪ ॥

চরকোক্ত তুষোদকের লক্ষণ—মাষকলায়ের খোসা ভাজিয়া সিদ্ধ করিবে। পশ্চাৎ তাহার সহিত যবচূর্ণ মিশ্রিত করিয়া উপযুক্ত পরিমাণ জলে ভিজাইয়া রাখিবে। উহা সন্ধানযোগে অম্লরস হইলেই তুষোদক প্রস্তুত হইল, জানিবে ॥১৩৫॥

ঈষৎ কুট্টিত আশু ধান্য /৮ সের, খণ্ডীকৃত কচি মূলা /২সের, জল ১৬ সের; এই সকল দ্রব্য একত্র কোন পাত্রে ভিজাইয়া রাখিবে। উহা সন্ধিত

তাবৎ সন্ধীয় সংরক্ষেদ্ যাবদম্লত্বমাগতম্।
কাঞ্জিকং তৎ তু বিজ্ঞেয়মেতৎ সর্ব্বত্র পূজিতম্॥ ১৩৬
শিণ্ডাকী চাসুতা জ্ঞেয়া মূলকৈঃ সর্ষপাদিভিঃ॥ ১৩৭॥
জম্বীরস্বরসপ্রস্থং মধুনঃ কুড়বস্তথা।
তাবচ্চ পিপ্পলীমূলাদেকীকৃত্য ঘটে ক্ষিপেৎ।
ধান্যরাশৌ স্থিতং মাসং মধুশুক্তং তদুচ্যতে॥ ১৩৮॥
তক্রং কপিত্থচাঙ্গেরী-মরিচাজাজিচিত্রকৈঃ।
সুপক্বং খড়যূষোঽয়ময়ং কাম্বলিকোঽপরঃ।
দধ্যম্ললবণস্নেহ-তিলমাষসমন্বিতঃ॥ ১৩৯॥
দ্রবেণালোড়িতাস্তেস্যুস্তর্পণং লাজশক্তবঃ॥ ১৪০॥

ভাবাপন্ন হইলেই কাঞ্জিক প্রস্তুত হইয়া থাকে। এইরূপে প্রস্তুত কাঞ্জিক সর্ব্বত্র ব্যবহার যোগ্য॥ ১৩৬॥

শিণ্ডাকী—মূলক এবং সর্ষপাদি দ্বারা সন্ধিত পদার্থের নাম শিণ্ডাকী॥১৩৭॥

মধুশুক্ত—জামীরের রস ।৪ সের, মধু ।॥০ সের, পিপুলমূল অর্দ্ধ সের, এই সকল দ্রব্য একত্র একটি পরিষ্কৃত মৃৎপাত্রে স্থাপন ও মুখ বন্ধ করিয়া এক মাস কাল ধান্যরাশির মধ্যে নিহিত করিয়া রাখিবে। পরে উত্তোলন করিয়া ছাকিয়া লইবে। ইহাকে মধুশুক্ত কহে॥ ১৩৮॥

খড়যূষ ও কাম্বলিক—তক্র ।৪ সের, কয়েতবেল ও আমরুল শাক প্রত্যেকের চারি বা ছয় তোলা এবং মরিচ, কৃষ্ণজীরা ও চিতা সমুদায়ে ৪ তোলা; এই সকল দ্রব্যের সহিত কাঁচা মুগের দাইল পাক করিলে যে যূষ প্রস্তুত হয়, তাহার নাম খড়যূষ। এই খড়যূষ দধি দ্বারা অম্লীকৃত, সৈন্ধবলবণ, তিল চূর্ণ, মাষকলায় চূর্ণ ও ঘৃতাদি স্নেহ যুক্ত করিয়া পাক করিলে, তাহাকে কাম্বলিক বলে॥ ১৩৯॥

তর্পণ—দ্রব দ্রব্যের সহিত খৈ চূর্ণ (এবং তৃপ্তিজনক দ্রব্য সকল) আলোড়ন

শক্তবঃ সর্পিষা যুক্তাঃ শীতবারিপরিপ্লুতাঃ।
নাত্যচ্ছা নাতিসান্দ্রাশ্চ মন্থ ইত্যভিধীয়তে॥ ১৪১॥
ক্বাথ্যমানন্ত যৎ তোয়ং নিষ্ফেনং নির্ম্মলীকৃতম্।
ভবত্যর্দ্ধাবশিষ্টস্তু তদুষ্ণোদকমিষ্যতে॥ ১৪২॥
চিকিৎসিতং ব্যাধিহরং পথ্যং সাধনমৌষধম্।
প্রায়শ্চিত্তং প্রশমনং প্রকৃতিস্থাপনং হিতম্॥
বিদ্যাদ্ভেষজনামানি তচ্চাপি দ্বিবিধং স্মৃতম্।
স্বস্থস্যৌজস্করং কিঞ্চিৎ কিঞ্চিদার্ত্তস্য রোগনুৎ॥ ১৪৩॥

ইতি পরিভাষা-প্রদীপে তৃতীয়ঃ খণ্ডঃ।

মন্থ—ঘৃতযুক্ত শক্তু খুব পাতলাও না হয়, খুব গাঢ়ও না হয়, এরূপ ভাবে শীতল জলে আলোড়িত করিয়া লইলে, মন্থ প্রস্তুত হয়॥ ১৪১॥

উষ্ণোদক—জল সিদ্ধ করিতে করিতে অর্দ্ধাবশেষ ও ফেনরহিত হইলে (তাহা ফট্‌কিরি বা নির্ম্মলী ফলাদি দ্বারা পরিষ্কৃত করিয়া লইলে) তাহাকে উষ্ণোদক বলা যায়॥ ১৪২॥

চিকিৎসিত, ব্যাধিহর, পথ্য, সাধন, ঔষধ, প্রায়শ্চিত্ত, প্রশমন, প্রকৃতিস্থাপন ও হিত এই কয়েকটি ঔষধের নাম। এই ঔষধ দ্বিবিধ—কতকগুলি সুস্থ ব্যক্তির ওজোবর্দ্ধক, কতকগুলি পীড়িতের রোগনাশক॥ ১৪৩॥

তৃতীয়খণ্ড সমাপ্ত।

চতুর্থঃ খণ্ডঃ।

অথ পঞ্চকর্ম্মাণ্যাহ—

দোষাঃ কদাচিৎ কুপ্যন্তি জিতাঃ কালেম পাচনৈঃ।
যে তু সংশোধনৈঃ শুদ্ধা ন তেষাং পুনরুদ্ভবঃ ॥ ১ ॥
বমনং রেচনং নস্যং নিরূহশ্চানুবাসনম্।
জ্ঞেয়ং পঞ্চবিধং কর্ম্ম মাত্রা তস্য প্রযুজ্যতে ॥
যদাবহেদ্ বহির্দোষান্ পঞ্চধা শোধনং হি তৎ ॥ ২ ॥
ন নস্যং ন্যূনসপ্তাব্দে নাতীতাশীতিবৎসরে।
নচোনদ্বাদশে ধূমঃ কবলো নোনপঞ্চমে।
ন শুদ্ধিরূনদশমে ন চাতিক্রান্তসপ্ততৌ ॥
ন ন্যূনষোড়শাতীতে সপ্ততৌ রক্তমোক্ষণম্।
আজন্মমরণাৎ শস্তঃ প্রতিমর্ষস্তু সর্ব্বদা ॥ ৩ ॥

পাচনৈরিতি লঙ্ঘনপাচনাদিভির্দোষহারিভিরিত্যর্থঃ ১ ॥

চতুর্থখণ্ড।

পঞ্চকর্ম্ম।

লঙ্ঘন ও পাচন দ্বারা দোষ সকল প্রশমিত হইলেও বরং তাহাদের আবার প্রকোপ হইতে পারে, কিন্তু সংশোধন অর্থাৎ বমন-বিরেচনাদি দ্বারা দোষ সকল বিজিত হইলে, তাহাদের আর কখন পুনরুদ্ভব হয় না ॥ ১ ॥

বমন, বিরেচন নস্য, নিরূহ ও অনুবাসন এই পাঁচটিকে পঞ্চকর্ম্ম কহে। যাহা দোষ সকল বহির্নিষ্কাশিত করিয়া শরীর শোধিত করে, তাহাকে শোধন কহে ॥ ২॥

সপ্তম বর্ষ বয়সের পূর্ব্বে এবং অশীতি বর্ষ বয়সের পরে নস্য গ্রহণ, দ্বাদশ বর্ষ (অষ্টাদশ বর্ষ) বয়সের পূর্ব্বে ধূমপান, পঞ্চম বর্ষ বয়সের পূর্ব্বে কবল

তত্রাদৌ বমনমাহ—

পূর্ব্বাহ্নে পায়য়েৎ পীতো জানুতুল্যাসনে স্থিতঃ।
তন্মনা জাতহৃল্লাস-প্রসেকশ্ছর্দ্দয়েৎ ততঃ ॥ ৪ ॥

চরকস্ত্বাহ

মাধবপ্রথমে মাসি নভস্যপ্রথমে পুনঃ।
সহস্য প্রথমে চৈব বাহয়েদ্দোষসঞ্চয়ম্ ॥ ৫ ॥

অন্যচ্চ—মধৌ সহে চ নভসি মাসি দোষাংস্তু বাহয়েৎ ॥ ৬ ॥

প্রত্যুষ্ণবর্ষশীতা হি গ্রীষ্মবর্ষহিমাগমাঃ।
ঔষধস্য শরীরস্য তে ভবন্তি বিকল্পকাঃ ॥ ৭ ॥

* মাধবপ্রথমে মাসীতি বৈশাখপ্রথমে ভাগে, ভাদ্রস্য প্রথমে, পৌষস্য প্রথমে চ দোষসঞ্চয়ং দোষাণাং সঞ্চয়ং উপচয়ং বাহয়েৎ সারয়েদিত্যর্থঃ ॥ ৫ ॥
মধৌ চৈত্রে মাসি, সহে অগ্রহায়ণে, নভসি শ্রাবণে দোষান্ বাহয়েদিত্যর্থঃ ॥ ৬ ॥
বিকল্পকা ইতি বিরুদ্ধকার্য্যজনকাঃ ॥ ৭ ॥

রণ, দশম বর্ষ বয়সের পূর্ব্বে ও সপ্ততি বর্ষ বয়সের পরে শুদ্ধি (বমন-বিরেচনাদি) বং ষোড়শ বর্ষ বয়সের পূর্ব্বে ও সপ্ততি বৎসরের পরে রক্তমোক্ষণ কার্য্য কর্ত্তব্য হে। প্রতিমর্ষ জন্মাবধি মৃত্যু পর্য্যন্ত সর্ব্বদা হিতকর ॥ ৩ ॥

প্রাতঃকালে বমনকারক ঔষধ পান করিয়া জানুতুল্য উচ্চ আসনে বসিবে। দনন্তর তন্মনা হইয়া বমন চিন্তা করিবে ; তাহাতে প্রথমে বমন ভাব, পরে প্রসেক মুখ হইতে জল উঠা), তারপর বমন হইবে ॥ ৪ ॥

মহর্ষি চরক বলেন—বৈশাখ মাসের প্রথম ভাগে, ভাদ্রের প্রথমে এবং পৌষের থমে সঞ্চিত দোষের (যথাক্রমে বায়ু, পিত্ত ও কফের) অপসারণ করিবে ॥ ৫ ॥

মতান্তর—চৈত্র, অগ্রহায়ণ ও শ্রাবণ মাসে দোষের অপসারণ করিবে ॥ ৬

গ্রীষ্ম, বর্ষা, শিশির এই তিনটি প্রধান ঋতু। অতিউষ্ণলক্ষণ গ্রীষ্ম, অতিবর্ষ ক্ষণ বর্ষা ও অতি শীত লক্ষ

উপযুক্তকালমাহ—

প্রাবৃট্ শুচিনভৌ জ্ঞেয়ৌ শরদূর্জ্জসহৌ পুনঃ।
ফাল্গুনশ্চ মধুশ্চৈব বসন্তঃ শোধনং প্রতি॥
স্বস্থবৃত্তিমভিপ্রেত্য ব্যাধৌ ব্যাধিবশেন তু॥ ৮॥
ক্রমাৎ কফঃ পিত্তমথানিলশ্চ যস্যৈতি সম্যগ্বমিতঃ স ইষ্টঃ।
হৃৎপার্শ্বমূর্দ্ধেন্দ্রিয়মার্গশুদ্ধৌ তনোর্লঘুত্বেঽপি চ লক্ষ্যমাণে॥ ৯॥
কফপ্রসেকস্বরভেদতন্দ্রা নিদ্রাস্যদৌর্গন্ধ্যবিষোপসর্গাঃ।
গুরুত্বকাসগ্রহণীপ্রদোষা ন সন্তি জন্তোর্ব্বমিতঃ কদাচিৎ॥ ১০॥

অসম্যগ্বমিতে দোষমাহ

তৃশ্ছর্দ্দিতে স্ফোটককোঠকণ্ডূ-হৃৎখাবিশুদ্ধিগুরুগাত্রতা চ॥ ১১॥

আমাশয়স্থঃ কফস্তস্মাৎ কফস্রুত্যা তস্য প্রথমোল্লেখঃ। ততস্তদধঃ পিত্তাশয়স্তস্মাৎ পিত্তং, পক্বাশয়স্তদধস্ততোঽনিলঃ এতি গচ্ছতি ক্রমাদিত্যনুক্রমাৎ॥ ৯॥

খমিন্দ্রিয়ম্ অতঃ সর্ব্বেন্দ্রিয়স্যাবিশুদ্ধিত্বং সামান্যাৎ। হৃৎ হৃদয়ম্, এতয়োরবিশুদ্ধিরিত্যর্থঃ॥ ১১॥

জনক। (উপযুক্ত কাল বলা হইতেছে)—আষাঢ় ও শ্রাবণ এই দুই মাস প্রাবৃট, ইহা নাত্যুষ্ণ বর্ষলক্ষণ; কার্ত্তিক ও অগ্রহায়ণ শরৎ ইহা নাতিবর্ষ লক্ষণ; ফাল্গুন ও চৈত্র বসন্ত; ইহা নাতিশীতোষ্ণ লক্ষণ; এই তিনটি সাধারণ ঋতু। এই সাধারণ ঋতুই শোধনের (বমন বিরেচনের) উপযুক্ত কাল। মানবগণের স্বাস্থ্যরক্ষার্থ এই সাধারণ ঋতুত্রয় বিবেচনা করিয়া শোধন প্রয়োগ করিবে॥ ৭। ৮॥

প্রথমে কফ, পরে পিত্ত, তাহার পর বায়ু নির্গত হইলে এবং হৃদয় পার্শ্বদেশ, মস্তক ও ইন্দ্রিয়মার্গ সকল বিশুদ্ধ ও দেহের লঘুতা হইলে রোগির সম্যগ্রূপ বমন হইয়াছে, বুঝিবে। সম্যগ্বমিত ব্যক্তির কফপ্রসেক, স্বরভেদ, তন্দ্রা, নিদ্রা, মুখদৌর্গন্ধ্য, বিষজনিত উপসর্গ, শরীরের গুরুতা, কাস ও গ্রহণীদোষ হয় না॥ ৯।১০॥

কণ্ডুর উৎপত্তি, হৃদয় ও ইন্দ্রিয় সকলের অশুদ্ধি

অতিবমিতে দোষমাহ—

তৃণ্মোহমূর্চ্ছানিলকোপনিদ্রাবলাতিহানিং বমিতেঽতি বিদ্যাৎ ॥ ১২ ॥

অথ বমনভেষজমাত্রামাহ

ক্বাথ্যদ্রব্যস্য কুড়বং শ্রপয়িত্বা জলাঢ়কে।
চতুর্ভাগাবশিষ্টন্তু বমনেম্ববচারয়েৎ ॥
ক্বাথ্যদ্রব্যপলে বারি প্রস্থার্দ্ধং পাদশেষিতম্।
কর্ষং প্রদায় কল্কস্য মধুসৈন্ধবয়োস্তথা ॥
সুখোষ্ণং বিতরেদ্বান্তৌ মধূষ্ণং স্যান্নদোষকৃৎ।
প্রচ্ছর্দ্দনে নিরূহে চ মধূষ্ণং ন বিরুধ্যতে ॥
অলব্ধপাকমাশ্বেব তয়োর্যস্মান্নিবর্ত্তয়েৎ।
যাত্যধো দোষমাদায় পচ্যমানং বিরেচনম্ ॥
গুণোৎকর্ষাৎ তু যাত্যূর্দ্ধমপক্বং বমনং পুনঃ ॥ ১৩ ॥

তয়োরিতি বমনবিরেকয়োঃ পক্বাপক্বয়োরিত্যন্বয়ঃ ॥ ১৩ ॥

এবং গাত্রের গুরুতা হয়। আর অধিক বমনে তৃষ্ণা, মোহ, মূর্চ্ছা, বায়ুর প্রকোপ, অনিদ্রা ও বলহানি হয় ॥ ১১।১২ ॥

বমনার্থ ক্বাথপ্রস্তুত বিধি—অর্দ্ধসের পরিমিত কাথ্য দ্রব্য ১৬ সের জলে সিদ্ধ করিয়া চতুর্থাংশ অবশিষ্ট থাকিতে নামাইয়া সেই জল উপযুক্ত মাত্রায় বমনার্থ ব্যবস্থা করিবে। ১ পল কাথ্য দ্রব্য /২ সের জলে সিদ্ধ করিয়া অর্দ্ধসের থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইবে। পরে তাহাতে কল্ক দ্রব্য (মদনফলাদি) ২ তোলা এবং মধু ও সৈন্ধবলবণ মিলিত ২ তোলা প্রক্ষেপ দিয়া বমনার্থ ঈষদুষ্ণ অবস্থায় পান করিতে দিবে। উষ্ণে মধু বিরোধী; অতএব এস্থলে কিরূপে তাহা প্রয়োগ করা যাইতে পারে? তজ্জন্য বলা হইতেছে—বমনে ও নিরূহে (কষায় দ্বারা পিচকারী প্রয়োগে) উষ্ণ মধু দোষজনক হয় না। কারণ, মধু এরূপ স্থলে ধাত্বগ্নি দ্বারা পরিপাক হইবার পূর্ব্বেই বমন বা বিরেচন হইয়া দোষের সহিত নির্গত হইয়া

বমননিষেধমাহ

ন বাময়েত্তৈমিরিকং ন গুল্মিনং ন চাপি পাণ্ডূদররোগপীড়িতান্।
স্থূলক্ষতক্ষীণকৃশাতিবৃদ্ধানর্শোঽর্দ্দিতাক্ষেপকপীড়িতাংশ্চ ॥
রুক্ষে প্রমেহে তরুণে চ গর্ভে গচ্ছত্যথোর্দ্ধং রুধিরে চ তীব্রে।
দুষ্টে চ কোষ্ঠে ক্রিমিভির্ম্মনুষ্যং ন বাময়েদ্বর্চ্চসি চাতিবদ্ধে ॥
এতেঽপ্যজীর্ণব্যথিতা বম্যা যে চ বিষাতুরাঃ।
অত্যুল্বণকফা যে চ তে চ স্যুর্ম্মধুকাম্বুনা ॥ ১৪ ॥
মন্দোঽগ্নির্ব্বেদনা মন্দা গুরুস্তিমিতকোষ্ঠতা।
সোৎক্লেশা চারুচির্যস্য স গুল্মী বমনোপগঃ ॥ ১৫
অন্যচ্চ—শরৎকালে বসন্তে চ প্রাবৃট্‌কালে চ দেহিনাম্।
বমনং রেচনঞ্চৈব কারয়েৎ কুশলো ভিষক্ ॥

তৈমিরিকাদয়োঽপি এতাদৃশ্যবস্থায়াম্ বম্যা ইতি শেষঃ ॥ ১৪ ॥

বিরেচন দ্রব্য পচ্যমান অবস্থায় অধোমার্গ দ্বারা এবং বমন দ্রব্য অপক্ব অবস্থায় গুণোৎকর্ষ হেতু উর্দ্ধমার্গ দ্বারা নির্গত হইয়া থাকে। (বৃদ্ধবৈদ্যগণ ক্বচিৎ বমনাদির অযোগে অনিষ্টাশঙ্কায় মধু প্রয়োগ করেন না) ॥ ১৩ ॥

বমনাযোগ্যের নির্দ্দেশ—তিমির, গুল্ম, পাণ্ডু, অর্শঃ, উদর, আক্ষেপ ও অর্দ্দিত রোগে পীড়িত, স্থূল, ক্ষত, ক্ষীণ, কৃশ, অতিবৃদ্ধ, রুক্ষদেহ, প্রমেহপীড়িত, বালক, গর্ভিণী, তীব্র-উর্দ্ধগ-রক্তপিত্তী, ক্রিমিদূষিত-কোষ্ঠ এবং অতিবিবদ্ধমল ব্যক্তিদের বমন প্রশস্ত নয়। পরন্তু ইহারা যদি অজীর্ণ দ্বারা ব্যথিত বিষপীড়িত ও অত্যন্ত কফপ্রবল হয়, তাহা হইলে যষ্টিমধুর ক্বাথ দ্বারা বমন করাইবে ॥ ১৪ ॥

বমনার্হ গুল্মির লক্ষণ—অগ্নিমান্দ্য, মন্দ মন্দ বেদনা, কোষ্ঠের গুরুতা ও স্তিমিতভাব, বমনভাব এবং অরুচি উপস্থিত হইলে গুল্ম রোগিকে বমন করাইবে ॥ ১৫ ॥

মতান্তরে বমনবিধি—কুশল চিকিৎসক শরৎ, বসন্ত ও প্রাবৃট্ কালে বমন বিরেচন

বলবন্তং কফব্যাপ্তং হৃল্লাসাদিনিপীড়িতম্।
তথা বমনসাত্ম্যঞ্চ ধীরচিত্তঞ্চ বাময়েৎ ॥ ১৬ ॥
বিষদোষে স্তন্যরোগে মন্দেঽগ্নৌ শ্লীপদেঽর্ব্বুদে।
বিসর্পকুষ্ঠহৃদ্রোগ-মেহাজীর্ণভ্রমেষু চ ॥
বিদারিকাপচীকাস-শ্বাসপীনসবৃদ্ধিষু।
অপস্মারে জ্বরোন্মাদে তথা রক্তাতিসারিষু ॥
নাসাতাল্বোষ্ঠপাকেষু কর্ণস্রাবেঽধিজিহ্বকে।
গলগণ্ডেঽতীসারে চ পিত্তশ্লেষ্মগদে তথা।
মেদোগদেঽরুচৌ চৈব বমনং কারয়েদ্ভিষক্ ॥ ১৭।
ন বামনীয়স্তিমিরী ন গুল্মী নোদরী কৃশঃ।
নাতিবৃদ্ধো গর্ভিণী চ ন স্থূলো ন ক্ষতাতুরঃ ॥
মদার্ত্তো বালকো রুক্ষঃ ক্ষুধিতশ্চ নিরূহিতঃ।
উদাবর্ত্তোর্দ্ধরক্তী চ দুশ্ছর্দ্দ্যঃ কেবলানিলী ॥

বমনযোগ্যের লক্ষণ—বলবান্, কফব্যাপ্ত শরীর, বমন সাত্ম্য (যাহাদের বমনকারক ঔষধ সেবন অভ্যাস আছে) ও ধীরচিত্ত ব্যক্তিদের বমনবেগ উপস্থিত হইলে বমন করাইবে ॥ ১৬ ॥

বমনযোগ্যের নির্দ্দেশ—বিষদোষ, স্তন্যরোগ, অগ্নিমান্দ্য, শ্লীপদ, অর্ব্বুদ, বিসর্প, কুষ্ঠ, হৃদ্রোগ, মেহ, অজীর্ণ, ভ্রম, বিদারিকা, অপচী, কাস, শ্বাস, পীনস, বৃদ্ধিরোগ, অপস্মার, জ্বর, উন্মাদ, রক্তাতিসার, নাসাপাক, তালুপাক, ওষ্ঠপাক, কর্ণস্রাব, অধিজিহ্ব, গলগণ্ড, অতীসার, পিত্তশ্লৈষ্মিক রোগ, অরুচি এবং মেদোরোগে

॥

তিমির, গুল্ম, উদর, উদাবর্ত্ত, ঊর্দ্ধগ রক্তপিত্ত, পাণ্ডু, ক্রিমি, মদরোগ, কেবল বায়ু রোগ এবং অধ্যয়ন হেতু স্বরভঙ্গ রোগে পীড়িত, কৃশ, অতিবৃদ্ধ, বালক, গর্ভিণী, হিত, রুক্ষ, ক্ষুধিত এবং যাহাদের কষ্টে বমন হয়, তাহাদিগকে

পাণ্ডুরোগী ক্রিমিব্যাপ্তঃ পঠনাৎ স্বরঘাতকঃ।
এতেঽপ্যজীর্ণব্যথিতা বম্যা যে বিষপীড়িতাঃ।
কফব্যাপ্তাশ্চ তে বম্যা মধুক্কাথস্য পানতঃ॥ ১৮॥

গ্রন্থান্তরস্থান্যাং রসমাত্রামাহ—

ক্বাথপানে নবপ্রস্থা জ্যেষ্ঠা মাত্রা প্রকীর্ত্তিতা।
মধ্যমা ষণ্মিতা প্রোক্তা ত্রিপ্রস্থা চ কনীয়সী॥

প্রসঙ্গাদন্যৌষধানাঞ্চ মাত্রামাহ

কল্কচূর্ণাবলেহানাং ত্রিপলং শ্রেষ্ঠমাত্রয়া।
মধ্যমং দ্বিপলং দদ্যাৎ কনীয়স্কং পলং ভবেৎ॥ ১৯॥
বমনে চাপি বেগাঃ স্যুরষ্টৌ পিত্তান্তা উত্তমাঃ।
ষড় বেগা মধ্যমা বেগাশ্চত্বারোঽপ্যবরা মতাঃ॥ ২০॥
কফং কটুকতীক্ষ্ণোষ্ণৈঃ পিত্তং স্বাদুহিমৈর্জ্জয়েৎ।
সুস্বাদুলবণোষ্ণৈশ্চ সংসৃষ্টং বায়ুনা কফম্॥ ২১॥

ইতি বমনম্।

করাইবে না। কিন্তু ইহারা যদি অজীর্ণ রোগে আক্রান্ত বা বিষপীড়িত হয়, তবে বমন করাইবে। আর অত্যন্ত কফপ্রবল ব্যক্তিকেও যষ্টিমধুর ক্বাথ পান করাইয়া বমন করাইবে॥ ১৮॥

ক্বাথপানের প্রধান মাত্রা—৯ প্রস্থ; মধ্যম মাত্রা—৬ প্রস্থ এবং ন্যূনমাত্রা—৩ প্রস্থ। প্রসঙ্গক্রমে অন্যান্য ঔষধের মাত্রা বলা যাইতেছে—কল্ক, চূর্ণ ও অবলেহের প্রধান মাত্রা—৩ পল, মধ্যম মাত্রা—২ পল এবং ন্যূন মাত্রা—১ পল॥ ১৯॥

আটবার বমি হইলে উত্তম বেগ এবং বমন করিতে করিতে পিত্ত দেখা যাইলে উৎকৃষ্ট বমন হইয়াছে জানিবে। ৬ বার বমি হইলে মধ্যম বেগ এবং ৪ বার বমি হইলে নিকৃষ্ট বেগ বলা যায়॥ ২০॥

কটু তীক্ষ্ণ ও উষ্ণ দ্রব্য দ্বারা কফ, মধুর শীতল দ্রব্য দ্বারা পিত্ত এবং মধুর লবণ দ্রব্য দ্বারা বায়ুসংসৃষ্ট কফ নাশ করিবে॥ ২১॥

অথ বিরেচনম্।

শার্ঙ্গধরঃ।

স্নিগ্ধস্বিন্নস্য বান্তস্য দদ্যাৎ সম্যগ্ বিরেচনম্॥ ২২॥

অস্য গুণমাহ সুশ্রুতঃ।

বুদ্ধেঃ প্রসাদং বলমিন্দ্রিয়াণাং ধাতুস্থিরত্বং জ্বলনাতিদীপ্তিম্।
চিরাচ্চ পাকং বপুষঃ করোতি বিরেচনং সম্যগুপাস্যমানম্॥২৩॥
অবান্তস্য ত্বধঃস্রস্তো গ্রহণীং ছাদয়েৎ কফঃ।
মন্দাগ্নিং গৌরবং কুর্য্যাজ্জনয়েদ্বা প্রবাহিকাম্॥ ২৪॥
অথবা পাচনৈরামং বলাসঞ্চ বিপাচয়েৎ॥ ২৫॥
স্নিগ্ধস্য স্নেহনৈঃ কার্য্যং স্বেদৈঃ স্বিন্নস্য রেচনম্।
শরদৃতৌ বসন্তে চ দেহশুদ্ধ্যৈ বিশেষতঃ॥ ২৬॥

গ্রহণী অগ্নিবহধমনী, তাৎস্থ্যাদগ্নিমাহুঃ; তাং ছাদয়েদিতি শেষঃ॥ ২৪॥

বিরেচনাধিকার—স্নিগ্ধ, স্বিন্ন ও বান্ত ব্যক্তিকেই বিরেচন দিবে॥ ২২॥

বিরেচনের ফল। সম্যগ্ রূপে বিরেচন হইলে বুদ্ধির প্রসন্নতা, সকলের বল, ধাতুসমূহের স্থিরতা, অগ্নির দীপ্তি এবং বহু বিলম্বে শরীরের জরা উপস্থিত হয়॥২৩॥

বমন না করাইয়া বিরেচন দিলে কফ অধোভাগে গ্রহণী নাড়াতে গমন করিয়া গ্রহণীস্থিত অগ্নিকে আচ্ছাদিত করে। তাহাতে অগ্নিমান্দ্য, শরীরের গুরুতা এবং প্রবাহিকা উপস্থিত হয়। অতএব এরূপস্থলে পাচক ঔষধ দ্বারা আম ও কফের পরিপাক করিবে॥ ২৪। ২৫॥

স্নেহ দ্বারা স্নিগ্ধ এবং স্বেদ দ্বারা স্বিন্ন করিয়া বিরেচন প্রয়োগ করিবে। শরৎ ও বসন্তকালে দেহের শোধন কর্ত্তব্য॥ ২৬॥

বিরেকনিষেধমাহ—

বালবৃদ্ধাবতিস্নিগ্ধঃ ক্ষতঃ ক্ষীণো ভয়ার্দ্দিতঃ।
শ্রান্তস্তৃষার্ত্তঃ স্থূলশ্চ গর্ভিণী চ নবজ্বরী॥
নবপ্রসূতা নারী চ মন্দাগ্নিশ্চ মদাত্যয়ী।
শল্যার্দ্দিতশ্চ রুক্ষশ্চ ন বিরেচ্যো ভিষগ্বরৈঃ॥ ২৭॥

বিরেচ্যমাহ—

জীর্ণজ্বরী গরব্যাপ্তো বাতরক্তী ভগন্দরী।
অর্শঃপাণ্ডূদরগ্রন্থি-হৃদ্রোগারুচিপীড়িতাঃ॥
যোনিরোগপ্রমেহার্ত্ত-গুল্মপ্লীহব্রণার্দ্দিতাঃ।
বিদ্রধিচ্ছর্দ্দিবিস্ফোট-বিসূচীকুষ্ঠসংযুতাঃ॥
কর্ণনাসাশিরোবক্ত্র-গুদমেঢ্রাময়ার্দ্দিতাঃ।
প্লীহশোথাক্ষিরোগার্ত্তাঃ ক্রিমিরোগানিলার্দ্দিতাঃ॥
শূলিনো মূত্রাঘাতার্ত্তা বিরেকার্হা নরা মতাঃ॥ ২৮॥
বহুপিত্তো মৃদুঃ প্রোক্তো বহুশ্লেষ্মা চ মধ্যমঃ।
বহুবাতঃ ক্রূরকোষ্ঠো দুর্বিরেচ্যঃ স কথ্যতে॥ ২৯॥

বিরেচনাযোগ্যের নির্দ্দেশ।—বালক, বৃদ্ধ, অতিস্নিগ্ধ, ক্ষত, ক্ষীণ, রুক্ষ, গর্ভিণী, ভীত, শ্রান্ত, পিপাসাযুক্ত, শল্যপীড়িত, নবপ্রসূতা এবং নবজ্বর, অগ্নিমান্দ্য ও মদাত্যয় রোগে আক্রান্ত ব্যক্তিগণের পক্ষে বিরেচন প্রশস্ত নহে॥ ২৭॥

বিরেচনযোগ্যের নির্দ্দেশ—জীর্ণজ্বর, বাতরক্ত, ভগন্দর, অর্শঃ, পাণ্ডু, উদর, গ্রন্থি, হৃদ্রোগ, অরুচি, যোনিরোগ, প্রমেহ, গুল্ম, প্লীহা, ব্রণ, বিদ্রধি, বমন, বিস্ফোট, বিসূচী, কুষ্ঠ, শোথ, নেত্ররোগ, ক্রিমি, বাত, শূল, মূত্রাঘাত, বিষদোষ এই সকল রোগে এবং কর্ণ, নাসা, মুখ, শিরঃ, গুহ্য ও মেঢ্র রোগে পীড়িত ব্যক্তিদিগকে বিরেচন প্রয়োগ করিবে॥ ২৮॥

পিত্তবহুল কোষ্ঠকে মৃদু কোষ্ঠ, শ্লেষ্মবহুল কোষ্ঠকে মধ্য কোষ্ঠ এবং বাতবহুল কোষ্ঠকে ক্রূর কোষ্ঠ কহে। বাতবহুল কোষ্ঠ দুর্বিরেচ্য॥ ২৯॥

তস্য মাত্রামাহ—

মাত্রোত্তমা বিরেকস্য ত্রিংশদ্বেগৈঃ কফান্তকম্।
বেগৈর্ব্বিংশতিভির্মধ্যা হীনোক্তা দশবেগকৈঃ ॥
দ্বিপলং শ্রেষ্ঠমাখ্যাতং মধ্যমঞ্চ পলং ভবেৎ।
পলার্দ্ধঞ্চ কষায়াণাং কনীয়স্কং বিরেচনম্ ॥ ৩০ ॥

আনন্দসেনস্ত্বাহ—

পিত্তেন স্যান্মৃদুঃ কোষ্ঠঃ ক্রূরো বাতকফাশ্রয়াৎ।
মধ্যমঃ সমদোষঃ স্যান্ মাত্রা যোজ্যাস্বরূপতঃ ॥
পলস্তু শ্রেষ্ঠমাখ্যাতং মধ্যস্ত্বর্দ্ধপলং ভবেৎ।
কর্ষমানং কনীয়ঃ স্যাৎ জ্ঞেয়ং শ্রেষ্ঠাদ্যপেক্ষয়া ॥ ৩১ ॥

বমনবিরেকয়োশ্চতুর্দ্ধা বিশুদ্ধিমাহ

বৈনিকী মাণিকা চাপি অন্তকী নলিকী তথা।
চতুর্ব্বিধা শুদ্ধিরুক্তা বমনে চ বিরেচনে ॥ ৩২ ॥

যে মাত্রায় বিরেচক ঔষধ সেবন করিলে ৩০ বার ভেদ এবং শেষে কফ নির্গত হয়, তাহা শ্রেষ্ঠ মাত্রা ; ২০ ব'ব ভেদ হইলে মধ্য মাত্রা এবং ১০ বার ভেদ হ- ন্যূন মাত্রা বলা যায়। বিরেচনার্থ ক্বাথপানের প্রধান মাত্রা ২ পল ; মধ্য মাত্রা—১ পল ও ন্যূন মাত্রা—৪ তোলা ॥ ৩০ ॥

আনন্দ সেন বলেন—পিত্ত হেতু মৃদু কোষ্ঠ, বায়ু ও কফ হেতু ক্রূর কোষ্ঠ এবং দোষের সমতা হেতু মধ্য কোষ্ঠ হয়। অতএব কোষ্ঠ বিবেচনা করিয়া মাত্রা নির্ণয় করিবে। তন্মতে বিরেচনার্থ ক্বাথপানের প্রধান মাত্রা—১ পল ; মধ্য মাত্রা—অর্দ্ধ পল, ন্যূন মাত্রা—২ তোলা ॥ ৩১ ॥

বমন বিরেচনে চারি প্রকার বিশুদ্ধির নাম যথা—বৈনিকী, মাণিকা, অন্তকী নলিকী ॥ ৩২ ॥

জঘন্যমধ্যপ্রবরে তু বেগাশ্চত্বার ইষ্টা বমনে ষড়ষ্টৌ ।
দশৈব তে দ্বিত্রিগুণা বিরেকে প্রস্থস্তথা দ্বিত্রিচতুর্গুণাশ্চ ॥ ৩৩ ॥

বমনে চ বিরেকে চ তথা শোণিতমোক্ষণে ।
সার্দ্ধত্রয়োদশপলং প্রস্থমাহুর্ম্মনীষিণঃ ॥
পিত্তান্তমিষ্টং বমনং কফান্তঞ্চ বিরেচনম্ ॥ ৩৪ ॥

বিরেকমাহ—

দ্বিত্রান্ সবিট্কানপনীয় বেগান্ মেয়ং বিরেকে বমনে তু পীতম্।
ক্রমাৎ কফঃ পিত্তমথানিলশ্চ যস্যৈতি সম্যগ্বমিতঃ স ইষ্টঃ ॥ ৩৫ ॥

* জঘন্যমিতি জঘন্যে বমনে চত্বারো বেগাঃ, মধ্যমে ষড় বেগাঃ, প্রবরেঽষ্টবেগাঃ । তথা চ জঘন্যবিরেকে দশ বেগাঃ, মধ্যমে বিরেকে দশদ্বিগুণা বিংশতিরিত্যর্থঃ । প্রবরে শ্রেষ্ঠে বিরেকে দশত্রিগুণা ত্রিংশদ্বেগা ইত্যর্থঃ । বিরেকে দোষমানেনাপি জঘন্যাদিত্বমাহুঃ । প্রস্থ ইত্যাদি দ্বিগুণঃ প্রস্থো জঘন্যে, ত্রিগুণো মধ্যমে, চতুর্গুণঃ প্রবরে ইত্যর্থঃ । পিত্তান্তমিতি আত্যন্তিকী শুদ্ধির্বিরেকার্দ্ধভেষজমাত্রয়া কার্য্যা, বিরেকে যৎ প্রস্থাদিনা জঘন্যত্বমুক্তং তদর্দ্ধপরিমাণেন জঘন্যাদিত্বমপরং বমনে জ্ঞেয়ম্ । কফান্তমিতি অতিরেকেণাত্যন্তিকী শুদ্ধিরুক্তা ॥ ৩৩ ॥

বিরেকে দ্বিত্রান্ সবিট্কান্ বেগান অপনীয় ত্যক্ত্বা নেয়ং গণনীয়ং পরিমাণং কার্য্যং, বিরেকসঙ্খ্যা কর্ত্তব্যেত্যর্থঃ । তথা বমনে পীতং ঔষধমপনীয় মানং কর্ত্তব্যং,

---

জঘন্য মধ্য ও উৎকৃষ্ট ভেদে বমনের বেগ ত্রিবিধ । ৪ বার বমি হইলে অধম বেগ, ৬ বার বমি হইলে মধ্যম বেগ এবং ৮ বার বমি হইলে প্রবর (উৎকৃষ্ট) বেগ বলা যায় । জঘন্যাদি ভেদে বিরেচনও ত্রিবিধ । ১০ বার বিরেচন হইলে নিকৃষ্ট বেগ, ২০ বার বিরেচন হইলে মধ্যবেগ এবং ৩০ বার বিরেচন হইলে উৎকৃষ্ট বেগ বলা যায় । (বেগসংখ্যাভেদে জঘন্যাদি ভেদ বলিয়া দোষমানভেদে বিরেচনের জঘন্য-মধ্য-প্রবরতা বলা হইতেছে) জঘন্য বিরেচনে ২ প্রস্থ, মধ্যবিরেচনে ৩ প্রস্থ এবং উৎকৃষ্ট বিরেচনে ৪ প্রস্থ মল নিঃসৃত হয় । বমন, বিরেচন ও রক্তমোক্ষণ ক্রিয়ায় সাড়ে তের পলে এক প্রস্থ গণ্য হইয়া থাকে । বমন করিতে করিতে পিত্ত দেখা যাইলে উৎকৃষ্ট বমন হইয়াছে জানিবে ; আর বিরেচনে কফ দেখা ...কৃষ্ট বিরেচন হইয়াছে, বুঝিতে হইবে ॥ ৩৩ । ৩৪ ॥

হৃৎপার্শ্বমূর্দ্ধেন্দ্রিয়মার্গশুদ্ধৌ তনোর্লঘুত্বেঽপি চ লক্ষ্যমাণে ॥
স্রোতোবিশুদ্ধীন্দ্রিয়সম্প্রসাদৌ লঘুত্বমূর্জ্জোঽগ্নিরনাময়ত্বম্।
প্রাপ্তিশ্চ বিট্‌পিত্তকফানিলানাং সম্যগ্বিরিক্তস্য ভবেৎ ক্রমেণ ॥ ৩৬ ॥
স্যাৎ শ্লেষ্মপিত্তানিলসংপ্রকোপঃ সাদস্তথাগ্নের্গুরুতা প্রতিশ্যা।
তন্দ্রা তথা চ্ছর্দ্দিররোচকশ্চ বাতানুলোম্যং ন চ দুর্বিরিক্তে ॥ ৩৭ ॥
কফাস্রপিত্তক্ষয়জানিলোত্থাঃ সুপ্ত্যঙ্গমর্দ্দক্লমবেপনাদ্যাঃ।
নিদ্রাবলাভাবতমঃপ্রবেশাঃ সোন্মাদহিক্কাশ্চ বিরেচিতেঽতি ॥ ৩৮ ॥

বিরেকনিষেধমাহ

ক্ষীণঃ ক্ষতোরঃক্ষতবালবৃদ্ধা দীনোঽথ শোষো ভয়শোকতপ্তঃ।
শ্রান্তস্তৃষার্ত্তোঽপরিজীর্ণভক্তো গর্ভিণ্যধোগচ্ছতি যস্য চাস্থক্ ॥

বেগানামিত্যর্থঃ। বিরেক ইতি। পূর্ব্বদিনাহারমলবিরেকাৎ প্রথমতঃ বেগদ্বয়ং ত্রয়ং বা পরিহৃত্য সঙ্খ্যা কর্ত্তব্যা ইতি। বমনেঽপি পীতমৌষধং প্রথমবেগেন বহির্নিঃসরতি, অতস্তন্ন গণনীয়মতোঽনন্তরং সঙ্খ্যা কার্য্যেতি দিক্ ॥ ৩৫ ॥
প্রাপ্তিরিতি প্রবৃত্তিরিত্যর্থঃ ॥ ৩৬ ॥

বিরেচন কালে মলের সহিত প্রথম যে ২।৩ বার বেগ হয়, তাহা ত্যাগ করিয়া এবং বমনার্থ পীত ঔষধের পরিমাণ ত্যাগ করিয়া বেগ গণনা করিবে। সম্যক বমনে কফ পিত্ত ও বায়ু ক্রমশঃ নির্গত হয় ॥ ৩৫ ॥

সম্যগ্ বিরেচনের লক্ষণ—বিরেচন সম্যগ্‌রূপ হইলে হৃদয়, পার্শ্ব, মস্তক ও ইন্দ্রিয়পথের বিশুদ্ধি, ইন্দ্রিয়গণের বৈমল্য, দেহের লঘুত্ব, স্রোতঃশুদ্ধি, বলাধান, অগ্নির দীপ্তি, অরোগিতা এবং মল, পিত্ত, কফ ও বায়ুর ক্রমশঃ প্রবর্ত্তন হয়। সম্যগ্‌বিরেচন না হইলে শ্লেষ্মা, পিত্ত ও বায়ুর প্রকোপ, অগ্নিমান্দ্য, কোষ্ঠের ও গাত্রের গুরুতা, প্রতিশ্যায়, তন্দ্রা, বমি, অরুচি ও বায়ুর অননুলোম এই সকল লক্ষণ প্রকাশ পায়। অতি বিরেচন হইলে কফ, রক্ত ও পিত্তের ক্ষয় হয় এবং সেই কফাদি ধাতুর ক্ষয় হেতু বায়ু প্রকুপিত হইয়া অঙ্গের সুপ্তি, অঙ্গমর্দ্দ, ক্লান্তি ও কম্পাদি আনয়ন করে। আর অনিদ্রা, বলহানি, তমঃপ্রবেশ (অন্ধকারমগ্নবৎ প্রতীতি), উন্মাদ ও হিক্কা উপস্থিত হয় ॥ ৩৬—৩৮ ॥

নবপ্রতিশ্যায়পরীতদেহো নবজ্বরী যা চ নবপ্রসূতা।
কষায়নিষ্ঠা ন বিরেচনীয়াঃ স্নেহাদিভির্যে ত্বনুপস্কৃতাশ্চ ॥ ৩৯ ॥
বিরেচনৈর্যান্তি নরা বিনাশমজ্ঞপ্রযুক্তৈরবিরেচনীয়াঃ।
অত্যর্থপিত্তাভিপরীতদেহান্ বিরেচয়েৎ তানপি মন্দবীর্য্যঃ ॥ ৪০ ॥

ইতি বিরেচনম্।

অথ নস্যম্।

নস্যভেদো দ্বিধা প্রোক্তো রেচনং স্নেহনং তথা।
রেচনং কর্ষণং প্রোক্তং স্নেহনং বৃংহণং মতম্ ॥
নস্যং তৎ কথ্যতে ধীরৈর্নাসাগ্রাহ্যং যদৌষধম্।
নাবনং নস্তকর্ম্মেতি তস্য নামদ্বয়ং মতম্ ॥ ৪১ ॥

রেচনং কফাদীনামিত্যর্থঃ ॥ ৪১ ॥

মতান্তরে বিরেচনাযোগ্যের নির্দ্দেশ—বালক, বৃদ্ধ, ভীত, শোকপ্রাপ্ত, দীন, শ্রান্ত, তৃষ্ণার্ত্ত, গর্ভিণী, নবপ্রসূতা, ক্ষীণ, নিয়ত কষায়সেবী, অজীর্ণভক্ত, (ভুক্তদ্রব্য পরিপাক হয় নাই, এমন অবস্থায়) এবং ক্ষত, উরঃক্ষত, অধোগরক্তপিত্ত, নূতন প্রতিশ্যায়, নূতন জ্বর ও শোষ রোগে আক্রান্ত এই সকল ব্যক্তি এবং যাহারা স্নেহাদি দ্বারা অনুপস্কৃত, তাহারা অবিরেচ্য ॥ ৩৯ ॥

অনভিজ্ঞ চিকিৎসক, বিরেচনাযোগ্য ব্যক্তিকে বিরেচন প্রয়োগ করিলে তাহাতে তাহার প্রাণনাশ হইয়া থাকে। কিন্তু বর্দ্ধিত পিত্ত দ্বারা শরীর অত্যন্ত আক্রান্ত হইলে বিরেচনের অযোগ্য হইলেও তাহাকে মৃদু বিরেচন প্রয়োগ করিবে ॥ ৪০ ॥

নস্যাধিকার।—রেচন ও স্নেহন ভেদে নস্য দুই প্রকার। রেচন নস্যে কফাদির অপগম এবং স্নেহন নস্যে দেহের পোষণ হয়। যে ঔষধ নাসিকা দ্বারা টানিয়া লওয়া হয়, তাহাকে নস্য কহে। নস্যের অপর দুই নাম—নাবন ও নস্তকর্ম ॥ ৪১ ॥

কফপিত্তানিলধ্বংসে পূর্ব্বে মধ্যেঽপরাহ্নিকে।
দিনস্য গৃহ্যতে নস্যং রাত্রাবপ্যুৎকটে গদে ॥ ৪২ ॥

অন্যচ্চ—প্রতিমর্শোঽবপীড়শ্চ নস্যং প্রধমনং তথা।
শিরোবিরেচনঞ্চৈব নস্তঃকর্ম্ম তু পঞ্চধা ॥ ৪৩ ॥
ঈষদুচ্ছিঙ্ঘনাৎ স্নেহো যাবদ্ বক্ত্রং প্রপদ্যতে।
নস্তো নিষিক্তস্তং বিদ্যাৎ প্রতিমর্ষং প্রমাণতঃ।
প্রতিমর্ষঞ্চ নস্যার্থং করোতি ন চ দোষবান্ ॥ ৪৪ ॥
শোধনঃ স্তম্ভনস্তস্মাদবপীড়ো দ্বিধা মতঃ।
আপীড্য দীয়তে যস্মাদবপীড়স্ততঃ স্মৃতঃ ॥ ৪৫ ॥
স্নেহার্থং শূন্যশিরসাং গ্রীবাস্কন্ধোরসাং তথা।
বলার্থং দীয়তে স্নেহো নস্তঃ সর্ব্বত্র বর্ত্ততে ॥ ৪৬ ॥

অন্যচ্চ—অবপীড়ঃ প্রধমনং দ্বৌ ভেদাবপরৌ স্মৃতৌ।
শিরোবিরেচনস্যার্থে তৌ তু দেয়ৌ যথাযথম্ ॥

কফশান্তির নিমিত্ত প্রাতঃকালে, পিত্তপ্রশমনার্থ মধ্যাহ্নে এবং বায়ু-নিবারণার্থ সায়ংকালে নস্য গ্রহণীয়। রোগের আধিক্য হইলে অবস্থা বিবেচনা করিয়া রাত্রিতেও নস্য গ্রহণ করিতে পারা যায় ॥ ৪২ ॥

অন্যবিধ।—প্রতিমর্ষ, অবপীড়, নস্য, প্রধমন ও শিরোবিরেচন ভেদে নস্য কর্ম্ম পাঁচ প্রকার। নাসামধ্যে যে পরিমিত নিষিক্ত স্নেহ অল্প টানিয়া লইলে মুখ মধ্যে প্রবেশ করে, তাহাই প্রতিমর্ষের প্রমাণ জানিবে। প্রতিমর্ষ, নস্যের অর্থ অর্থাৎ স্নেহন-শোধনরূপ কার্য্যদ্বয় সম্পাদন করে; ইহা অনিষ্টকারক নহে ॥ ৪৩। ৪৪ ॥

অবপীড় দুই প্রকার; শোধন ও স্তম্ভন। অবপীড়নপূর্ব্বক দেওয়া হয় বলিয়া উহাকে অবপীড় নস্য কহে। স্নেহশূন্য মস্তকের স্নেহনার্থ এবং গ্রীবা স্কন্ধ ও বক্ষঃস্থলের বলাধানার্থ যে স্নেহ প্রয়োগ করা যায়, তাহাকেও নস্য কহে ॥ ৪৫। ৪৬ ॥

প্রকারান্তর।—অবপীড় ও প্রধমন ভেদে নস্য দুই প্রকার; ইহা শিরোবিরেচনার্থ প্রযুক্ত হয়। তীক্ষ্ণ ঔষধাদি কুট্টিত করিয়া যে রস নির্গত হয়, সেই

কল্কীকৃতাদৌষধাদ্‌যঃ পীড়িতো নিঃস্রুতো রসঃ।
সোঽবপীড়ঃ সমুদ্দিষ্টস্তীক্ষ্ণদ্রব্যসমুদ্ভবঃ ॥ ৪৭ ॥
ষড়ঙ্গুলা দ্বিবক্ত্রা যা নাড়ী চূর্ণং তয়া ধমেৎ।
তীক্ষ্ণং কোলমিতং বক্ত্রবাতৈঃ প্রধমনং স্মৃতম্ ॥ ৪৮ ॥
ঊর্দ্ধজত্রুগতে রোগে কফজে চ স্বরক্ষয়ে।
অরোচকে প্রতিশ্যায়ে শিরঃশূলে চ পীনসে।
শোথাপস্মারকুষ্ঠেষু নস্যং বৈরেচনং হিতম্ ॥ ৪৯ ॥
ভীরুস্ত্রীকৃশবালানাং নস্যং স্নেহেন শস্যতে।
গলরোগে সন্নিপাতে নিদ্রায়াং বিষম জ্বরে।
মনোবিকারে ক্রিমিষু যুজ্যতে চাবপীড়নম্ ॥ ৫০ ॥
অত্যন্তোৎকটদোষেষু বিসংজ্ঞেষু চ দীয়তে।
চূর্ণং প্রধমনং ধীরৈস্তদ্ধি তীক্ষ্ণতরং যতঃ ॥ ৫১ ॥
নস্যস্য স্নৈহিকস্যাত্র দেয়াস্ত্বষ্টৌ চ বিন্দবঃ।
প্রত্যেকশো নস্তকয়োর্নৃণামিতি বিনিশ্চয়ঃ ॥ ৫২ ॥

গ্রহণ করাকে অবপীড় কহে। আর ছয় অঙ্গুল লম্বা দুই মুখ বিশিষ্ট একটি নলের মধ্যে ১ তোলা পরিমিত তীক্ষ্ণ ঔষধ চূর্ণ পুরিয়া নলের এক মুখ নাসারন্ধ্রে লাগাইয়া অন্য মুখে ফুৎকার দিয়া নাসাভ্যন্তরে ঔষধ দেওয়ার নাম প্রধমন ॥ ৪৭। ৪৮ ॥

স্বরভঙ্গ, অরুচি, প্রতিশ্যায়, শিরোবেদনা, পীনস, শোথ, অপস্মার, কুষ্ঠ এবং ঊর্দ্ধজত্রুগত ও কফজ রোগে রেচন নস্য হিতকর। স্ত্রীলোক, বালক, কৃশ এবং ভীরু ব্যক্তিদের পক্ষে স্নেহন নস্য প্রশস্ত। গলরোগে, সন্নিপাতে, অতিনিদ্রায়, বিষমজ্বরে, মানসিক রোগে এবং ক্রিমিরোগে অবপীড়ন ব্যবস্থা। দোষের অতিশয় প্রাবল্য অবস্থায় এবং সংজ্ঞাহীনতায় চিকিৎসকগণ, অতি তীক্ষ্ণতর বলিয়া প্রধমন নস্য প্রয়োগ করিয়া থাকেন ॥ ৪৯—৫১ ॥

স্নৈহিক নস্যার্থ প্রত্যেক নাসাবিবরে আট বিন্দু করিয়া তৈল দিবে। (তর্জ্জনী

অষ্টবর্ষস্থ বালস্থ নস্তঃকর্ম্ম সমাচরেৎ ।
অশীতিবর্ষাদূর্দ্ধঞ্চ নাবনং নৈব দীয়তে ॥ ৫৩ ॥

নিষেধমাহ—

তথা নবপ্রতিশ্যায়ী গর্ভিণী গরদূষিতঃ ।
অজীর্ণী দত্তবস্তিশ্চ পীতস্নেহোদকাসবঃ ॥
ক্রুদ্ধঃ শোকাভিতপ্তশ্চ তৃষার্ত্তো বৃদ্ধবালকৌ ।
বেগাবরোধী স্নাতশ্চ স্নাতুকামশ্চ বর্জ্জয়েৎ ॥ ৫৪ ॥

ইতি নস্তম্ ।

অথানুবাসনম্ ।

ভবেৎ সুখোষ্ণশ্চ তথা নিরেতি সহসা সুখম্ ।
বিরিক্তস্ত্বনুবাস্যঃ স্যাৎ সপ্তরাত্রাৎ পরং তদা ॥ ৫৫ ॥

অঙ্গুলির পর্ব্বদ্বয় স্নেহমধ্যে ডুবাইয়া উদ্ধৃত করিলে যতটুকু স্নেহ পতিত হয়, তাহাই বিন্দুর পরিমাণ) ॥ ৫২ ॥

অষ্টম বৎসরের ন্যূন বয়স্কের এবং অশীতি বর্ষের ঊর্দ্ধ বয়স্কের পক্ষে নস্য প্রয়োগ নিষিদ্ধ। যাহারা জল, আসব, গরবিষ ও স্নেহ পান করিয়াছে, যাহাদিগকে বস্তি প্রদত্ত হইয়াছে, যাহারা স্নান করিয়াছে, যাহারা মলমূত্রাদির বেগ ধারণ করিয়াছে, তাহাদের এবং নূতন প্রতিশ্যায়গ্রস্ত, গর্ভিণী, বৃদ্ধ, বালক, ক্রুদ্ধ, শোকার্ত্ত, পিপাসাযুক্ত, অজীর্ণগ্রস্ত এবং স্নাতুকাম (স্নানের পূর্ব্বে) ব্যক্তিদের পক্ষে নস্য হিতকর নহে ॥ ৫৩ । ৫৪ ॥

অনুবাসন—অনুবাসন (স্নেহ দ্রব্য দ্বারা পিচকারী দেওয়ার নাম অনুবাসন) সুখোষ্ণাবস্থায় প্রয়োগ করিলে শীঘ্র এবং অনায়াসে ঔষধ নির্গত হইয়া থাকে। বিরেচনের পর অনুবাসন দিতে হইলে সাত

বিরেচনাৎ সপ্তরাত্রে গতে জাতবলায় বৈ।
কৃতাহারায় সায়াহ্নে বস্তির্দেয়োঽনুবাসনঃ ॥ ৫৬ ॥
সুবর্ণরৌপ্যত্রপুতাম্ররীতি-কাংস্যায়সাস্থিদ্রুমবেণুদন্তৈঃ।
নলৈর্বিষাণৈর্মণিভিস্তু তৈস্তৈঃ কার্য্যাণি নেত্রাণি সুকর্ণিকানি ॥
ষড়্দ্বাদশাষ্টাঙ্গুলসম্মিতানি ষড়্বিংশতিদ্বাদশবর্ষজানাম্।
স্যুর্মুদ্গকর্কন্ধুসতীনবাহি-চ্ছিদ্রাণি বর্ত্ত্যা পিহিতানি চাপি ॥
যথাবয়োঽঙ্গুষ্ঠকনিষ্ঠকাভ্যাং মূলাগ্রয়োঃ স্যুঃ পরিণাহবন্তি।
ঋজূনি গোপুচ্ছসমাকৃতীনি শ্লক্ষ্ণানি চ স্যুর্গুড়িকামুখানি ॥
স্যাৎ কর্ণিকৈকাগ্রচতুর্থভাগে মূলাশ্রিতে বস্তিনিবন্ধনে দ্বে ॥

অন্যত্রও উক্ত আছে—বিরেচনানন্তর সাত রাত্রি অতীত হইলে এবং রোগী বল পাইলে তাহাকে আহার করাইয়া সায়ংকালে অনুবাসন বস্তি প্রয়োগ করিবে ॥ ৫৬

স্বর্ণ, রৌপ্য, সীসক, তাম্র, পিত্তল, কাসা, অস্থি, লৌহ, বৃক্ষ, বেণু (বাঁশ), দন্ত, নল, শৃঙ্গ ও মণি এই সকল দ্রব্যে বস্তিনল নির্ম্মিত হইয়া থাকে। নলে তিনটি কর্ণিকা (ছত্রাকৃতি, সুকর্ণিকা পাঠে—উত্তমরূপে সংযোজিত কর্ণিকা) সংযুক্ত থাকে। ছয় বৎসর পর্য্যন্ত বয়সের বালকের পক্ষে বস্তিনলের দৈর্ঘ্য ছয় অঙ্গুল, সাত হইতে বার বৎসর পর্য্যন্ত বয়সের পক্ষে আট আঙ্গুল এবং তের হইতে কুড়ি বৎসর বয়সের পক্ষে বার অঙ্গুল হওয়া উচিত। এবং নলের ছিদ্র পরিমাণ যথাক্রমে মুগ মটর ও কুল প্রবেশযোগ্য হওয়া আবশ্যক। নলের ভিতর কোন দ্রব্য প্রবেশ করিতে না পারে, এই জন্য ছিদ্রের মুখ আবৃত করিয়া রাখা কর্ত্তব্য। যে বয়সের ব্যক্তিকে বস্তি দিতে হইবে, সেই বয়সে তাহার নিজ অঙ্গুষ্ঠের পরিবেষ্টন যত হয়, বস্তি-নলের মূলভাগের পরিবেষ্টনও তত এবং তাহার কনিষ্ঠাঙ্গুলির পরিবেষ্টন যত হয় ঐ নলের অগ্রভাগের পরিবেষ্টনও তত করিতে হইবে। বস্তিনল ঋজু গোপুচ্ছাকার ক্রম-সূক্ষ্ম, মসৃণ ও গুড়িকামুখ (বর্ত্তুলাকার মুখ) হওয়া আবশ্যক। নলের মুখের দিকে চতুর্থভাগ স্থানে একটি কর্ণিকা সংযুক্ত করিবে। এই স্থানে কর্ণিকা সংযোগ

অভ্যন্তরে নলের সিকিভাগমাত্র প্রবেশ করিবে।

জারদগবো মাহিষহারিণৌ বা স্যাৎ শৌকরো বস্তিরজস্য বাপি।
দৃঢ়স্তনুর্নষ্টশিরোবিগন্ধঃ কষায়রক্তশ্চ মৃদুঃ সুশুদ্ধঃ॥
নৃণাং বয়ো বীক্ষ্য যথানুরূপং নেত্রেষু যোজ্যস্তু সুবদ্ধসূত্রঃ॥ ৫৭॥

ব্রণবস্তেস্তু নেত্রং স্যাৎ শ্লক্ষ্ণমষ্টাঙ্গুলোন্মিতম্।
মুখচ্ছিদ্রং গৃধ্রপক্ষ-নলিকাপরিণাহি চ*॥ ৫৮॥

অন্যচ্চ—কষায়ক্ষীরতৈলৈর্যো নিরূহঃ স নিগদ্যতে।
বস্তিভির্দীয়তে যস্মাৎ তস্মাদ্বস্তিরিতি স্মৃতঃ॥
তত্রানুবাসনাখ্যো হি বস্তির্যঃ সোঽত্র কথ্যতে †॥ ৫৯॥

কর্ণিকা থাকায় তাহার অধিক প্রবেশ করিতে পারিবে না। নলের মূলদেশে বস্তি বন্ধনার্থ দুইটি কর্ণিকা নিবদ্ধ করিবে অর্থাৎ এই কর্ণিকা নিবদ্ধ স্থানে নলের সহিত বস্তি বান্ধিবে।

বৃদ্ধ গো, মহিষ, হরিণ, শূকর বা ছাগলের বস্তি (মূত্রাশয় চর্ম্ম) গ্রহণ করিয়া বস্তির পুটক প্রস্তুত করিবে। বস্তিপুটক দৃঢ়, পাত্‌লা, শিরাবিহীন, গন্ধরহিত, কষায়-রঞ্জিত, সুকোমল ও পরিষ্কৃত হওয়া উচিত। মানবের বয়স লক্ষ্য করিয়া যথোপযুক্ত বস্তি প্রস্তুত করিবে। ঐ বস্তি নলের সহিত সূত্রদ্বারা দৃঢ়রূপে বান্ধিবে॥ ৫৭॥

ব্রণে প্রয়োগার্থ বস্তির নল অষ্টাঙ্গুল পরিমিত, মসৃণ এবং উহার মুখচ্ছিদ্রের পরিমাণ গৃধ্রপক্ষির পক্ষের নলিকার (কুইলের) ন্যায় হইবে॥ ৫৮॥

অন্যপ্রকার। ক্বাথ, ক্ষীর ও তৈল দ্বারা যে বস্তি দেওয়া হয়, তাহাকে নিরূহ বস্তি বলে। গো-মহিষাদির বস্তির দ্বারা কৃত হয় বলিয়া, ঐ যন্ত্র, বস্তিনামে অভিহিত হয়॥ ৫৯॥

---

* নেত্রং কার্য্যং সুবর্ণাদি-ধাতুভির্ব্বৃক্ষবেণুভিঃ। নলৈর্দন্তৈর্বিষাণাগ্রৈর্মণিভির্ব্বা বিধীয়তে॥ একবর্ষাৎ তু ষড় বর্ষং যাবন্মাত্রা ষড়ঙ্গুলম্। ততো দ্বাদশকং যাবন্মানং স্যাদষ্টসম্মিতম্॥ ততঃ পরং দ্বাদশভিরঙ্গুলৈর্নেত্রদীর্ঘতা। মুদ্গচ্ছিদ্রং কলায়াভং ছিদ্রকোলাস্থিরন্ধ্রকম্॥ যথাসঙ্খ্যং ভবেন্নেত্রং শ্লক্ষ্ণং গোপুচ্ছসন্নিভম্। আতুরাঙ্গুষ্ঠমানেন মূলে স্থূলং বিধীয়তে। কনিষ্ঠিকাপরীণাহমগ্রে চ গুড়িকামুখম্। তন্মূলে কর্ণিকে দ্বে চ কার্য্যে ভাগাচ্চতুর্থকান্। যোজয়েৎ তত্র বস্তিঞ্চ বন্ধদ্বয়বিধানতঃ॥ মৃগাজশূকরগবাং মহিষস্যাপি বা ভবেৎ। মূত্রকোষস্য বস্তিস্তু তদলাভেন চর্ম্মজঃ॥ কষায়রক্তঃ সুমৃদুর্বস্তিঃ স্নিগ্ধো দৃঢ়ো হিতঃ॥ ইতি।

† পূর্ব্বমেব অত্রোক্তবস্তির্নিরূহাখ্যো ভবিষ্যতি। নিরূহানুবাসনৈশ্চৈব বস্তিঃ ভাষ্যকারাঙ্গিতঃ।

অনুবাসনভেদশ্চ মাত্রাবস্তিরুদীরিতঃ ॥
পলদ্বয়ং তস্য মাত্রা তস্মাদর্দ্ধোঽপি বা ভবেৎ।
অনুবাস্যস্তু রুক্ষঃ স্যাৎ তীক্ষ্ণাগ্নিঃ কেবলানিলী ॥ ৬০ ॥
নানুবাস্যস্তু কুষ্ঠী স্যান্মেহী স্থূলস্তথোদরী।
নাস্থাপ্যা নানুবাস্যাঃ স্যুরজীর্ণোন্মাদতৃড়্‌যুতাঃ।
শোথমূর্চ্ছারুচিভয়-শ্বাসকাসক্ষয়াতুরাঃ ॥ ৬১ ॥
শরীরোপচয়ং বর্ণং বলমারোগ্যমায়ুষঃ।
কুরুতে পরিবৃদ্ধিঞ্চ বস্তিঃ সম্যগুপাসিতঃ ॥ ৬২ ॥
দিবা শীতে বসন্তে চ স্নেহবস্তিঃ প্রদীয়তে।
গ্রীষ্মবর্ষাশরৎকালে রাত্রৌ স্যাদনুবাসনম্ ॥ ৬৩ ॥
ন চাতিস্নিগ্ধমশনং ভোজয়িত্বানুবাসয়েৎ।
মদমূর্চ্ছাঞ্চ জনয়েদ্দ্বিধা স্নেহং প্রযোজিতঃ ॥ ৬৪ ॥
হীনমাত্রাবুভৌ বস্তী নাতিকার্য্যকরৌ স্মৃতৌ।
অতিমাত্রৌ তথানাহক্লমাতীসারকারকৌ ॥ ৬৫ ॥

অতঃপর অনুবাসন বস্তির বিষয় বলা হইতেছে—মাত্রাবস্তি অনুবাসন-বস্তির ভেদমাত্র। ২ পল বা ১ পল তাহার মাত্রা। রুক্ষ, তীক্ষ্ণাগ্নি ও শুদ্ধ বায়ুরোগাক্রান্ত ব্যক্তির পক্ষে, অনুবাসন বস্তি প্রশস্ত। কুষ্ঠ, মেহ, উদর, অজীর্ণ, উন্মাদ, শোথ, মূর্চ্ছা, অরুচি, শ্বাস, কাস, ক্ষয় রোগে আক্রান্ত এবং স্থূল, তৃষ্ণার্ত্ত ও ভয়প্রাপ্ত ব্যক্তিদের পক্ষে আস্থাপন ও অনুবাসন বস্তি হিতকর নহে ॥ ৬০। ৬১ ॥

বস্তিক্রিয়া সম্যগ্রূপে সম্পাদিত হইলে শরীরের উপচয়, বল, বর্ণ, নিরাময়ত্ব এবং আয়ুর বৃদ্ধি হয় ॥ ৬২ ॥

শীত ও বসন্ত কালে দিবাভাগে এবং গ্রীষ্ম, বর্ষা ও শরৎকালে রাত্রিতে অনুবাসন দিবে। অতিরিক্ত স্নিগ্ধ দ্রব্য ভোজন করাইয়া অনুবাসন প্রয়োগ করিবে না, কারণ ও বস্তিতে দুই প্রকারে প্রযুক্ত স্নেহ মত্ততা ও মূর্চ্ছা আনয়ন করে।

উত্তমা স্যাৎ পলৈঃ ষড়্‌ভির্মধ্যমা স্যাৎ পলৈস্ত্রিভিঃ।
পলদ্ব্যর্দ্ধেন হীনা স্যাদুক্তা মাত্রানুবাসনে ॥ ৬৬ ॥

অন্যচ্চ—নিরূহমাত্রা প্রথমে প্রকুঞ্চো বৎসরে পরম্।
প্রকুঞ্চবৃদ্ধিঃ প্রত্যব্দং যাবৎ ষট্‌প্রসৃতাস্ততঃ ॥
প্রসৃতং বর্দ্ধয়েদূর্দ্ধং দ্বাদশাষ্টাদশস্য তু।
আসপ্ততেরিদং মানং দশৈব প্রসৃতাঃ পরম্ ॥ ৬৭ ॥
যথাযথং নিরূহস্য পাদো মাত্রানুবাসনে।
সানিলঃ সপুরীষশ্চ স্নেহঃ প্রত্যেতি যস্য বৈ ॥

হীনমাত্রায় প্রযুক্ত অনুবাসন ও নিরূহ বস্তি ফলদায়ক হয় না; আর অতিমাত্রায় প্রযুক্ত হইলে ইহারা আনাহ, ক্লান্তি ও অতীসার উৎপাদন করে। অনুবাসনার্থ স্নেহের—ষট্‌পল শ্রেষ্ঠমাত্রা, তিন পল মধ্যম মাত্রা এবং দেড়পল নিকৃষ্ট মাত্রা ॥ ৬৩—৬৬ ॥

অন্যপ্রকার।—নিরূহের মাত্রা প্রথম বর্ষে ১ পল (কিন্তু এক বৎসরের ন্যূন হইলে ১ পলের কম মাত্রা হইবে), একবৎসর বয়সের পর হইতে প্রতিবৎসর ১ পল করিয়া দ্বাদশ পল পর্য্যন্ত বাড়িবে, অর্থাৎ দ্বাদশ বৎসরে দ্বাদশ পল হইবে। ত্রয়োদশবর্ষ হইতে অষ্টাদশবর্ষ পর্য্যন্ত প্রতিবৎসর দুইপল করিয়া নিরূহ মাত্রা বাড়াইবে। অষ্টাদশ বর্ষে চতুর্বিংশতি পল হইবে এবং এই চতুর্বিংশতি পলই সপ্ততিবর্ষ পর্য্যন্ত নির্দ্দিষ্ট থাকিবে, সপ্ততিবর্ষের পর হইতে নিরূহমাত্রা বিংশতি পলের অধিক প্রযোজ্য হইবে না ॥ ৬৭ ॥

যে যে বয়সে নিরূহের যে যে মাত্রা নির্দ্দিষ্ট হইল, সেই সেই বয়সে অনুবাসনের মাত্রা তাহার চতুর্থাংশ হইবে। অর্থাৎ যে বয়সে নিরূহের মাত্রা ১ পল হইবে, সেই বয়সে অনুবাসনের মাত্রা ১ কর্ষ অর্থাৎ ২ তোলা হইবে। স্নেহ, বায়ু ও মলের সহিত তিন প্রহর থাকিয়া নিরুপদ্রবে প্রত্যাগত হইলে অনুবাসন ক্রিয়া নির্ব্বাহিত হইয়াছে, বলা যায়। অনুবাসন স্নেহ

বিনা পীড়াং ত্রিযামস্থঃ স সম্যগনুবাসিতঃ।
বিষ্টব্ধানিলবিণ্মূত্রঃ স্নেহহীনেঽনুবাসনে।
দাহক্লমপিপাসার্ত্তি-করশ্চাত্যনুবাসনে ॥ ৬৮ ॥
স্নেহাৎ পিত্তকফোৎক্লেশো নিরূহাৎ পবনাত্তয়ম্।
স্নেহবস্তিং নিরূহং বা নৈকমেবাতিশীলয়েৎ ॥ ৬৯ ॥
অনাস্থাপ্যা যেঽভিধেয়া নানুবাস্যাশ্চ তে মতাঃ।
বিশেষতস্ত্বমী পাণ্ডুকামলামেহপীনসাঃ ॥
নিরন্নপ্লীহবিড়্ভেদি-গুরুকোষ্ঠকফোদরাঃ।
অভিষ্যন্দভৃশস্থূল-ক্রিমিকোষ্ঠাঢ্যমারুতাঃ ॥
পীতে বিষে গরেঽপচ্যাং শ্লীপদী গলগণ্ডবান্ ॥ ৭০ ॥
অনাস্থাপ্যাস্ত্বতিস্নিগ্ধঃ ক্ষতোরস্কো ভৃশং কৃশঃ।
আমাতিসারী বমিমান্ সংশুদ্ধো দত্তনাবনঃ।
যে সকল ভীষণ যন্ত্রণাদায়ক রোগে মানবজাতি সদাই প্রপীড়িত হইয়া থাকেন, তন্মধ্যে মেহপীড়া একটী প্রধান। রীতিমত ঔষধ ব্যবহৃত না হইলে এই পীড়া দিন দিন উত্তরোত্তর বৃদ্ধি পাইয়া জীবনকে বড়ই ক্লেশময়, অশান্তিপূর্ণ ও উদাস করিয়া তুলে। সকলেই অবগত আছেন যে, মেহপীড়া শুক্র সম্বন্ধীয় পীড়া, এই পীড়ার স্থায়িত্বে শুক্র যে বিকৃত, রুগ্ন ও দুর্ব্বল হইবে, তাহা নিশ্চিত। কাজেই দূষিত শুক্র হইতে উৎপন্ন পুত্র কন্যা চিররোগী হইয়া জন্মগ্রহণ করিবে।

অধিকাংশ রোগের ন্যায় মেহরোগও বড়ই যন্ত্রণাদায়ক পীড়া, বিশেষতঃ ইহার নূতন অবস্থা বড়ই প্রাণান্তকর। প্রস্রাব ত্যাগ কালে অসহ্য যাতনা মুহুর্মুহুঃ মূত্রত্যাগেচ্ছা, সপূয ধাতুনির্গম, খড়িজলবৎ প্রস্রাব, শোণিতস্রাব, রাত্রিকালে লিঙ্গোচ্ছ্বাস প্রভৃতি কষ্টকর উপদ্রব জন্য রোগীকে মৃতবৎ করিয়া তুলে। একদিকে এইরূপ ভীষণ কষ্ট, অপর দিকে চিন্তা—পাছে এই পীড়ার বিষয় গুরুজন বা আত্মীয় স্বজন জানিতে পারেন, অথবা সহধর্ম্মিণীতে এই লজ্জাকর পীড়া সংক্রামিত হয়।

আমাদের চন্দনাসব সর্ব্বপ্রকার নূতন মেহ রোগের অব্যর্থ ফলপ্রদ সিদ্ধ মহৌষধ। যিনি দুরদৃষ্টবশতঃ কর্ম্মবিপাকে এই পীড়াগ্রস্ত হইয়াছেন, তাঁহার প্রতি সরল উপদেশ—ক্ষণকাল মাত্র আর বিলম্ব না করিয়া আমাদের চন্দনাসব ব্যবহার করুন, পীড়া সূর্য্যোদয়ে অন্ধকারের ন্যায় দূরে পলায়ন করিবে। যন্ত্রণা বিদূরিত হইবে। শরীর সুস্থ ও শুক্র যথাযথ হইয়া যাইবে। এই মহৌষধ সেবনে এত শীঘ্র পীড়া প্রশমিত হইয়া যায় যে, রোগী ফলদর্শনে আশ্চর্য্যান্বিত হইয়া থাকেন।

চন্দনাসব মেহরোগের অতি সুন্দর ঔষধ।

ইহা ব্যবহারে অতিশীঘ্র মূত্রনালীক্ষত নির্দ্দোষরূপে নিবারিত হইয়া যায়। প্রস্রাবের জ্বালা, হস্তপদের দাহ, স্বপ্নদোষ, মস্তকঘূর্ণন, হৃদয়ের শূন্যতা, অবসাদ, মস্তিষ্কের দৌর্ব্বল্য, জ্বরভাব, মুখবিস্বাদ, অরুচি, মনের অপ্রসন্নতা, অনিদ্রা, দুর্ব্বলতা, প্রভৃতি সমস্ত মেহোক্ত উপদ্রব শীঘ্র নাশ করিতে **চন্দনাসবের** ন্যায় সুন্দর ঔষধ আর নাই। ইহা ব্যবহারে কাহাকেও বিফলমনোরথ বা অসন্তুষ্ট হইতে হয় নাই। প্রমেহদুষ্ট শুক্রকে শীঘ্র বিশোধিত করিতে চন্দনাসব এজগতে অতুলনীয়। সর্ব্বপ্রকার নূতন মেহে ইহা অত্যাশ্চর্য্য উপকার দর্শাইয়া থাকে।

জয়মঙ্গলরস

দেবাদিদেব মহাদেব নির্ম্মিত এই মহৌষধ সেবনে নানাদোষোদ্ভূত সর্ব্বপ্রকার সাধ্য, অসাধ্য, অস্থিগত, মজ্জাগত, মেদোগত, শুক্রগত এবং অন্তর্ব্বেগ, বহির্ব্বেগ প্রভৃতি যাবতীয় জীর্ণ ও বিষমজ্বর নিশ্চয় নিবারিত হয়।

জীর্ণজ্বরং মহাঘোরং চিরকালসমুদ্ভবম্। জ্বরমষ্টবিধং হন্তি সাধ্যাসাধ্যমথাপি বা॥
পৃথগ্দোষাশ্চ বিবিধান্ সমস্তান্ বিষমজ্বরান্। মেদোগতং মাংসগতমস্থিমজ্জাগতং যথা।
অন্তর্গতং মহাঘোরং বহিঃস্থন্তু বিশেষতঃ। নানাদোষোদ্ভবঞ্চৈব জ্বরং শুক্রগতং তথা॥
নিখিলং জ্বরনামানং হন্তি শ্রীশিবশাসনাৎ। জয়মঙ্গলনামায়ং রসঃ শ্রীশিবনির্ম্মিতঃ।
বলপুষ্টিকরশ্চৈব সর্ব্বরোগনিবর্হণঃ॥

এক শিশির মূল্য ৩৲ তিন টাকা। ডাকমাশুলাদি ৶০ আনা।

চারি আনা মাশুলে অনেক সপ্তাহের ঔষধ যায়।

ঘৃত

এই মহৌষধ ব্যবহারে পারদ ও উপদংশ (গরমি) হেতু হস্ত ও পদতলের বিকৃত-চিহ্ন সকল নিশ্চয়ই শীঘ্র নিবারিত হয়। ইহাতে উপরিউক্ত পীড়া এমন সহজে ও বিনাক্লেশে প্রশমিত হয় যে, রোগী ফলদর্শনে সমধিক বিস্মিত ও আনন্দিত হইয়া থাকেন। ইহাতে পারদ বা অন্য কোন দূষিত ধাতু নাই॥

এক শিশির মূল্য ১৲ এক টাকা।

ভিঃ পিতে লইলে এক টাকা পাঁচ আনা।

নারায়ণ তৈল

বায়ুরোগের অব্যর্থ মহৌষধ।

এই পরম উপকারী সর্ব্বজনবিদিত শাস্ত্রীয় নারায়ণ তৈল ব্যবহারে বায়ুর সমতা হইয়া যাবতীয় বায়ুরোগ, শিরোঘূর্ণন, হৃৎস্পন্দন, মনঃ হুহু করা, অস্থিরতা, বহুভাষণ, ক্রন্দনেচ্ছা, স্মরণশক্তির অল্পতা, শুক্রক্ষীণতা, হস্তপদের জ্বালা ও গাত্রদাহ, অনিদ্রা ও নিদ্রাল্পতা এবং স্বপ্নে বিভীষিকা দর্শন প্রভৃতি যাবতীয় উৎকট বায়ুরোগ ও তাহার উপদ্রব প্রশমিত হয়, বায়ুপিত্তপ্রধান লোকের পক্ষে শাস্ত্রীয় নারায়ণ তৈল মহোপকারক। ইহা দ্বারা বায়ু ও পিত্তজন্য যাবতীয় রোগ নিবারিত হয়। শাস্ত্রে লিখিত আছে যে—

যে বাতপ্রভবা রোগা যে চ পিত্তসমুদ্ভবাঃ।
সর্ব্বাংস্তান্ নাশয়ত্যাশু সূর্য্যস্তম ইবোদিতঃ॥

মূল্য এক পোয়া ৫৲ পাঁচ টাকা।

ডাকমাশুলাদি ৷৷৵৹ দশ আনা। অর্দ্ধপোয়ার মূল্য ২৷৷৹ আড়াই টাকা।
ডাকমাশুলাদি ৷৴৹ পাঁচ আনা। অর্দ্ধসের মূল্য ১০৲ দশ টাকা।
ডাকমাশুলাদি ৷৷৵৹ তের আনা।

প্রাণদা বটিকা

সর্ব্বপ্রকার অর্শোরোগের মহৌষধ।

ইহা সেবনে অন্তর্ব্বলি, মধ্যবলি ও বহির্ব্বলিজাত যাবতীয় অর্শো-রোগ ও তজ্জনিত তীব্রবেদনা, জ্বালা এবং রক্ত পূয নির্গম, কোষ্ঠবদ্ধতা, উদরে ভারবোধ, শারীরিক ও মানসিক অবসাদ, দুর্ব্বলতা, স্ফূর্ত্তিহীনতা প্রভৃতি উপদ্রব সকল ত্বরায় নিরাকৃত হয়। এই মহৌষধ সেবনে অতি দীর্ঘকাল সম্ভূত অসাধ্য অর্শঃও যাপ্য থাকে।

এক মাসের ঔষধের মূল্য ৪৲ চারি টাকা।
১৫ দিবসের ঔষধের মূল্য ২৲ দুই টাকা।

নেত্রামৃত

সর্ব্বপ্রকার চক্ষুরোগের ঔষধ।

নেত্রামৃত ব্যবহারে সর্ব্বপ্রকার নেত্রাভিষ্যন্দ অর্থাৎ চক্ষু লাল হওয়া করকর করা, বেদনা বোধ, জল ও পিচুটী পড়া, পাতায় কণ্ডু (চুলকণা) হওয়া, পাতায় পাতায় জুড়িয়া যাওয়া এবং সূর্য্যান্ধতা, রাত্র্যন্ধতা (রাতকাণা) দূরদৃষ্টিহীনতা, ঝাপ্‌সা দেখা প্রভৃতি যাবতীয় দৃষ্টি বৈকৃত্য পীড়া এবং উপসর্গ সমূহ যথা—শিরোবেদনা, মাথাভার, মস্তকের ভিতর অসহ্য যাতনা, ক্ষুধানাশ, অজীর্ণ, জ্বরভাব, শারীরিক অবসাদ প্রভৃতি প্রশমিত এবং চক্ষুঃ স্নিগ্ধ ও শীতল হয়। ইহাতে চক্ষুর জ্বালা যন্ত্রণাদি কোন প্রকার অনিষ্টের আশঙ্কা নাই। ছানির প্রথম অবস্থা হইতে আমাদের নেত্রামৃত ব্যবহার করিলে ছানির দৃঢ়তা পাতলা হইয়া রোগীকে ক্রমশঃ আরোগ্যপথে অগ্রসর করায় এবং শেষে অস্ত্র সাহায্য বিনা রোগ নির্ম্মূল হয়।

যাঁহাদের চক্ষুঃ মধ্যে মধ্যে লাল হয়, অথবা যাঁহারা আলোকের জ্যোতিঃ সহ্য করিতে পারেন না, তাঁহাদের চক্ষুঃ অবিকৃত রাখিতে হইলে নেত্রামৃত ব্যবহার করা অবশ্য কর্ত্তব্য। চক্ষুর জ্যোতির্ব্বৃদ্ধি করিতে ও চক্ষুঃ স্নিগ্ধ রাখিতে নেত্রামৃতের ন্যায় উৎকৃষ্ট ঔষধ আর দেখিতে পাওয়া যায় না।

এক শিশির মূল্য ১৲ এক টাকা। ডাকমাশুলাদি ।/০ আনা।

বালরোগাশনি

বালকদিগের উদরাময়ের ঔষধ।

ইহা সেবনে শিশুদিগের অজীর্ণ, অগ্নিমান্দ্য এবং তৎসংক্রান্ত সমুদায় পীড়া, যথা—উদরাধ্মান (পেটফাঁপা) ভস্‌কা ভস্‌কা, তরল বা দম্‌কা ভেদ, আমাশয় প্রভৃতি এবং অহিণ্ডি (এঁড়েলাগা) ও দন্তোদ্গমকালীন যাবতীয় পীড়া বিনষ্ট হয়।

বালরোগাশনি শিশুদিগের অব্যর্থ ফলপ্রদ মহৌষধ। ইহার উপকারিতা দেখিয়া মুগ্ধ হইতে হয়।

এক শিশির মূল্য ১৲ এক টাকা। ডাকমাশুল ।/০ পাঁচ আনা।

তিন শিশির মূল্য ২॥০ টাকা। ডাকমাশুলাদি ।/০ পাঁচ আনা।

পঞ্চামৃত লবণ

ইহা নিয়মিতরূপে সেবন করিলে গুল্ম, অষ্ঠীলা, প্রত্যষ্ঠীলা, তূণী ও প্রতিতূণী, প্লীহা, যকৃৎ প্রভৃতি আকৃতিমান্ রোগ সমস্ত অচিরে বিনষ্ট হয়।

এক শিশির মূল্য ১৲ টাকা। ডাকমাশুলাদি ।/০ পাঁচ আনা।

তিন শিশির মূল্য ২॥০। ডাঃ মাঃ ।৵০ সাত আনা।



প্রসবান্তে আমাদের এই মহৌষধ "প্রসূতারিষ্ট" সেবন করিলে কখনই সূতিকা রোগ উপস্থিত হইতে পারে না। ইহাতে শীঘ্রই দুর্ব্বল শরীর সবল, হৃষ্ট-পুষ্ট এবং যৌবনশ্রী পুনরাগত, পাচকাগ্নি বর্দ্ধিত, স্তনদুগ্ধ বিশোধিত ও কোষ্ঠশুদ্ধি হয়। আমাদের এই প্রসূতারিষ্ট শারীরিক ও মানসিক প্রফুল্লতা বৃদ্ধির, সার্ব্বাঙ্গিক অবসাদ ও শিথিলতা নাশের এবং নাড়ীদোষ নিবারণের অতি উৎকৃষ্ট মহৌষধ। ইহা ব্যবহারে স্তন্য বিশোধিত হয় বলিয়া যে সকল শিশু দূষিত স্তনদুগ্ধ পান জন্য দুর্ব্বল বা অজীর্ণাদি পীড়ায় পীড়িত, তাঁহারা বিনা চিকিৎসায় আরোগ্য এবং স্তনপানে দিন দিন কান্তি ও পুষ্টিসম্পন্ন হইয়া থাকেন।

"প্রসূতারিষ্ট" কিছু দীর্ঘকাল থাকিলে নষ্টবীর্য্য হওয়ায় এবং মফঃস্বলে পাঠাইতে হইলে অধিকাংশ স্থলে ভাঙ্গিয়া যাওয়ার সম্ভাবনা, এজন্য আমরা উহাকে বটিকারূপে প্রস্তুত করিয়া প্রসুতিবান্ধব নাম দিলাম। যিনি যে প্রকার চাহিবেন, তাঁহাকে আমরা তাহাই পাঠাইব। ফলতঃ ইহা প্রসূতারিষ্ট অপেক্ষা গুণে কোন অংশে ন্যূন নহে। প্রসবান্তে প্রসূতিগণের পক্ষে ইহা অমৃত স্বরূপ।

প্রসূতিবান্ধব এক কৌটার মূল্য দুই টাকা। মাশুলাদি ৵৹ তিন আনা।

প্রসূতারিষ্ট এক শিশির মূল্য দুই টাকা। মাশুলাদি ৷৵৹ নয় আনা

বসন্তমালতী

ব্রণ ও মেচেতার অব্যর্থ মহোষধ।

এই মনোহর গন্ধযুক্ত দ্রব্য ব্যবহারে মেচেতা ও ব্রণ প্রভৃতি মুখমণ্ডলের বিকৃতি-চিহ্ন সকল বিদুরিত হইয়া মুখশ্রী সমুজ্জ্বল, শুষ্কত্বক্ কোমল, দেহের লাবণ্য বর্দ্ধিত এবং বর্ণের উৎকর্ষ সম্পাদিত হয়। বসন্তমালতী গাত্র ও ঠোঁটফাটা, ছুলি, ঘামাচি, চুলকণা এবং ঘর্ম্মোদ্গমের জন্য শরীরের দুর্গন্ধ প্রভৃতি নিবারণের অতি উৎকৃষ্ট মহোষধ। **বসন্ত মালতী** অতি সুন্দরদ্রব্য। আমরা সাধারণকে ইহা ব্যবহার করিবার জন্য অনুরোধ করি।

এই শ্রেণীর বিলাতী দ্রব্য অপেক্ষা সম্পূর্ণ স্বদেশজাত দ্রব্যদ্বারা প্রস্তুত আমাদের **বসন্ত মালতী** যে স্নিগ্ধ ও উপাদেয় তাহাতে আর অণুমাত্র সন্দেহ নাই। বিলাতী স্কিন্ লোশন্ (Skin Lotion.) ব্যবহার করিলে শরীরে যেরূপ উগ্রতা জন্মে, ইহাতে সেরূপ কিছুই হয় না।

বসন্ত মালতী প্রত্যহ ব্যবহার করিলে মুখমণ্ডলের শ্রী ও লাবণ্য বর্দ্ধিত হয়। ইহাতে শরীর সুগন্ধযুক্ত হইয়া থাকে। মহিলাগণ ইহা ব্যবহারে অপার আনন্দ ও প্রীতি অনুভব করিয়া থাকেন।

এক শিশির মূল্য ॥৴০ দশ আনা। ডাকমাশুলাদি পাঁচ আনা।
তিন শিশির মূল্য ১॥০ দেড় টাকা। ডাকমাশুলাদি ।৵০ সাত আনা।
ছয় শিশির মূল্য ৩৲ তিন টাকা। ডাকমাশুলাদি ৸৵০ চৌদ্দ আনা।

হিন্দুকুলরবি প্রবল প্রতাপান্বিত শ্রীল শ্রীযুক্ত মহারাজাধিরাজ যোধপুর-প্রদেশাধিপতি বাহাদুরের বসন্ত-মালতী সম্বন্ধে অভিমত—

শ্রীল শ্রীযুক্ত মহারাজাধিরাজ যোধপুরাধিপতি বাহাদুরের পারিবারিক চিকিৎসক সুপ্রসিদ্ধ ডাক্তার ভক্তিভাজন শ্রীযুক্ত বাবু নিবারণচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহোদয় লিখিয়াছেন—

কবিরাজ মহাশয়! আপনার প্রেরিত ঔষধাবলীর মধ্যে শ্রীল শ্রীযুক্ত যোধপুরাধিপতি মহারাধিরাজ বাহাদুর "বসন্ত মালতী" দুইটী নিজে লইয়া ব্যবহার করিতেছেন। বসন্তমালতী অতি উৎকৃষ্ট ঔষধ। শরীরের ব্রণ ও মেচেতার পক্ষে বড়ই উপকারী। গন্ধ অতি মনোহর। মহারাজাধিরাজ বাহাদুর বসন্তমালতীর বিশেষ প্রশংসা করিয়াছেন। মহারাজের আজ্ঞানুসারে মহাশয়কে লিখিতেছি যে, আপনি অনুগ্রহ করিয়া অতি শীঘ্র আরও ছয়শিশি বসন্তমালতী ভিঃ পিতে পাঠাইয়া বাধিত করিবেন।

বাধকারি বটিকা

সর্ব্বপ্রকার বাধকের প্রত্যক্ষ ফলপ্রদ ঔষধ।

ইহা ব্যবহারে বাধক ও তদুপসর্গ—ঋতুকালে ভয়ানক যন্ত্রণা, কষ্টরজঃ, উরুদেশে, তলপেটে এবং কোমরের বেদনা ও ভারবোধ, মস্তকের কামড়ানি, কাপড়ে দাগলাগা, মাসে দুই তিন বার ঋতু হওয়া বা খারাপ রঙ্গের ঋতুস্রাব হওয়া, ঋতুস্রাব পরিষ্কাররূপে না হওয়া, উদরে গুল্মাকৃতি বোধ হওয়া, মেজাজ খিটখিটে হওয়া, সর্ব্বদা গা বমি বমি করা, অরুচি, নিদ্রাল্পতা, ঝাপ্সী দেখা, মস্তক-ঘূর্ণন, ভারবোধ, শারীরিক দুর্ব্বলতা ও আলস্যভাব, মনের অপ্রসন্নতা প্রভৃতি উপদ্রব দূরীভূত হইয়া মাসে মাসে আল্‌তা বর্ণ বিশুদ্ধ রজঃ যথাসময়ে ও যথাবৎ পরিমাণে বিনাক্লেশে প্রবর্ত্তিত হয়। এই মহৌষধ **বাধকারি বটিকা** সেবনে রজঃ ও জরায়ু বিশুদ্ধ হয় এবং সন্তানোৎপাদিকা শক্তি জন্মে এবং উৎপন্ন সন্তান নীরোগ, বলিষ্ঠ ও দীর্ঘায়ুঃ এবং স্ত্রী সুস্থ, হৃষ্টপুষ্ট ও কান্তিমতী হইয়া থাকেন। ইহা বাধক, শ্বেত ও রক্তপ্রদরাদি সর্ব্বপ্রকার স্ত্রীরোগের অব্যর্থ মহৌষধ।

৩০ বটিকা পূর্ণ এক কৌটার মূল্য ১॥০ দেড় টাকা।

ডাকমাশুলাদি ৵০ তিন আনা, ভিঃ পিতে লইতে মোট খরচ ১॥৵০ আনা।

মুর্শিদাবাদের সুপ্রসিদ্ধ এবং সুপণ্ডিত জমিদার, ১ম শ্রেণীর অনারারিম্যাজিষ্ট্রেট ও লোকালবোর্ডের চেয়ারম্যান রায় **হরেকৃষ্ণ মজুমদার** বাহাদুর বলেন—

মহাশয়ের বাধকারি বটিকার ন্যায় বাধকের উৎকৃষ্ট ঔষধ আমি দেখি নাই। আমার একটী বন্ধুর স্ত্রী ঐ যন্ত্রণাদায়ক পীড়ায় অতীব কষ্ট ... কোনরূপ চিকিৎসায় সুফল পান নাই কিন্তু আপনাদের বাধকারি বটিকা

সম্বলপুরের ডাক্তার শ্রীযুক্ত উমাচরণ দে ভি, এল, এম, এস, মহোদয় বলেন—

বাধকারি বটিকা আনাইয়া বাধক বেদনার রোগিকে সম্পূর্ণ আরোগ্য করিয়াছি।

বর্দ্ধমান বীরশিমূল হইতে শ্রীযুক্ত হরিদাস বসু চৌধুরী মহোদয় বলেন—

বাধকারি বটিকা ব্যবহারে ...

বাসারিষ্ট

সর্ব্বপ্রকার হাঁপানি রোগের অব্যর্থ মহৌষধ

এই সিদ্ধফলপ্রদ মহৌষধ সেবনে সর্ব্বপ্রকার কাসরোগ ও তদুপদ্রব সকল যথা-জ্বর, পার্শ্বশূল, বক্ষঃস্থলে ব্যথা বা ভারবোধ, সপূয কফ বা রক্ত নিষ্ঠীবন, নিশাস্বেদ, অগ্নিমান্দ্য, অধিক ভেদ বা কোষ্ঠবদ্ধতা, হাঁপানি প্রভৃতি ত্বরায় দূরীভূত হয়।

আমাদের "বাসারিষ্ট" হাঁপানি রোগের অদ্বিতীয় ঔষধ। শ্বাসের টানে যখন প্রাণ বাহির হইতে যায়, সেই সময়ে **এক মাত্রা "বাসারিষ্ট" সেবন করিলেই** বুঝিতে পারা যায় যে, **বাসারিষ্টের মত উৎকৃষ্ট ঔষধ আর নাই।** বাসারিষ্ট হাঁপানি রোগে বিশেষ ফলপ্রদ ও পরীক্ষিত। আমরা শতকরা পঁচানব্বই জন রোগীকে ইহার উপকারিতা উপলব্ধি করিতে দেখিয়াছি।

হতাশ রোগীরা আর রোগের ভীষণ যন্ত্রণায় কাতর হইবেন না। আর নিরাশায় প্রপীড়িত হইবেন না, আর জীবনকে বৃথা ভারজ্ঞান করিবেন না; আমাদের ঔষধ পরীক্ষা করুন; বিনা পরীক্ষায় কোন জিনিসের গুণ জানা যায় না। পরীক্ষা না করিলে, বাসারিষ্টের অদ্ভুত গুণ জানিতে পারিবেন না।

মূল্য প্রতিশিশি ১৲ এক টাকা। ভিঃ পিতে মোট ১।৴০ আনা।

হাইকোর্টের অফিসিয়েটিং জজ মাননীয় শ্রীযুক্ত **মহেন্দ্রনাথ বসু** বাহাদুর লিখিয়াছেন-

* * আমার জ্যেষ্ঠা পুত্রবধূ বহুদিবস কাস রোগে কষ্ট পাইতেছিলেন, বলা বাহুল্য, অনেক প্রকার চিকিৎসা করা হইয়াছিল. শেষে আপনাদের চিকিৎসার গুণে এবং কাসরোগের মহৌষধ রিষ্ট ব্যবহারে তিনি সম্পূর্ণ আরোগ্য

সুবিজ্ঞ ডাক্তার **এ আজিজ** ডিসপেনসারি হাট্টা মিঃ সিঃ, হইতে লিখিয়াছেন—

অতিসন্তোষের সহিত বিজ্ঞপ্তি করিতেছি। যে, আপনার **বাসারিষ্ট** ব্যবহারে আমার কাস বিদূরিত হইয়াছে।

রায় বাহাদুর শ্রীযুক্ত মাধবচন্দ্র রায় আই, এম, ই, মহোদয় লিখিয়াছেন—

আমি কৃচ্ছ্রসাধ্য কাসরোগে এক শিশি

বৃহৎ অশ্বগন্ধা ঘৃত

রসায়ন ও বাজীকরণের উৎকৃষ্ট মহৌষধ।

রসায়ন ও বাজীকরণাধিকারোক্ত ঔষধসমূহের মধ্যে বৃহৎ অশ্বগন্ধা ঘৃত সর্ব্বোৎকৃষ্ট। যাঁহাদের শুক্র ক্ষীণ ও দুর্ব্বল হইয়াছে, ধাতুক্ষীণতা প্রভৃতির জন্য যাঁহাদের পুরুষত্ব সম্পূর্ণ ও অসম্পূর্ণভাবে বিনষ্ট হইয়াছে, যাঁহাদের অকালে জরা আসিয়া উপস্থিত হইয়াছে, তাঁহাদের পক্ষে এবং যে স্ত্রীর রজঃক্ষয় বা রজোদুষ্টি হইয়াছে অথবা যাঁহাদের বন্ধ্যাত্ব-দোষ জন্মিয়াছে, সেই স্ত্রীদের পক্ষে এই ঘৃত পরম মহৌষধ। ইহা সেবন করিলে শুক্র ও রজঃ পরিবর্দ্ধিত, বিশুদ্ধ এবং জরায়ু দোষবিমুক্ত হইয়া থাকে। এই ঘৃতের মাহাত্ম্যে বৃদ্ধও যুবার ন্যায় বীর্য্যবান্ হইয়া থাকেন। ভগ্নস্বাস্থ্য ব্যক্তি ওজঃ, তেজঃ ও ইন্দ্রিয়ের প্রসন্নতা লাভ করেন এবং খালিত্য, পালিত্য ও বিবিধ উৎকট ব্যাধি হইতে বিমুক্ত হন। অশ্বিনীকুমার নির্ম্মিত এই ঘৃতের গুণের বিষয় শাস্ত্রে বিস্তারিতরূপে বর্ণিত আছে, যথা—

ক্ষীণেন্দ্রিয়াঃ ক্ষীণশুক্রা বৃদ্ধা বালাস্তথাবলাঃ। হীনমাংসাশ্চ যে কেচিৎ প্রাশ্নেদং মাত্রয়া ঘৃতম্॥
ওজঃ স্বাস্থ্যঞ্চ তেজশ্চ প্রসাদমিন্দ্রিয়স্য চ। লভন্তে সূর্য্যসঙ্কাশো ভ্রাজতে বিগতজ্বরঃ॥
বৃদ্ধো বৃষায়তে স্ত্রীষু নিত্যং ষোড়শবর্ষবৎ। নারীণাঞ্চ শতং গচ্ছেন্ন চ শুক্রক্ষয়ো ভবেৎ॥
বন্ধ্যা চ লভতে পুত্রং বুদ্ধিমেধাসমন্বিতম্। মাসমাত্রপ্রয়োগেণ বলিপলিতনাশনম্॥
খালিত্যং তিমিরং ব্যাধীন্ বাতিকান্ কফপিত্তজান্। হন্তি সর্ব্বান্ গদান্ শীঘ্রমশ্বিভ্যাং নির্ম্মিতং পুরা॥

একপোয়া ঘৃতের মূল্য ৮৲ আট টাকা। ডাকমাশুলাদি ॥৵০ আনা।

অর্দ্ধ পোয়া ঘৃতের মূল্য ৪৲ টাকা। ভিঃ পিতে লইলে ৪।৵০ আনা।

ময়মনসিংহ হইতে সুপ্রসিদ্ধ জমিদার শ্রীযুক্ত বাবু রামরঞ্জন রায় চৌধুরী মহোদয় লিখিয়াছেন—

আপনার ব্যবস্থামতে বৃহৎ অশ্বগন্ধাঘৃত ও সোমলতারিষ্ট সেবনে নবজীবন প্রাপ্ত হইয়াছি। বৈকালে জ্বর, প্রস্রাবে ধা—

সবিনয় নিবেদনমিদম্—

মহাশয়। আপনার প্রেরিত বৃহৎ অশ্বগন্ধা ঘৃত ব্যবহারে আমি ঈশ্বরানুগ্রহে শুক্রতারল্য ও ধাতুদৌর্ব্বল্য রোগে বিশেষ ফল প্রাপ্ত হইয়াছি। ইতি

শ্রীরামচন্দ্র মজুমদার।

বৃহৎ ছাগলাদ্য-ঘৃত

শাস্ত্রীয় প্রসিদ্ধ পুষ্টিকর ও শুক্রবর্দ্ধক মহৌষধ।

স্বভাবতঃ বা রোগ দ্বারা দুর্ব্বল ব্যক্তিদিগের পক্ষে এই ঘৃত যেমন পুষ্টিকর এমন আর কিছুই নাই। সর্ব্বজনবিদিত এই **বৃহৎ ছাগলাদ্য ঘৃত** ব্যবহার করিলে দিন দিন শরীরের পুষ্টি, বলবীর্য্যের গাঢ়তা এবং পুরুষত্বের বৃদ্ধি হইয়া থাকে। ইহা সেবনে অগ্নি, বল ও আয়ুঃ বৰ্দ্ধিত হয়। ইহা দ্বারা শরীরের কান্তি, মনের প্রফুল্লতা, মস্তিষ্কের বলবত্তা, চক্ষুর দীপ্তি, স্মৃতিশক্তির বৃদ্ধি, ক্লৈব্য ভাবের অপগম এবং সহিষ্ণুতা. দৃঢ়তা ও স্থিরতা প্রভৃতি নানা উপকার সাধিত হয়; সকল প্রকার বাতব্যাধি, উন্মাদ, অপস্মার, নষ্টশুক্র ও নষ্টার্ত্তব প্রভৃতি উৎকট রোগ নিবারিত হইয়া থাকে। অতএব যে সকল দুর্ব্বল ব্যক্তি বলপুষ্টির বাঞ্ছা করেন, তাহাদের পক্ষে এই শাস্ত্রোক্ত পরম কল্যাণকর রসায়ন ঘৃতই যে পরম উপযোগী তাহা আর বলিবার প্রয়োজন নাই। পুষ্টির জন্য বৃহৎ "ছাগলাদ্য ঘৃত" অতি উৎকৃষ্ট ঔষধ। আমাদের ছাগলাদ্য ঘৃতের গুণ জগদ্বিখ্যাত। ইহার গুণের বিষয় শাস্ত্রে বিস্তৃতরূপে বর্ণিত আছে।

এক পোয়া ঘৃতের মূল্য ৪৲ টাকা। ডাঃ মাঃ ।৵০ নয় আঃ

অৰ্দ্ধপোয়া ঘৃতের মূল্য দুই টাকা। ভিঃ পিতে লইলে দুই টাকা পাঁচ আনা।

অৰ্দ্ধসেরের মূল্য আট টাকা। ভিঃ পিতে হইলে আট টাকা বার আনা।

মানবাজারাধিপতি শ্রীল শ্রীযুক্ত রাজা **কিশোরী প্রসাদ নারায়ণ দেব বাহাদুর** লিখিয়াছেন—

আপনার অকৃত্রিম **বৃহচ্ছাগলাদ্য ঘৃত** আনাইয়া উহা ব্যবহারে একটী উন্মাদ রোগীকে সম্পূর্ণ আরোগ্য করিয়াছি। এতদ্ভিন্ন যখন যে ঔষধ আনাইয়া থাকি, তাহাতেই আশাতীত ফল দেখিতে পাই। আমি আপ-

ও ধর্ম্মভীরু লোকের সর্ব্বদা

রংপুর রাজবাটী হইতে শ্রীল শ্রীযুক্ত মহারাজ কুমার যুবরাজ শ্রীযুক্ত **গোপাল দাস রায় চৌধুরী বাহাদুর** লিখিয়াছেন—

আমি একটি আত্মীয়কে আপনার **বৃহচ্ছাগলাদ্য ঘৃত** সেবন করাইয়া সুন্দর উপকার পাইয়াছি। আপনার বৃহৎ ছাগলাদ্য ঘৃত যে অতীব উৎকৃষ্ট তাহা বেশ

বৃহৎ সুরবল্লী কষায়

সর্ব্বোৎকৃষ্ট রক্তপরিষ্কারক পুষ্টিকর রসায়ন।

পারদ সেবনে কিংবা উপদংশ বিষে অথবা অন্য কোন কারণে শোণিত বিশেষ রূপে দূষিত হইয়া যদি শরীরে চক্র, মস্থর বা ঘামাচির ন্যায় চিহ্ন অথবা কাল কাল দাগ বাহির হয়, কিংবা হস্ত ও পদতলে, মস্তকে ও চিবুকে ঘা হয়, তাহা হইলে আমাদের **বৃহৎ সুরবল্লী কষায়** সেবনে অতি সত্বর এমন কি এক সপ্তাহ মধ্যে ফল দৃষ্ট হইয়া থাকে।

এই ভয়ঙ্কর রক্তদুষ্টিরোগে যাঁহারা আরোগ্য লাভে হতাশ হইয়াছেন, তাঁহাদিগকে আমরা বৃহৎ সুরবল্লী কষায় ব্যবহার করিবার জন্য অনুরোধ করি। ইহা ব্যবহারে নিশ্চয়ই হতাশ প্রাণে আশার অঙ্কুর সঞ্চারিত হইবে। এবং পুনরায় সাংসারিক সুখ উপভোগের ইচ্ছা বলবতী হইবে। অবশ্যই আমাদের সুরবল্লী কষায়ের সমস্ত গুণই ইহাতে সম্যক্‌রূপে বিদ্যমান আছে। ইহাতে পারদাদি কোন দূষিত ধাতু নাই।

এক শিশির মূল্য ২॥০ আড়াই টাকা। ভিঃ পিতে লইলে ৩/০ আনা।

বিশুদ্ধ পদ্মমধু।

চক্ষুরোগের মহৌষধ।

সকলেই জানেন যে পদ্মমধু চক্ষুরোগের মহৌষধ। কিন্তু পদ্মমধু কি প্রকার তাহা অনেকেই চিনেন না। অনেকে বিশ্বাস করিয়া সাধারণ মধুকে পদ্মমধু বিবেচনা করিয়া চক্ষুরোগে প্রয়োগ করিয়া থাকেন। কিন্তু তাহাতে উপকার না হইয়া বরং অপকারই হইয়া থাকে; সুতরাং পদ্মমধু ব্যবহারের সময় তাহার গন্ধের প্রতি লক্ষ্য রাখা উচিত। যে মধুতে পদ্মের গন্ধ নাই, তাহা পদ্মমধু নহে। আমাদের পদ্মমধু ঘ্রাণ মাত্রেই চিনিতে পারা যায়। সুতরাং প্রতারিত হইবার কোন সম্ভাবনা নাই।

মূল্য ১ তোলা ১৲ এক টাকা। ভিঃ পিতে লইলে ১৷০ টাকা।

ভাস্কর রস

কোষবৃদ্ধি ও দূষিত জলজনিত পীড়ার মহৌষধ।

এই মহৌষধ সেবনে কোষবৃদ্ধি (একশিরা ও কুরণ্ড), গণ্ডমালা, গলগণ্ড ও অর্ব্বুদ প্রভৃতি দূষিত জলজনিত যাবতীয় পীড়া এবং তদুপসর্গ—জ্বর, আনাহ, অরুচি, টনটনানি কর্ত্তনবৎ পীড়া, কোষ্ঠবদ্ধতা, পুরুষত্বহানি, স্ফূর্ত্তিহীনতা প্রভৃতি অতি কষ্টদায়ক উপদ্রব সকল নিশ্চয় নিবারিত হয়। ভাস্কর রস ব্যবহার করিলে অস্ত্র দ্বারা "ট্যাপ্" করিয়া জল বাহির করিতে হয় না। ইহার গুণ লোকে যতই শুনিতেছেন, ততই ইহার প্রতিপত্তি ও সমাদর বর্দ্ধিত হইতেছে। নিয়মিতরূপে এই ঔষধ ব্যবহার করিয়া শত শত ব্যক্তির কুলসংক্রামিত পীড়াও একেবারে প্রশমিত হইয়াছে। কোষবৃদ্ধি নিবারণের এরূপ ঔষধ আর নাই।

একমাসের ব্যবহারোপযোগী একপ্রকার তৈল, একপ্রকার বটী ও এক প্রকার চূর্ণের মূল্য ৫৲ পাঁচ টাকা। ডাকমাশুলাদি ॥৹ আট আনা।

সবিনয় নিবেদনমিদং—

মহাশয়! নিম্নলিখিত ঠিকানায় আর ১৫ দিনের ব্যবহারোপযোগী ভাস্কর রস পাঠাইবেন। ভাস্কর রসে আমার কোষবৃদ্ধির উপকার হইয়াছে। ইতি

শ্রীজহুরিলাল মজুমদার।

পোষ্ট কুলিগুনি (যশোহর)

মান্যবরেষু—

মহাশয়দিগের ঔষধালয় হইতে এব মাসের ভাস্কর রস আনাইয়াছিলাম তাহা ব্যবহারে বিশেষ উপকার পাইয়াছি। ইতি

শ্রীরাজেন্দ্রকিশোর রায়।

পোঃ বড়বাজার ধানাকোড়ারবাসা,

ময়মনসিংহ।

ভীমসেন কর্পূর।

(ছানির মহৌষধ।)

ভীমসেন কর্পূর ব্যবহারে চক্ষুর ছানি ক্রমশঃ পাত্‌লা হইয়া অদৃশ্য হইয়া যায়। চক্ষুতে অস্ত্র-চিকিৎসার প্রয়োজন হয় না। অনেক বৃদ্ধ ব্যক্তি আমাদের ভীমসেন কর্পূর ব্যবহারে পুনরায় দৃষ্টিশক্তি লাভ করিয়াছেন। ভীমসেন কর্পূর অনেক চক্ষুরোগীকে অনিশ্চিতকর অস্ত্র চিকিৎসার হস্ত হইতে নিষ্কৃতি দান করিয়াছে। যাঁহারা অল্পবয়সে দৃষ্টিশক্তি হারাইয়াছেন, ভীমসেন কর্পূর ব্যবহারে তাঁহারা শীঘ্রই দৃষ্টিশক্তি লাভ করিবেন, তাহাতে আর কোনও সন্দেহ নাই। চশমা ব্যবহার করিবার অগ্রে একবার আমাদের ভীমসেন কর্পূর ব্যবহার করিয়া দেখা উচিত।

এক তোলার মূল্য ৪৲ টাকা।

ভিঃ পিতে লইলে ৪৶৹ টাকা।

মকরধ্বজ রস।

উৎকৃষ্ট রসায়ন ও বাজীকরণ ঔষধ।

নিখিলজ্ঞানশালী পূজ্যতম আর্য্য মহর্ষিগণের প্রস্তুত "মকরধ্বজ"-রসের ন্যায় উৎকৃষ্ট ঔষধ যে পৃথিবীর কোন জাতির চিকিৎসাশাস্ত্রে আছে, এরূপ বোধ হয় না। আর্য্যচিকিৎসা শাস্ত্রে এরূপ মহৌষধ আছে বলিয়া প্রত্যেক হিন্দুসন্তানই গর্ব্ব করিতে পারেন। "মকরধ্বজ রস" সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ। জরাজীর্ণ নিতান্ত বৃদ্ধগণও ইহা সেবনে যুবার ন্যায় বল বীর্য্য-যুক্ত হইয়া থাকেন। শাস্ত্রে ইহার গুণের বিষয় বিস্তর লিখিত আছে।

এক সপ্তাহের মূল্য ৪৲ চারি টাকা।

ষড়্‌গুণবলিজারিত ও স্বর্ণঘটিত

মকরধ্বজ

জগদ্বিখ্যাত সর্ব্বরোগঘ্ন বলকারক মহৌষধ।

বিশেষ যত্ন ও সতর্কতার সহিত আমরা নিজহস্তে মকরধ্বজ প্রস্তুত
করিয়া থাকি, ইহার গুণ অব্যর্থ ও জগদ্বিখ্যাত;
উপকারিতায় ইহা অতুলনীয়।

মকরধ্বজ যে সর্ব্বরোগের মহৌষধ, ইহা কোনও ভারতবাসীর অবিদিত নাই। শাস্ত্রোক্ত বিধি অনুসারে যথাযথরূপে প্রস্তুত হইলে মকরধ্বজের ন্যায় সর্ব্বরোগঘ্ন বলকারক ঔষধ এজগতে অতি বিরল। অনুপানবিশেষে ব্যবহৃত হইলে ইহা দ্বারা অজীর্ণ, ক্রিমি এবং বৃদ্ধাবস্থার প্রায় সমস্ত পীড়া, উৎকট ব্যাধির অন্তে বা স্ত্রীগণের প্রসবান্তে দৌর্ব্বল্য এবং জীর্ণ ও জটিল রোগশঙ্কর সকল ত্বরায় নিবারিত হয়॥

অতিশয় অধ্যয়ন, কিংবা অপর কোন শারীরিক বা মানসিক পরিশ্রম জন্য ধাতু-দৌর্ব্বল্য, মস্তিষ্কের হীনবলতা, স্মৃতিশক্তির অল্পতা, চক্ষুর জ্যোতিঃহ্রাস ও শিরঃপীড়া প্রভৃতি এবং শিশুদিগের উৎকাসির ইহা এক অব্যর্থ মহৌষধ। জরাজীর্ণ বৃদ্ধগণও শাস্ত্রোক্ত আমাদের মকরধ্বজ নিয়মিতরূপে ব্যবহার করিলে সবল ও কার্য্যক্ষম হইয়া থাকেন। আয়ুর্ব্বেদশাস্ত্রোক্ত মকরধ্বজের ন্যায় অদ্ভুতগুণসম্পন্ন সর্ব্বরোগের ঔষধ জগতের কোন চিকিৎসাশাস্ত্রে নাই। যে সকল ব্যক্তি শরীরকে বহুকাল নীরোগ রাখিতে ইচ্ছা করেন, তাঁহাদের মধ্যে মধ্যে "মকরধ্বজ" ব্যবহার করা অবশ্য কর্ত্তব্য।

আমাদের স্বর্ণঘটিত **মকরধ্বজ** বিশুদ্ধতা ও রোগনাশকতা শক্তির গুণে জগদ্বিখ্যাত। স্বাধীন নৃপতিবর্গ এবং দেশীয়—ধনী, মানী, রাজা প্রজা সকলেই ইহা একবাক্যে স্বীকার করিয়া থাকেন। ফলতঃ আমাদের মকরধ্বজের বিক্রয়াধিক্যই আমাদের উন্নতির একটী প্রধান কারণ। বালক, বৃদ্ধ ও গর্ভিণীদের ইহা বস্তুতই প্রাণরক্ষক।

সাতপুরিয়ার মূল্য ১৲ একটাকা। ভিঃ পিতে লইলে ১৶০ আনা।

এক ভরির মূল্য চব্বিশ টাকা। ডাকমাশুলাদি ছয় আনা।

এক ভরির মূল্য ৮০৲ টাকা। এক সপ্তাহের মূল্য ৩৲ টাকা

মধ্যমনারায়ণ তৈল

বায়ুরোগর শাস্ত্রীয় তৈল।

মধ্যমনারায়ণ তৈল সর্ব্বপ্রকার বায়ুরোগের উৎকৃষ্ট শাস্ত্রীয় মহৌষধ যাঁহারা একাঙ্গহীন হইয়াছেন, যে ব্যক্তি অর্দ্দিত, জিহ্বাস্তম্ভ, হনুস্তম্ভ প্রভৃতি উৎকট পীড়ায় আক্রান্ত, অথবা যাঁহারা উন্মাদ বা মূর্চ্ছা প্রভৃতি রোগগ্রস্ত, তাঁহাদের সকলের পক্ষে এই তৈল অমৃততুল্য। বন্ধ্যা রমণী এই তৈল ব্যবহারে সর্ব্বগুণসম্পন্ন বীরোপম পুত্ররত্ন লাভ করেন।

মূল্য একপোয়া ৩৲ তিন টাকা।

ডাকমাশুলাদি নয় আনা।

মহাশঙ্খ বটী।

ইহা অরুচি ও অগ্নিমান্দ্যের মহৌষধ। মন্দাগ্নিত্ব নিবন্ধন অম্লপিত্ত, অম্লশূল প্রভৃতি যে সমস্ত কষ্টসাধ্য রোগ জন্মে, তাহাও ইহা সেবনে নিবারিত হয়। শাস্ত্রে উক্ত আছে—

সদ্যোবহ্নিকরী চৈব ভস্মকঞ্চ নিযচ্ছতি।
ভুক্ত্বাকণ্ঠস্তু তস্যান্তে খাদেচ্চ গুড়িকামিমাম্।
তৎক্ষণাজ্জারয়ত্যাশু সর্ব্বাজীর্ণবিনাশিনী॥

এক সপ্তাহের মূল্য এক টাকা।

।৹ আনা মাশুলে অনেক সপ্তাহের ঔষধ যায়।

মালতী রসায়ন

বহুমূত্র ও মূত্রাতিসারের মহৌষধ।

ইহা ব্যবহারে সর্ব্বপ্রকার বহুমূত্র, মধুমেহ এবং মূত্রাতিসার ও তদুপসর্গ—হস্তপদাদির জ্বালা, অনিবার্য্য মূত্রবেগ, মুখশোষ, তৃষ্ণা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠকাঠিন্য, শারীরিক ও মানসিক দৌর্ব্বল্য, হৃৎস্পন্দন, সর্ব্বাঙ্গে পাণ্ডুতা, মুখমণ্ডলের মালিন্য, চক্ষুঃ কোটরপ্রবিষ্ট, হস্ত পদাদির শোথ এবং পুরুষত্বের হানি প্রভৃতি নিবারিত হইয়া শরীর বলিষ্ঠ এবং হৃষ্টপুষ্ট হয়।

বহুমূত্ররোগ কৃচ্ছ্রসাধ্য স্বীকার করি, কিন্তু মালতীরসায়নও এই রোগের উপযুক্ত ঔষধ। যেসকল বহুমূত্ররোগী বহুবিধ চিকিৎসায় আরোগ্য লাভ করিতে সমর্থ হন নাই, তাঁহাদিগকে আমরা আমাদের মালতী রসায়ন ব্যবহার করিবার জন্য অনুরোধ করি। **মালতী রসায়ন** ব্যবহারে শত শত চলচ্ছক্তিরহিত বহুমূত্ররোগী আরোগ্য লাভ করিয়া পরম সুখে নীরোগ শরীরে সংসারযাত্রা নির্ব্বাহ করিতেছেন।

দুই সপ্তাহ ব্যবহারোপযোগী দুই প্রকার ঔষধ এবং

অর্দ্ধপোয়া তৈলের মূল্য ৫৲ পাঁচ টাকা।

ডাকমাশুলাদি ।৷০ আট আনা। ভিঃ পিতে লইলে মোট পাঁচ টাকা আট আনা।

যোগরাজ তৈল।

আমবাতের মহৌষধ।

ইহা মর্দ্দনে সর্ব্বপ্রকার বেদনা—পৃষ্ঠ, পার্শ্ব, কটী প্রভৃতির বেদনা; আঘাতপ্রাপ্তি ও পতিত হওয়ার জন্য বেদনা, মোচড়ান জন্য বেদনা, খুটীনড়া এবং সর্ব্বপ্রকার ফিক্‌বেদনা সত্বর নিবারিত হয়।

যোগরাজ তৈল সর্ব্বপ্রকার নূতন ও পুরাতন বাতের সিদ্ধ ফলপ্রদ ঔষধ। ইহা ব্যবহারে গেঁটে বাত শীঘ্র নিবারিত হয়। দুরারোগ্য কৃচ্ছ্রসাধ্য [illegible]কার বাত ইহা ব্যবহারে উপসর্গের সহিত শীঘ্র প্রশমিত হইয়া থাকে।

[illegible] টাকা। ভিঃ পিতে লইলে ১।৵০ পাঁচ আনা

শিরঃশূলাদ্রি রসায়ন

সর্ব্বপ্রকার শিরোরোগের অব্যর্থ মহৌষধ।

শিরঃশূলের যে কি ভয়ানক যন্ত্রণা, যিনি দুর্ভাগ্যবশতঃ এই পীড়ায় ভুগিয়াছেন, তিনিই বিশেষরূপে অবগত আছেন। সামান্যরূপ মাথা ধরিলে শরীর যেরূপ অবসন্ন, মনঃ যেরূপ উদাস ও যন্ত্রণাময় হয়, তাহা দেখিলেই শিরঃশূলের ভয়ানক কষ্ট অনেকটা অনুমান করা যাইতে পারে। এই পীড়ার যন্ত্রণা হইতে অব্যাহতি পাইবার জন্য অনেকে কায়মনোবাক্য মৃত্যু কামনা করিয়া থাকেন, অনেকে এমন কি আত্মহত্যা পর্য্যন্ত করিতে উদ্যত হন। যাঁহারা এই যন্ত্রণাদায়ক শিরঃশূল পীড়ায় পীড়িত, তাঁহারা আমাদের **শিরঃশূলাদ্রি রসায়ন** ব্যবহার করিলে ক্রমে আরোগ্য লাভ করিবেন।

ইহা দ্বারা মাথাধরা, মাথাভার, মাথাকামড়ান, ঝন্‌ঝনানি, দপ্‌দপানি, গ্রীবা, ভ্রূ ও অক্ষিকূটে শূলানি, আধ্‌কপালে, শিরোরোগ এবং তদুপসর্গ—বমন, কর্ণে পূয, চক্ষে জলপড়া ও মন্যাগ্রহ (গ্রীবার শিরা টানিয়া ধরা) অনিদ্রা, মস্তকের ভার ও শূন্যতাবোধ, কোষ্ঠবদ্ধতা, মনের অস্থিরতা, অগ্নিমান্দ্য, পেটভার ও গাত্র বেদনা প্রভৃতি সমস্ত উপসর্গ ত্বরায় নিবারিত হইয়া থাকে। **শিরঃশূলাদ্রি রসায়ন** ব্যবহারের সঙ্গে সঙ্গেই পীড়ার উপশম উপলব্ধি হয়।

এক মাসের ব্যবহারের জন্য দুই কৌটা ঔষধ এবং দুই শিশি তৈলের মূল্য ৫৲ পাঁচ টাকা। ভিঃ পিতে লইলে মোট ৫৷৷০ টাকা।

সুপ্রসিদ্ধ ইঞ্জিনিয়ার পূজ্যপাদ [illegible]যুক্ত রায়সাহেব কালীকৃষ্ণ মুখোপাধ্যায় [illegible] লিখিয়াছেন—

[illegible]দের শিরঃশূলাদ্রি রসায়ন ব্যবহারে হইতে আমার পুত্রটি আরোগ্য লাভ [illegible] কলায়ার ঔষধ।

ময়মনসিংহ বনগ্রাম হইতে শ্রীযুক্ত বৈকুণ্ঠলাল রায় মহোদয় লিখিয়াছেন—

আপনার প্রেরিত শিরঃশূলাদ্রি রসায়ন ব্যবহারে আমার বিশেষ উপকার হইয়াছে।

শোণিতামৃত।

বাতরক্তের অব্যর্থ মহৌষধ।

বাতরক্ত বা রক্ত খারাপের পীড়া যে অতি ভয়াবহ রোগ, তাহা বলিবার আবশ্যক নাই। ইহা যে কুষ্ঠরোগের প্রসূতি, তাহা সকলেই জ্ঞাত আছেন। বাতরক্ত পীড়া জানিতে পারিবামাত্র তাহার চিকিৎসা করা নিতান্ত আবশ্যক; কারণ পীড়ার স্থায়িত্বে উহার গুরুত্ব বৃদ্ধি প্রাপ্ত হয়, এমন কি অধিক দিনের পীড়া হইলে প্রায়ই অসাধ্য হইয়া দাঁড়ায়। সেইজন্য পীড়া প্রকাশের পর ক্ষণকাল বিলম্ব না করিয়া রোগের চিকিৎসা করা কর্ত্তব্য।

মহৌষধ শোণিতামৃত সেবনে সর্ব্বপ্রকার বাতরক্ত অর্থাৎ রক্ত খারাপ রোগ ও তদুপসর্গ যথা—হস্তপদাদির অথবা সার্ব্বাঙ্গিক জ্বালা, শারীরিক ভারবোধ, অঙ্গের অবসাদ, সন্ধি সকলের শৈথিল্য, স্থানে স্থানে কৃষ্ণবর্ণ বা বিকৃত চিহ্ন, সূচীবেধবদ্বেদনা, আলস্য, অবসন্নতা, শ্রমক্লিষ্টতা, নাসিকা ও কর্ণের স্ফীততা, কোন কারণে শরীরের কোন স্থানে ক্ষত হইলে তাহাতে অত্যন্ত বেদনা ও শীঘ্র আরোগ্য না হওয়া এবং দেহের বিবর্ণতা প্রভৃতি নিবারিত হইয়া থাকে। ইহা অচিরোৎপন্ন এবং অল্পদোষজাত বাতরক্তে অসাধারণ উপকার করে।

আমাদের শোণিতামৃত সর্ব্বপ্রকার শোণিতদুষ্টিতে অমৃতের ন্যায় উপকার করিয়া থাকে।

এক মাসের ব্যবহারোপযোগী দুই প্রকার ঔষধ এবং দেড় পোয়া তৈলের মূল্য ৮৲ আট টাকা।

শ্বাসান্তক চূর্ণ।

যখন শ্বাস কাসের প্রবল যন্ত্রণায় প্রাণ বহির্গত হইতেছে বোধ হয়, যখন এই রোগের দারুণ কষ্টে জগৎ অন্ধকার এবং শ্বাসাবরোধ হইতেছে অনুমান হয়; যখন যাতনায় উন্মত্তপ্রায় হইয়া রোগী মুহুর্মুহুঃ মৃত্যুকে ডাকিতে থাকেন, সেই সময়েও এই মহৌষধের অল্পমাত্র ধূম গ্রহণ করিলে তৎকালের জন্য হাঁপানির টান বন্ধ হয়। পিঠ সাঁটিয়া ধরা, পেট-ফাঁপা, মূর্চ্ছিতভাব প্রভৃতি সকল প্রকার যন্ত্রণা ও ক্লেশ দূরীভূত হইয়া যায় এবং শরীর খোলসা ও মনঃ প্রফুল্ল হয়। এই উৎকট পীড়ার জন্য যাঁহারা এক কালে নিদ্রাসুখে বঞ্চিত হইয়াছেন, তাঁহারা ইহা ব্যবহারের পর গভীর নিদ্রাসুখ অনুভব করিতে পারেন। এই মহৌষধ প্রত্যেক শ্বাস (হাঁপানি) কাসরোগীর পূর্ব্বাহ্নে সংগ্রহ করিয়া রাখা উচিত।

এক শিশির মূল্য ১৲ এক টাকা।

ভিঃ পিতে লইলে ১।৵০ আনা।

শ্রীগোপাল তৈল।

এই তৈল বাত, পিত্ত ও কফোদ্ভূত অশেষবিধ রোগ নাশ করে এবং শুক্র, ওজঃ ও বল বৃদ্ধি করে। বিশেষতঃ ইহা ব্যবহারে বিবিধ বায়ুরোগ ও বিংশতি প্রকার প্রমেহ, মূত্রকৃচ্ছ্র, অপস্মার, উন্মাদ ও সর্ব্বপ্রকার শূল প্রভৃতি নানারোগ বিনষ্ট হইয়া শরীর হৃষ্টপুষ্ট ও বলিষ্ঠ হয়। ইহাতে স্ত্রীলোকদিগের গর্ভ সংস্থাপিত হয়, ইহার গুণ শাস্ত্রে বিস্তর বর্ণিত আছে।

এক পোয়ার মূল্য দশ টাকা।

সঞ্জীবন রসায়ন

ধাতুক্ষীণ, শুক্রতারল্য ও ধ্বজভঙ্গের মহৌষধ।

ধ্বজভঙ্গ পুরুষের যেরূপ মনঃপীড়াদায়ক ও লজ্জাজনক পীড়া, এরূপ রোগ আর দ্বিতীয় নাই। পুরুষত্ব বিহীন পুরুষের জীবন বিড়ম্বনাময়। তিনি কি দিবসে কি রাত্রিতে, কি শয়নে ও কার্য্যক্ষেত্রে, সকল সময়েই দুর্ব্বিষহ মনঃকষ্টে প্রপীড়িত। তাঁহার মনঃ সদাই উদাস, হৃদয় শূন্য, স্ত্রী পুত্র পরিবার বেষ্টিত এই স্বর্ণসংসার তাঁহার নিকট অসার ও অকিঞ্চিৎকর। পক্ষান্তরে ক্লীব ব্যক্তি শুরূপ হেয় যে তাঁহার মুখদর্শনকরিলেও পাপ হয় এবং শুভ যাত্রায় ব্যাঘাত ঘটে। এরূপ জঘন্য, ও ঘৃণার্হ পীড়া যাহাতে না হইতে পারে, তদ্বিষয়ে প্রত্যেক ব্যক্তিরই যে সর্ব্বতো ভাবে চেষ্টা করা উচিত তাহা বলা নিষ্প্রয়োজন। **সঞ্জীবন রসায়ন** ব্যবহারে ধাতুক্ষীণতা পীড়া নির্দ্দোষ ও সম্পূর্ণরূপে বিনষ্ট হয় এবং ধ্বজভঙ্গ হইবার আশঙ্কা নিঃসন্দেহরূপে তিরোহিত হইয়া থাকে। ইন্দ্রিয়ের সামর্থ্য ও পুরুষত্বের বৃদ্ধি হয়। অপিচ ইহা ধ্বজভঙ্গের মহৌষধ।

প্রথম যৌবন স্বভাবসুলভ দোষে অতিশয় ইন্দ্রিয়াসক্তি অথবা পুরাতন প্রমেহাদি রোগহেতু যে শুক্রতারল্য, দৌর্ব্বল্য, পুরুষত্বের হানি, ইচ্ছাকালে অনুদগম, সঙ্গম-সময়ে শীঘ্র শুক্রক্ষরণ অথবা স্ত্রীলোক দর্শন, স্পর্শন কিংবা স্মরণ মাত্রেই রেতঃপাত প্রভৃতি ব্যাধি—এই ঔষধ সেবনে অচিরে দূরীভূত হয়। ইহা দ্বারা ক্ষুধাবৃদ্ধি, সুনিদ্রা, পুরুষত্ব বৃদ্ধি এবং মস্তিষ্ক ও স্নায়ু সম্বর বলিষ্ঠ এবং পেশী সমস্ত সতেজ হয়। **ইহা ধাতুক্ষীণ ও ধ্বজভঙ্গের মহৌষধ।** ঔষধ সেবনের তিন চারি দিবসের মধ্যেই রোগী "সঞ্জীবন রসায়নের" প্রত্যক্ষ ফল অনুভব করিতে পারেন। রসায়ন ও বাজীকরণাধিকারে এই মহৌষধ "সঞ্জীবন রসায়নের" ন্যায় উৎকৃষ্ট ঔষধ অতি বিরল।

একমাস ব্যবহারোপযুক্ত একপ্রকার তৈল, একপ্রকার বটিকা ও এক প্রকার মোদকের মূল্য ৮৲ আট টাকা।

ডাকমাশুলাদি ।৶০ ছয় আনা। ভিঃ পিতে লইলে মোট

সুদর্শনচূর্ণ

দদ্রুরোগের ন্যায় অশান্তিপ্রদ ব্যাধি অতি অল্পই দেখা যায়। এই রোগ আক্রমণ করিলে লোকের লজ্জা-সরম থাকে না; অবিরত চুলকাইতে হয়, রস পড়ে, কাপড় নষ্ট হয়, মনের সর্ব্বদা অশান্তি ঘটায় এবং সুন্দর দেহও কুৎসিত দেখায়। আমাদের এই মহৌষধ ব্যবহারে সর্ব্বপ্রকার দদ্রু (দাদ্) দুই এক দিবসের মধ্যেই নিবারিত হইয়া থাকে, একবার প্রশমিত হইলে আর পুনরাক্রমণের আশঙ্কা থাকে না। ইহা ব্যবহারে কোন প্রকার দুর্গন্ধ ও জ্বালা যন্ত্রণা হয় না।

এক শিশির মূল্য ।০ চারি আনা। ডাকমাশুলাদি তিন আনা।

সোমাসব

মূর্চ্ছা (হিষ্টিরিয়া), অপস্মার (মৃগী) প্রভৃতি রোগের মহৌষধ।

এই মহৌষধ ব্যবহারে যাবতীয় উৎকট বায়ুবিকার যথা মূর্চ্ছা (হিষ্টিরিয়া), অপস্মার (মৃগী), যোষাপস্মার, অনিদ্রা, উন্মাদ ও চিত্ত-বিকার প্রভৃতি প্রশমিত হয়।

সোম সব মূর্চ্ছারোগের অব্যর্থ মহৌষধ। মূর্চ্ছার উপক্রমকালে এই খাওয়াইলে আর রোগাক্রমণের ভয় থাকে না।

যাঁহাদের আদৌ নিদ্রা হয় না, তাঁহাদের পক্ষে আমাদের "সোমাসব" উপকারী।

১৲ এক টাকা। ভিঃ পিঃতে লইলে মোট খরচ ১।৵০

সুরবল্লী কষায়ের উপকারিতা।

সুরবল্লী কষায় পারদের একমাত্র মহৌষধ।

পারদ ব্যবহার করিলে শরীর একেবারে নষ্ট হইয়া যায়। আমাদের সুরবল্লী কষায় ব্যবহার করিলে মল মূত্র ঘর্ম্মাদি দ্বারা শরীর-মধ্যস্থ পারদ শীঘ্র শীঘ্র বহির্গত হইয়া আসে। কয়েকদিন মাত্র সুরবল্লী কষায় ব্যবহার করিয়া প্রস্রাব ধরিয়া রাখিলে দেখিতে পাওয়া যাইবে যে নিম্নে সূক্ষ্ম সূক্ষ্ম পারদরেণু পড়িয়া রহিয়াছে। যাঁহাদের শরীরে পারদ আছে, তাঁহারা সুরবল্লী কষায় ব্যবহার করিলে নিজে নিশ্চয় চিরকালের জন্য নীরোগ ও কার্য্যক্ষম থাকিবেন, তদ্বিষয়ে সন্দেহ নাই।

সুরবল্লী কষায় উপদংশের একমাত্র ভরসাস্থল।

উপদংশ (গরমি) বিষ শরীরের অতি ভয়ঙ্কর শত্রু। আমরা অহঙ্কার পূর্ব্বক বলিতে পারি যে, সুরবল্লী কষায় উপদংশবিষ-নাশের জগতে অদ্বিতীয় সর্ব্বগুণসম্পন্ন ঔষধ। সুরবল্লী কষায় সেবনে উপদংশজনিত বাত ও অন্যান্য উপসর্গ প্রশমিত হইয়া থাকে। মাতৃদুগ্ধ যেরূপ শিশুর জীবন রক্ষার প্রধান উপায়, সুরবল্লী কষায়ও সেইরূপ গরমিরোগির রোগমুক্তির স্বাস্থ্য-সংস্থিতির সর্ব্বশ্রেষ্ঠ ঔষধ। সুরবল্লী কষায় অমৃততুল্য, ইহাতে কোন প্রকার দূষিত পদার্থ নাই।

সুরবল্লীকষায়ে ঘা ফোড়া চুল্‌কানি আরোগ্য হয়।

দূষিত রক্ত জন্যই ঘা, ফোড়া, চুলকানি প্রভৃতি ব্যাধি হইয়া থাকে। সুরবল্লী [illegible]য় কিছুদিবস ব্যবহার করিলে রক্ত সম্পূর্ণরূপে পরিষ্কৃত হয়। যে সকল ব্যক্তি ফোড়া, চুলকানি, দদ্রু ও অন্যান্য চর্ম্মরোগে কষ্ট পাইতেছেন, তাঁহারা সুরবল্লী ব্যবহার করুন, অতি শীঘ্র ঐ সকল পীড়া হইতে অব্যাহতি পাইবেন। [illegible] হয়। ইহাতে ক্ষুধাবৃদ্ধি ও কোষ্ঠশুদ্ধি হইয়া থাকে

সুরবল্লী কষায়ে বাতরক্ত আরোগ্য হয়।

বাতরক্ত পীড়া অতি ভয়ানক। ইহার নামে সকলেই শিহরিয়া উঠেন, কিন্তু আমাদের সুরবল্লী কষায় সেবনে লক্ষ লক্ষ বাতরক্তরোগী আরোগ্য হইয়া পরমসুখে সংসার যাত্রা নির্ব্বাহ করিতেছেন।

সুরবল্লী কষায় সর্ব্বোৎকৃষ্ট পুষ্টিকর রসায়ন।

যাঁহারা রুগ্ন, জীর্ণ ও দুর্ব্বল—কিছুতেই শরীর শোধরাইতে পারিতেছেন না এবং মোটা ও তাজা হইতেছেন না, তাঁহারা সুরবল্লী কষায় দিন কতক ব্যবহার করুন, শরীরে স্ফূর্ত্তি পাইবেন এবং শুক্লপক্ষীয় শশধরের ন্যায় দিন দিন হৃষ্টপুষ্ট ও কান্তিবিশিষ্ট হইবেন।

সুরবল্লী কষায় বাতের অমোঘ ব্রহ্মাস্ত্র।

ইহা ব্যবহারে নিতান্ত যন্ত্রণাদায়ক ও কৃচ্ছ্রসাধ্য বাত পীড়া শীঘ্র নির্দ্দোষরূপে প্রশমিত হয়।

সুরবল্লী কষায়ে বলবীর্য্য বর্দ্ধিত হয়।

ভগবান্ চরক কহিয়াছেন যে "বিশুদ্ধ শোণিত প্রাণিগণকে বল, বর্ণ ও সুখায়ুঃ সমন্বিত করে এবং প্রাণিগণের প্রাণ শোণিতের অনুগমন করিয়া থাকে"।

বিশুদ্ধ শোণিত ব্যতিরেকে শারীরিক বল সংরক্ষিত বা বর্দ্ধিত হওয়া অসম্ভব। শৌর্য্য, বীর্য্য, পুরুষকার প্রভৃতি গুণনিচয় শারীরিক বলের উপর বিশেষরূপে নির্ভর করে। উদ্যমশীলতা, অক্লিষ্টতা, উৎসাহ প্রভৃতি গুণাবলী জগতে যশস্বী হইবার একমাত্র উপায়। সেই সমস্ত সম্পূর্ণরূপে অব্যাহত রাখিতে হইলে অথবা সাংসারিক সুখভোগ সম্যক্‌রূপে উপভোগ করিতে হইলে, শারীরিক সামর্থ্যের অর্থাৎ বিশুদ্ধ শোণিতের সংরক্ষণ বড়ই আবশ্যক। ফলতঃ শরীরী মানবের বিশুদ্ধ শোণিত যেরূপ কল্যাণপ্রদ এরূপ আর কিছুই নাই। আমাদের সুরবল্লী কষায় ব্যবহারে শোণিতের সমস্ত অপবিত্রতা বিদূরিত হইয়া রুধির বিশুদ্ধ ও নির্ম্মল হইয়া থাকে। রক্তবৃদ্ধির ইহা অতি উৎকৃষ্ট ঔষধ।

সুরবল্লী কষায়ে বর্ণ সমুজ্জ্বল করে।

অমসৃণ ত্বক্ কেবলমাত্র কুরূপতার বৃদ্ধি করে না, গাত্রে দাগবিশিষ্ট ব্যক্তিকে সাধারণের নিকট বিশেষ লজ্জিত ও কুণ্ঠিত থাকিতে হয়। গায়ে বিকৃত থাকিলে গুরুজনের নিকট ও ভদ্রসমাজে যাতায়াত করা বিপজ্জনক

হয়। মনুষ্য-শরীরের শোণিত বিকৃতিপ্রাপ্ত হইলে শরীরের স্বাভাবিক বর্ণও বিকৃত হইয়া থাকে। দুষ্ট শোণিত উত্তমরূপে বিশোধিত হইলেই গাত্রের বিকৃতচিহ্ন বিদূরিত এবং বর্ণ স্বাভাবিক সুন্দর হইয়া থাকে। আমাদের সুরবল্লী কষায় সর্ব্বগুণসম্পন্ন রক্তপরিষ্কারক ও রসায়ন। ইহা দ্বারা পুরাতন অপরিষ্কৃত শোণিত বিশোধিত হয় এবং প্রত্যহ পরিশোধিত উৎকৃষ্ট নূতন শোণিত দেহে যথেষ্ট পরিমাণে উৎপন্ন হইয়া থাকে, তজ্জন্য সুরবল্লী কষায় কিছু দিবস ব্যবহারের পর বর্ণ সমুজ্জ্বল, ত্বক্ সুন্দররূপে মসৃণ এবং দেহ প্রভা ও কান্তি বিশিষ্ট হয়।

সুরবল্লী কষায় মানবের পরম বন্ধু।

জীর্ণদেহী চিন্তাক্লিষ্ট ও জীবন্মৃত রক্ত দুষ্ট মানব ইহা কিছুদিন সেবনের পর হইতেই শরীরে সামর্থ্য, দেহে বল, মনে উৎসাহ ও প্রাণে স্ফূর্ত্তি পাইয়া থাকেন এবং জীবনের ভোগ্য বিষয় পুনরায় আনন্দের সহিত উপভোগ করিতে সমর্থ হন। সুরবল্লী কষায় শরীর হইতে রোগের মূল পর্য্যন্ত উৎপাটিত করিয়া দেয়। যিনি **সুরবল্লী কষায়** ব্যবহার করিয়াছেন, তিনিই ইহার উপকারিতা দেখিয়া মুগ্ধ হইয়াছেন। ভারতবাসীর পক্ষে বিলাতী সালসা অপেক্ষা ইহা বিশেষ উপকারী ও উপযোগী।

সুরবল্লী কষায় সর্ব্বঋতুতে ব্যবহার করিতে পারেন।

এই সালসা এইরূপ রাসায়নিক সংযোগবিশেষে প্রস্তুত হইয়াছে যে, সকল সময় সকল অবস্থাতেই বালক, বৃদ্ধ, বনিতা—রোগী, অরোগ সকলেই নির্ব্বিঘ্নে ইহা সেবন করিতে পারেন। বাঁধা সালসা সেবনে গৃহে আবদ্ধ থাকা প্রভৃতি যেরূপ কষ্টকর নিয়ম প্রতিপালন করিতে হয়, ইহাতে সেরূপ করিতে হয় না। ইহা খাইতে সুস্বাদু এবং ইহার গন্ধও অতি উত্তম।

সুরবল্লী কষায় সর্ব্বজনবিদিত, রক্তপরিষ্কারক এবং উৎকৃষ্ট পুষ্টিবর্দ্ধক। ইহা বিশুদ্ধ সুরবল্লী অর্থাৎ সালসার সারভাগ হইতে প্রস্তুত। ইহাতে পারদ বা অন্য কোন দূষিত ধাতু নাই। ইহা দ্বারা শোণিত বিশোধিত, শরীর পুষ্ট, মনঃ উল্লসিত ও স্বাস্থ্য পুনঃস্থাপিত হয়।

মূল্য ১॥০ টাকা। ডাকমাশুলাদি।/০ আনা।

সুরবল্লী কষায় সম্বন্ধে

ডাক্তারগণের অভিমত—

কলিকাতার সুপ্রসিদ্ধ ইংরেজ ডাক্তার শ্রীযুক্ত আর, নিউজেণ্ট ফিজিসন, সার্জ্জন এবং একুসার মহোদয় লিখিয়াছেন—

সুপ্রসিদ্ধ চিকিৎসক শ্রীদেবেন্দ্রনাথ সেন ও শ্রীউপেন্দ্রনাথ সেন কবিরাজ কৃত সুরবল্লী কষায় দেহ হইতে উপদংশ ও পারদ বিষ বিদূরিত করিতে অব্যর্থ শক্তিসম্পন্ন।

বঙ্গের সুসন্তান দেশ প্রসিদ্ধ শ্রীযুক্ত ডাক্তার বি, কে, বসু M. D. I. M. S. মহোদয় লিখিয়াছেন—

আমি "সুরবল্লী কষায়ের" শোণিত শোধকতা গুণের বিষয় বিশেষরূপে অবগত হইয়াছি, সাধারণ স্বাস্থ্য রক্ষার ও পুষ্টির ইহা অত্যুৎকৃষ্ট মহৌষধ।

বিলাতে উপাধিপ্রাপ্ত সুপ্রসিদ্ধ ডাক্তার বহুমানাস্পদ শ্রীযুক্ত ডি, এন, চট্টোপাধ্যায় B. A. M. B. M. C. [এডিনবরা] মহোদয় লিখিয়াছেন—

"সুরবল্লী কষায়" রক্তপরিষ্কার করে এবং ইহা ব্যবহারে রোগীর শরীরে বলের সঞ্চার হইয়া থাকে। কোনও রোগের পর এই ঔষধ ব্যবহার করিলে শরীরে বিশেষ উপকার পাওয়া যায়।

বঙ্গের উজ্জ্বলতমরত্ন শ্রীযুক্ত কর্ণেল কে, পি, গুপ্ত M. A. M. D .P. H. D. L. M. S. স্যানিটারি কমিশনার—বেঙ্গল মহোদয় লিখিয়াছেন—

অতি দুরারোগ্য চর্ম্মরোগ ও শারীরিক বিকৃতচিহ্নে এবং পারাদোষে "সুরবল্লী কষায়" ব্যবহারে সন্তোষজনক ফল পাইয়াছি।

গৌহাটীর ভূতপূর্ব্ব সিবিল সার্জ্জন শ্রীযুক্ত ডাক্তার এলেকজাণ্ডার এ ফ্যারমি L. R. C. P. & S. মহোদয় বলেন

সর্ব্বপ্রকার রক্তদুষ্টি পীড়ায় "সুরবল্লী কষায়" ব্যবহারে সন্তোষজনক ফললাভ করা যায়।

শোণিত ও চর্ম্মরোগ সম্বন্ধে কলিকাতার প্রধান ইংরেজ ডাক্তার শ্রীযুক্ত জে, এ, ম্যাগিন M. D. L. M. C. L. S. B. M. E. মহোদয় বলেন—

"সুরবল্লী কষায়ের রক্তশোধকতা বিষয় যাহা বর্ণিত আছে তাহা সত্য তাহার সন্দেহ নাই।

সোম তৈল।

বায়ুরোগের মহৌষধ।

সোম তৈল যথানিয়মে ব্যবহার করিলে সর্ব্বপ্রকার উন্মাদ মূর্চ্ছা অপস্মার (মৃগী) চিত্তবিকার ও শিরোঘূর্ণন প্রভৃতি রোগ সকল অতি ত্বরায় নিবারিত হয়। ইহা শরীরের উত্তপ্ত শোণিত শীতল করিয়া শরীরের পোষণ ক্রিয়া বৃদ্ধি করাতে শরীর সবল ও পুষ্ট হইয়া উত্তরোত্তর পীড়া সকলের আশু প্রতিকার করিয়া থাকে। বিশেষতঃ বায়ুজন্য যে স্তম্ভিত ভাব, বাক্যরাহিত্য, অধিক বাক্যকথন, মনঃ হুহু করা, আত্মহত্যার ইচ্ছা প্রভৃতি ভয়ানক মনোবিকার, অত্যন্ত ক্রোধ, ভুল বকা বা হঠাৎ সক্রোধে চীৎকার, বুদ্ধিভ্রংশ, অনুচিত কথন, হাস্য, ভয় ও হস্তপদাদির কম্পন বা দাহ ইহা দ্বারা অচিরে দূরীভূত হয়।

যে সকল ব্যক্তির মনঃ অস্থির ও চঞ্চল, সাংসারিক কার্য্যে বা অপর কর্ত্তব্য কার্য্যে যাঁহাদের ইচ্ছা হয় না এবং যাঁহারা মনে সুখ পান না অথবা যাঁহাদের মনঃসন্নিবেশ করিবার ক্ষমতা কমিয়া গিয়াছে কিংবা সুনিদ্রার ব্যাঘাত ঘটিয়াছে, তাঁহাদের পক্ষে এই "সোম তৈল" অতি উৎকৃষ্ট। যে সকল ব্যক্তির ধাতু বায়ু প্রধান, তাঁহারা যথানিয়মে এই তৈল ব্যবহার করিলে সুন্দর ফল প্রাপ্ত হইয়া থাকেন।

এক পোয়ার মূল্য ৪৲ চারি টাকা।

ডাকমাশুলাদি ৷৵০ নয় আনা।

সোমনাথ রস।

মেহরোগাধিকারে "সোমনাথ রস" একটি প্রসিদ্ধ ঔষধ। ইহা সেবনে সর্ব্বপ্রকার মেহ ও মূত্রদোষ নিবারিত হয়। শাস্ত্রে উক্ত আছে—

"প্রমেহান্ বিংশতিং হন্তি বহুমূত্রঞ্চ সোমকম্।
মূত্রাতিসারমত্যুগ্রং মূত্রাঘাতং সুদারুণম্॥"

এক সপ্তাহ ঔষধের মূল্য ২৲ টাকা।

ডাকমাশুলাদি ৶০ তিন আনা।

সোমলতারিষ্ট

স্নায়বিক দুর্ব্বলতা নিবারক ও

স্মরণশক্তি বৃদ্ধিকারক অদ্বিতীয় মহৌষধ।

এই পরম কল্যাণকর সোমলতারিষ্ট যথাবিধি সেবন ক'রলে শরীরে নূতন রক্তকণিকা সকল উৎপন্ন হয় এবং শরীরের স্নায়ুশক্তি উদ্রিক্ত হইয়া দুর্ব্বল শারীর যন্ত্র সকলকে সবল করে। ইহাতে দেহের পুষ্টি, শুক্রের বৃদ্ধি, স্বপ্নদোষের নাশ, মনের প্রফুল্লতা, উৎসাহের বৃদ্ধি, মস্তিষ্কের বলোপচয়, চক্ষুর জ্যোতিঃ ও স্মরণশক্তির বৃদ্ধি হয়।

অল্পমেধাসম্পন্ন বালকবালিকা ও অধিক অধ্যয়নশীল ছাত্রগণ ইহা দ্বারা অচিরে মেধাবী ও তীক্ষ্ণবুদ্ধিসম্পন্ন হইয়া থাকেন। মস্তিষ্কের বল-বৃদ্ধি করিতে হইলে **সোমলতারিষ্ট** ব্যবহার করা অবশ্যকর্ত্তব্য; অপিচ মেধাশক্তির বৃদ্ধিকরণে ইহার ন্যায় দ্বিতীয় ঔষধ আর জগতে দৃষ্টিগোচর হয় না। জীর্ণ ও জটিল রোগাক্রান্ত ব্যক্তিরা ইহা কিছুকাল সেবনে দিন দিন কান্তি ও পুষ্টিসম্পন্ন হয়েন। ইহা [illegible] রোগের মহৌষধ।

যে সকল ব্যক্তি আপনাকে সদাই ক্লিষ্ট ও অবসাদযুক্ত মনে করেন এবং যে সকল ব্যক্তির কোন প্রকার কার্য্য করিতে কিছুতেই ইচ্ছা হয় না, যে সকল ব্যক্তি মনে কিছুতেই সুখ ও স্ফূর্ত্তি পান না, আমাদের সোমলতারিষ্ট তাঁহাদের অবশ্য ব্যবহার করা উচিত।

"সোমলতারিষ্ট" [illegible] প্রফুল্লতা শতগুণে বৃদ্ধি করে [illegible] মনের বিষণ্ণতা এবং শারীরিক রোগ-প্রবণতা বিদূরিত করে। **সোমলতারিষ্ট** এই সকলের অমোঘ ঔষধ।

এক শিশির মূল্য ২৲ দুই টাকা। ডাকমাশুলাদি ।৵০ নয় আনা

দুই শিশির মূল্য ৪৲ চারি টাকা। ডাকমাশুলাদি ।৶০ [illegible] আনা।

তিন শিশির মূল্য ৫৲ পাঁচ টাকা। ডাকমাশুলাদি ১৲ এক টাকা

ছয় শিশির মূল্য ১০৲ টাকা। ডাকমাশুল [illegible]

হিমাংশু বটিকা

সর্ব্বপ্রকার মেহরোগের অব্যর্থ মহৌষধ।

আমাদের হিমাংশুবটিকার ন্যায় সর্ব্বপ্রকার মেহরোগের সুন্দর ঔষধ এ জগতে আর নাই! এই ঔষধ ব্যবহার করিয়া কাহাকেও বিফলমনোরথ হইতে হয় না, যাঁহারা শত শত ঔষধ ব্যবহারে মেহপীড়া হইতে আরোগ্য লাভ করিতে পারেন নাই, তাঁহারা এই অব্যর্থ ফলপ্রদ মহৌষধ "হিমাংশুবটিকা" ব্যবহার করুন মেহপীড়া হইতে নিশ্চয় আরোগ্য লাভ করিবেন—প্রত্যহ শত শত হতাশ মেহরোগী হিমাংশুবটিকার অমোঘফলদাতৃত্বগুণে নিরাময় হইয়া পরমসুখে সংসারযাত্রা নির্ব্বাহ করিতেছেন।

আমাদের হিমাংশু বটিকা—প্রমেহ পীড়ার অতি আশ্চর্য্য ফলপ্রদ ঔষধ। মাসকালোৎপন্ন মেহপীড়ায় হিমাংশুবটিকার ফল অব্যর্থ, নূতন মেহপীড়াও ইহা ব্যবহারে শীঘ্র নিবারিত হইয়া থাকে।

এই "হিমাংশু বটিকা" ব্যবহার করিলে সকল প্রকার নূতন ও পুরাতন প্রমেহ, মূত্রনালির ক্ষত প্রভৃতি ত্বরায় [illegible]িত হয় এবং প্রস্রাবের জ্বালা, মূত্রবেগ, [illegible]দাহ, কাপা[illegible] [illegible]লাগা, হস্তপদের দাহ, জ্বর, অনিদ্রা, চক্ষুর জ্যোতির্হীনতা, [illegible]কঘূর্ণন, [illegible] [illegible], [illegible]র অবসাদ এবং মস্তিষ্কের দৌর্ব্বল্য ও শূন্যতা প্রভৃতি [illegible] [illegible] উপদ্রব আশু বিদূরিত হইয়া শরীর সবল ও মনঃ স্ফূর্ত্তিযুক্ত হইয়া থাকে।

[illegible] [illegible] [illegible] শীঘ্র পীড়ার উপশম হয় যে, ফল দর্শনে রোগী সমধিক আ[illegible] হইয়া থাকেন। সর্ব্বপ্রকার মেহরোগ হইতে নিষ্কৃতি পাইতে হইলে [illegible] [illegible] করিয়া হিমাংশু বটিকা ব্যবহার করুন। রোগ শীঘ্র [illegible] [illegible]! [illegible]ার নিষ্ঠুর [illegible] হইতে অব্যাহতি পাইবেন, সাংসারিক [illegible] করিতে সমর্থ হইবেন এবং শরীরও হৃষ্টপুষ্ট হইবে।

এক কৌটার মূল্য ১॥০ দেড় টাকা।

[illegible] মাশুলাদি ৵০ তিন আনা।

হুতাশন বটী

অগ্নির দুষ্টিই উদরাময় রোগের প্রধান কারণ; সেই অগ্নিদুষ্টি হইতে বায়ু, পিত্ত ও কফের প্রকোপ জন্মে এবং সেই বাতাদির প্রকোপেই আমাশয় পক্বাশয় মলাশয় ও গ্রহণী প্রভৃতি সমস্ত কোষ্ঠযন্ত্র [illegible] থাকে। সুতরাং উদরাময় রোগে আহার পরিপাক পায় না এবং আহারের অপরিপাক হেতু, অপিচ আমাশয় পক্বাশয়াদি বিশেষ বিশেষ কোষ্ঠযন্ত্রের বিকৃতি নিবন্ধনই উদরাময় রোগের নানা মূর্ত্তিভেদ হয়।

আমরা উদরাময়ের সন্নিকৃষ্ট কারণ, বিপ্রকৃষ্ট কারণ ও অধিষ্ঠান প্রভৃতির প্রতি বিশেষ দৃষ্টি রাখিয়া হেতুব্যাধি প্রশমক এমন কতকগুলি উপাদানে এই "হুতাশন বটী" নামক মহৌষধের আবিষ্কার করিয়াছি যে, ইহা দ্বারা অগ্নির দীপ্তি, বাতাদি দোষের প্রশমন ও কোষ্ঠযন্ত্রের বিশুদ্ধি হইবে, ভুক্তদ্রব্য সম্যক্ পরিপাক পা[illegible] এবং উপরি উক্ত যে কোন প্রকার উদরাময় উপস্থিত হউক না কেন, নিশ্চয়ই তাহার শান্তি হইবে। অপিচ যাহাদের দিবারাত্রে অধিক বাহ্যে হয়, [illegible] না, হুতাশন বটী তাঁহাদের একমাত্র মহৌষধ। ইহা দ্বারা দিন দি[illegible] বাঁধা হইতে থাকিবে এবং কোষ্ঠের সমস্ত গ্লানি দূরীভূত হইবে। এই [illegible] হুতাশন বটী সেবনে ক্রমে ক্রমে ক্ষু[illegible] ও পরিপাক-শক্তি [illegible] বাড়িবে যে, আকণ্ঠ ভোজন করিলেও তাহা [illegible] হইয়া যাইবে, [illegible] সিত পক্ষীয় শশধরের ন্যায় দিন দি[illegible]পুষ্ট ও লাবণ্যবিশিষ্ট হইবেন।

এক কৌটার মূল্য ১৲ এক টাকা। [illegible] কৌটা ২৸০ [illegible]

অস্মৎ প্রণীত নিম্নলিখিত পুস্তকাবলী।

চরক-সংহিতা।

[illegible] গৌরবে আমাদের আয়ুর্ব্বেদীয় চিকিৎসার এত গৌরব দেখিয়া এবং ইহার বিশুদ্ধ সংস্করণ নিতান্ত আবশ্যক হওয়ায়, আমরা চরক-সংহিতা মুদ্রিত করিয়াছি এবং ইহাতে একটী সুবিস্তৃত সূচীপত্র দিয়াছি। এই সূচীর সাহায্যে সকলেই সহজে চরকের মর্ম্ম অবগত হইবেন। দেবনাগর অক্ষরে মুদ্রিত।

মূল্য ৫৲ পাঁচ টাকা। ডাকমাশুল ॥৵০।

চরকের বঙ্গানুবাদ।

যাহারা ভালরূপ সংস্কৃত জানেন না, তাঁহাদের নিকট দুর্ব্বোধ চরক-সংহিতা অতি সুখবোধ্য ও মনোহর বলিয়া প্রতীতি হইবে। ইহা বাঙ্গলা অক্ষরে মুদ্রিত।

মূল্য ৫৲ পাঁচ টাকা। ডাকমাশুল ॥৵০ আনা।

আয়ুর্ব্বেদ প্রদীপ।

[illegible] তে পারেন, সেই উদ্দেশ্যে নূতন ধরণে

আনা। [illegible] শুল ৶০ তিন আনা।

সুশ্রুত-সংহিতা।

নির্ভুল ও অনায়াসবোধ্য সুশ্রুত-সংহিতা পাওয়া যাইত না বলিয়া বুধমণ্ডলী নানারূপ প্রকাশ করিতেন। [illegible] অনুরোধে আমরা বহু অর্থব্যয় করিয়া [illegible] মূল্যে গ্রহ [illegible] করিলাম। [illegible] কাগজ ও মুদ্রাঙ্কণ উৎকৃষ্ট।

মূল্য ৩৲ তিন টাকা। ডাকমাশুল ।৵০ আনা।

[illegible] একত্রে পাঁচ টাকা।

সুশ্রুতের বঙ্গানুবাদ।

সুশ্রুতের সরল ও হৃদয়গ্রাহী অনুবাদ প্রকাশিত হইল। ইহা পাঠ করিলে জ্ঞানী মহোদয়গণও বিশেষ আনন্দিত হইবেন; ইহা সুশ্রুতের বঙ্গভাষায় অনুবাদ ও টীকা।

মূল্য ৫৲ টাকা। ডাকমাশুল ।৵৹ আনা।

শার্ঙ্গধর।

ইহা একখানি অতি প্রাচীন আয়ুর্ব্বেদীয় শাস্ত্র গ্রন্থ; ইহা তিন খণ্ডে বিভক্ত। ইহাতে নিদান এবং চিকিৎসাদি নানা জ্ঞাতব্য বিষয় মূল শ্লোক ও প্রাঞ্জল অনুবাদ সহ প্রকাশিত হইয়াছে।

মূল্য ১৷৹ টাকা। ডাকমাশুল ৵৹ আনা।

রসেন্দ্রসার-সংগ্রহ।

প্রসিদ্ধ প্রাচীন আয়ুর্ব্বেদ চিকিৎসাগ্রন্থ, মূল টীকা ও বঙ্গানুবাদ সহ মূল্য ২৲ ডাকমাশুল ৵৹ আনা।

আয়ুর্ব্বেদ-সংগ্রহ।

এতাদৃশ বৃহৎ ও উৎকৃষ্ট আয়ুর্ব্বেদীয় চিকিৎসা গ্রন্থ এতাবৎকাল প্রকাশিত [illegible] নাই। ইহাতে প্রত্যেক অধিকারের নিদানভেদে চি[illegible] [illegible] [illegible] আছে। ৪র্থ সংস্করণ ১৬০০ পৃষ্ঠায় সমাপ্ত।

মূল্য ৬৷৹ টাকা। [illegible] ৵৹ আনা

চক্রদত্ত। (সটীক [illegible]নুবাদ)

যতপ্রকার আয়ুর্ব্বেদীয় সংগ্রহ [illegible]গ্রন্থ আছে, চক্রদত্ত [illegible] শ্রেষ্ঠ গ্রন্থ। মূল, টীকা ও অনুবা[illegible] মূল্য ৩৲ টাকা। ডাকমাশুল [illegible] আনা।

ভাবপ্র[illegible]।

উৎকৃষ্ট সংগ্রহ চিকিৎসা গ্রন্থ। [illegible] ও [illegible] সহ [illegible]মুদ্রিত হইয়াছে। মূল্য ৪৷৹ টাকা, ডা[illegible] আনা।

পাচন-সংগ্রহ।

ইহাতে রোগের লক্ষণ এবং বায়ু পিত্ত কফ ভেদে প্রত্যেক রোগের পাচন, মুষ্টিযোগ, ঔষধ, তৈল, ঘৃত, চূর্ণ ও মোদক সমস্তই দেওয়া হইয়াছে এবং কি অনুপানে ঔষধ ব্যবহার করিতে হইবে তাহারও উল্লেখ করা হইয়াছে। ইহা ক্রয় করিলে মূল্যের অন্ততঃ সহস্রগুণ ফল পাওয়া যায়।

মূল্য ৷৷৹ আট আনা। মাশুল ৶৹ তিন আনা।

সটীক সানুবাদ—

মাধবনিদান।

আয়ুর্ব্বেদ পাঠার্থীদের ইহাই সর্ব্বপ্রধান পাঠ্য পুস্তক। এরূপ সর্ব্বাঙ্গসুন্দর পুস্তক আর নাই। মূল্য ১৷৷৹ দেড় টাকা। ডাকমাশুলাদি ৶৹ তিন আনা।

নিদানের বঙ্গানুবাদের মূল্য ৷৷৹ আট আনা।

দ্রব্যগুণ।

এই পুস্তকে চিকিৎসা কার্য্যে ব্যবহার্য্য ও আহারীয় সমস্ত দ্রব্যের গুণ এবং তাহাদের পর্য্যায়াদি সবিস্তর লিখিত হইয়াছে। ৬০০ পৃষ্ঠায় সম্পূর্ণ।

মূল্য ৷৷৷৹ বার আনা। ডাঃ মাঃ ৷৶৹ সাত আনা।

নাড়ীবিজ্ঞান ও নাড়ীপ্রকাশ।

ম [illegible] এই [illegible] নাড়ী দেখিবার ও শিখিবার অত্যুৎকৃষ্ট উপা[illegible]

মূল্য [illegible] সহ ৷৶৹ আনা।

শ্রী[illegible] সেন কবিরাজ

ও

শ্রী[illegible]নাথ সেন কবিরাজ।

[illegible] ঔষধালয়।

২[illegible] কলিকাতা।